1955 (Fed)

CA-11

ID-529N12_CA-11

0937
P.926



প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

Pradip Sarbadhikari
Apr

732 N

PRESIDENCY COLLEGE
MAGAZINE
Vol. 36
1955

১৩৬১

সূচীপত্র

702N
1

বিষয়			পৃষ্ঠা
পত্রিকা-প্রসঙ্গ	...	...	১
কলেজ প্রসঙ্গ	...	...	৩
কবিতাগুচ্ছ			
নীলকান্না	...	...	৬
নানারঙের দিনগুলি	...	...	৭
কোরিয়ার মৃত্যুভীত বন্দীদের ছবি দেখে	...	...	৯
শার্ল বোদ্‌লেয়্যর অবলম্বনে	...	...	৯
একটি মেয়েকে জানি	...	...	১০
আমাদের নদীটিকে	...	...	১১
মাটি আর মানুষ	...	...	১২
তুমি, আমি, পৃথিবী	...	...	১৩
লটারি টিকিট (গল্প)	...	...	১৪
জীবনানন্দ ও বনলতা সেন	...	...	১৭
বিজ্ঞান ও বিশ্বজগৎ	...	...	২৩
কাব্য ও দর্শনের উপযোগিতা	...	...	৩০
কেইন্‌সীয় অর্থনীতি প্রসঙ্গে	...	...	৩৭
'ভারতবর্ষের ইতিহাসের ধারা' ও রবীন্দ্রনাথের ঐতিহাসিক দৃষ্টি		...	৪৩
উচ্চাঙ্গ সঙ্গীত না আধুনিক গান ?	...	...	৪৭
আমাদের কথা	...	...	৫১
Editorial	...	...	1
The Myth of the Welfare State	...	...	9
The English Revolution	...	...	15
The Quill and the Flute	...	...	20
Hamlet and Ophelia	...	...	26
Peaceful Co-existence	...	...	27
The Crisis of Britain and the British Empire		...	32
Electoral Procedure in our College	...	...	37
Sleep	...	...	42
Oscar Wilde and his Stories	...	...	45
The Valley of Paradise	...	...	48
The Meaning of the Middle Ages	...	...	54
Dr. Jogishchandra Sinha	...	...	62
The Alumni Association	...	...	67

এই সংখ্যার সম্পাদনী সভা

অধ্যাপক শ্রীসুনীতকুমার ইন্দ্র (সভাপতি)
" শ্রীদেবীপদ ভট্টাচার্য
" শ্রীঅমল ভট্টাচার্য
" শ্রীহীরেন গঙ্গোপাধ্যায়
শ্রীসুখময় চক্রবর্তী (সম্পাদক)
শ্রীপ্রদীপরঞ্জন সর্বাধিকারী (কর্মসচিব)

ডাঃ যোগীশচন্দ্র সিংহ

জন্ম : ২রা মে, ১৮৯৩।

মৃত্যু : ১০ই মে, ১৯৫৪।

093.7
708

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

ফাল্গুন, ১৩৬১ :: ষষ্ঠত্রিংশ বর্ষ :: ফেব্রুয়ারী, ১৯৫৫

পত্রিকা প্রসঙ্গ

উত্তরত্রিশ আত্মসমীক্ষণের পক্ষে বোধহয় উপযুক্ততম সময়। তখন দীর্ঘ ত্রিশ বছরের পটভূমিতে চারিত্রিক বৈশিষ্ট্য স্পষ্ট ও বোধগ্রাহ্য রূপ পেয়েছে; আর তাই তা'কে ভিত্তি করে এবং প্রয়োজনমত তা'কে বর্ধিত, মার্জিত, এমন কি বর্জনের পরিকল্পনা নিয়ে ভবিষ্যতের পথ নিরূপণ করাও অপেক্ষাকৃত সহজসাধ্য হয়ে উঠেছে। অতীতবিশ্লেষণের সমস্ত সুফলটুকু পাওয়ার সময় এই উত্তরত্রিশ,—ইতিহাসের গুরুত্বটুকু রয়েছে যদিও অতীতের ভূত ভবিষ্যতের সম্ভাবনাকে তখনও নষ্ট করে দেয়নি। অতএব এইপত্রিকার ছত্রিশ বৎসর পূর্তি উপলক্ষ্যে অতীত ইতিহাসের খানিকটা পর্যালোচনা নেহাৎ অবান্তর বলে মনে হয় না।

পত্রিকা যখন প্রথম প্রকাশিত হয় তখন তদানীন্তন অধ্যক্ষ হেন্‌রি জেমস্ এই কলেজীয় পত্রিকার তিনটি বাঞ্ছনীয় গুণের উল্লেখ করেছিলেন। প্রথমতঃ প্রেসিডেন্সি কলেজের পত্রিকা প্রেসিডেন্সিয় কলেজ-জীবনের একটি ধারাবিবরণী রক্ষা করবে এবং এইভাবে প্রেসিডেন্সি কলেজের প্রতি তার কর্তব্য সম্পাদন করবে। দ্বিতীয়তঃ এটি সমসাময়িক সমস্ত ছাত্রজীবনকে প্রতিফলিত করবে এবং এইভাবে একটি কলেজীয় পত্রিকা হিসাবে তার বৃহত্তর দায়িত্ব পালন করবে। তৃতীয়তঃ এই পত্রিকা ভাষার মাধ্যমে বুদ্ধি ও বোধির স্ফুরণ ও সঞ্জীবনে সহায়তা করবে। এই তিনটি গুণ যদি কোন কলেজ পত্রিকার থাকে তাহ'লে সেটি অনিন্দিত না হোক বহুলাংশেই নন্দিত হবে এরকম আশা করা যেতে পারে।

প্রেসিডেন্সি কলেজ পত্রিকার পুরানো সংখ্যা পাঠান্তে কতকগুলো কথা সুস্পষ্ট হয়ে উঠে। প্রথমতঃ 'কলেজ সংবাদ' বিভাগের সংবাদ পরিবেশনের মাধ্যমে এখানকার কলেজ-জীবনের যে ধারাবিবরণী এতদিন রাখা হয়েছে তার বিরুদ্ধে অপর্যাপ্ততার দোষারোপ ঘটবার বিশেষ কারণ নেই। প্রেসিডেন্সি কলেজ পত্রিকা তার কলেজের প্রতি কর্তব্যে অবহেলা করেছে এরকম কথা বলা চলে না। দ্বিতীয়তঃ পত্রিকায় প্রকাশিত রচনার মান উঁচু এবং যে কোন পত্রিকার

গর্বের বস্তু ;.প্রবন্ধগুলো সর্বদা যদি বিশিষ্ট না-ও হয় সারগর্ভ নিঃসন্দেহে। কবিতায় সাধারণভাবে ভাবালুতার থেকে ভাবের প্রাধান্য লক্ষ্যণীয়, রস- ও রম্য-রচনায় অনাস্বাদিত রসের পরিবেশন যদি না-ও থাকে, স্বচ্ছতা ও গতির প্রসাদগুণে তারা সুখপাঠ্য। গল্পের বিভাগ অবশ্য তুলনায় দুর্বল কিন্তু নিন্দনীয় নয়। পত্রিকাটির রূপ প্রধানতঃ গুরু ও গম্ভীর কারণ বৃহদায়তন প্রবন্ধগুলো অধিকাংশ স্থান জুড়ে থাকে এবং এ পত্রিকায় পরিবেশিত তরল রসে অলস বিশ্রামের ভঙ্গীই থাকে, চটুলতার কলঙ্কস্পর্শ ধরে না। সুতরাং এই পত্রিকা তরুণ মনীষার সুস্থ স্বপ্রকাশের সহায়ক ছিল ও থাকবে এরকম মনে করা যেতে পারে। তৃতীয় যে বৈশিষ্ট্য এই পত্রিকা সম্বন্ধে চোখে পড়ে তা' এর দ্বৈপায়ন মনোবৃত্তি। এ কথার অর্থ এই নয় যে পারিপার্শ্বিক সম্বন্ধে একটা অন্তর্নিহিত ঔদ্ধত্যের ভাব একে আচ্ছন্ন করে রেখেছে—এর সুন্দর স্বকীয়তা এবং উচ্চ মান প্রেসিডেন্সির ছাত্রজীবনের এমনই মজ্জাগত যে এ নিয়ে সদাব্যস্ত ও সচকিত থাকার কোন প্রশ্নই ওঠে না। কথাটা হচ্ছে যে প্রেসিডেন্সির মেধা ও মন অনেক সময় এমনই একান্তভাবে 'academic questions'এ নিবদ্ধ হয়ে থাকে যে, বাইরের পৃথিবীর সংঘাতসংকুল জীবনের কোন সুস্পষ্ট ছাপ এর মধ্যে পড়ে না। একথা আশা করা আমাদের অন্যায় নয় যে প্রেসিডেন্সি কলেজ ছাড়াও বৃহত্তর ছাত্রসমাজের সঙ্গে আমাদের পরিচিতি ঘটবে এই পত্রিকার মাধ্যমে। শুধু ছাত্রসমাজ কেন, যে বৃহত্তর সমাজের ছোট ভগ্নাংশ এই ছাত্রসম্প্রদায়—তার সমস্যা, তার পথসন্ধানের কথাও থাকবে এর মধ্যে।

এ শুধু বৈচিত্র্য সম্পাদনের কথা নয়, শুধুমাত্র কৌতূহলের বশবর্তী হয়ে আলোচনার পরিধি বিস্তৃতির প্রশ্ন নয়, এমন কি সম্পূর্ণের কাছে অংশমাত্রের ঋণস্বীকৃতিও নয়—এ ফুল ও ফলের জন্যে মাটির বুক থেকে গাছের রস আহরণের প্রশ্ন।

আমরা যে কথা বলছি সে কথা ইতিপূর্বে বহুজন বহুভাবে বলে গিয়েছেন। তবুও একথা আরেকবার মনে করছি এইজন্যে যে আত্মসমীক্ষণে ও অতীতবিশ্লেষণে এই বিচ্ছিন্নতা ও সীমিত উপলব্ধি একটা প্রধান ত্রুটি বলে চোখে পড়েছে। উত্তরত্রিশে আত্মসমালোচনার প্রথম সুফলটি পাওয়া গিয়েছে—দ্বিতীয়টিকে অর্জন করে নিতে হবে; এ ত্রুটি সংশোধন করে নিতে হবে।

পরিশেষে, একটা কথা বিশেষভাবে মনে রাখা উচিত। এ পত্রিকা আমাদের এবং নিতান্তই আমাদের—আমরাই যন্ত্রী, এ নিতান্তই যন্ত্র মাত্র। আমাদের লেখায় আমরা যদি আমাদের সমস্ত ঘাত-প্রতিঘাত, প্রাপ্তি ও সন্ধান নিয়ে ফুটে না উঠি সে অক্ষমতা আমাদেরই। সুতরাং ত্রুটি নিরূপণের পর ত্রুটি সংশোধনের দায়িত্ব নিতান্তই আমাদের। আমাদের সচেতন চেষ্টা ছাড়া ত্রুটি সংশোধনের পরিকল্পনা শুধুই আকাশকুসুম।

কলেজ প্রসঙ্গ

কলেজে পরিবর্তন

অন্যান্য বৎসরের মত এবৎসরেও কলেজের অধ্যাপকমণ্ডলীর মধ্যে যথারীতি পরিবর্তন ঘটেছে। সরকারী চাকুরীর বাঁধা নিয়মানুযায়ী স্থান পরিবর্তন, অবসর গ্রহণ কিংবা প্রবাসযাত্রা—মূলতঃ এইসব কারণে আমাদের অধ্যাপকদের কেউ কেউ এই কলেজ থেকে বিদায় নিয়েছেন।

বাংলা বিভাগের অধ্যাপকপ্রধান ডাঃ মনোমোহন ঘোষ অবসরগ্রহণ করায় তাঁর স্থান পূর্ণ করেছেন এ কলেজেরই অধ্যাপক শ্রীজনার্দন চক্রবর্তী। হুগলী মহসীন কলেজের বাংলার অধ্যাপক শ্রীশশাঙ্কশেখর বাগ্‌চী সম্প্রতি আমাদের কলেজে যোগদান করেছেন। এ বিভাগেরই অধ্যাপক শ্রীক্ষুদিরাম দাস সম্প্রতি কুচবিহার কলেজের বাংলার অধ্যাপক হিসাবে স্থানান্তরিত হয়েছেন।

ইতিহাস বিভাগের অধ্যাপক চণ্ডিকাপ্রসাদ বন্দ্যোপাধ্যায় সেণ্ট্রাল ক্যালকাটা কলেজে স্থানান্তরিত হওয়ায় তাঁর স্থানে ডাঃ অমলেশ ত্রিপাঠী কার্যে যোগদান করেছেন।

গণিত বিভাগের অধ্যাপক হিসাবে শ্রীবীরেন্দ্রনাথ বসু কাজে যোগ দিয়েছেন। শ্রীযুক্ত বসু এবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডি. ফিল্ উপাধি লাভ করেছেন। গবেষণায় সাফল্য অর্জন করায় আমরা তাঁকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। দার্জিলিঙ্ সরকারী কলেজের অধ্যাপক শ্রীপ্রভাকর সেন সম্প্রতি প্রেসিডেন্সি কলেজের অর্থনীতির সহকারী অধ্যাপক হিসাবে স্থানান্তরিত হয়ে এসেছেন।

রসায়ন বিভাগের অধ্যাপক শ্রীশিশিরকুমার সিংহ ফুলব্রাইট বৃত্তিলাভ করে উচ্চতর গবেষণার জন্য মার্কিণ যুক্তরাষ্ট্রে গিয়েছেন। আমরা আশা করছি তাঁর গবেষণামূলক কার্যাবলীতে আমাদের কলেজের রসায়ন বিভাগের মর্যাদা বর্ধিত হবে। এই বিভাগের অধ্যাপক শ্রীসুবাসকুমার ঘোষ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডি. ফিল্ উপাধি লাভ করেছেন। আমরা তাঁকে অভিনন্দিত করছি। রসায়ন বিভাগের অধ্যাপক শ্রীদয়ানন্দ ভাদুড়ী কৃষ্ণনগর কলেজে স্থানান্তরিত হয়েছেন। তাঁর স্থানে এসেছেন হুগলী মহসীন কলেজের শ্রীপ্রফুল্লকুমার দত্ত। এই বিভাগের কর্মী শ্রীদেবীপ্রসাদ চক্রবর্তী পদত্যাগ করেছেন ও শ্রীশিশিরচন্দ্র রক্ষিত নতুন কর্মী হিসাবে যোগ দিয়েছেন। উদ্ভিদ্ বিজ্ঞান বিভাগের শ্রীশ্যামাশংকর ভট্টাচার্য কলোন বিশ্ববিদ্যালয়ের পি-এইচ-ডি উপাধি পেয়েছেন।

শারীরবৃত্ত বিভাগের শ্রীহরিপদ চট্টোপাধ্যায় কাজে যোগ দিয়েছেন

এ বৎসরের বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে পদার্থবিদ্যাবিভাগের শ্রীসরোজবন্ধু সান্যাল, রসায়ন বিভাগের শ্রীশিশিরচন্দ্র রক্ষিত ও শারীরবৃত্ত বিভাগ থেকে শ্রীহরিপদ চট্টোপাধ্যায় ও শ্রীঅচিন্ত্যকুমার মুখোপাধ্যায় ডি. ফিল উপাধি লাভ করেছেন।

এঁদের সকলকে আমরা আমাদের অভিনন্দন জ্ঞাপন করছি।

পরীক্ষার ফলাফল

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজগুলির মধ্যে প্রেসিডেন্সি কলেজের প্রাধান্য অবিসংবাদিত। বিশ্ববিদ্যালয়ের উজ্জ্বল নক্ষত্রেরা অনেকেই আমাদের কলেজের ছাত্র। অতীতের মত বর্তমানেও এই নিয়মের কোন ব্যতিক্রম ঘটেনি। পরীক্ষার খাতায় আমাদের ছাত্ররা যথারীতি তাঁদের সর্বাগ্রগণ্যতা বজায় রেখেছেন। আই. এ ও আই. এস্‌সি পরীক্ষায় পাশের হার যথাক্রমে ৮৮·৫৪% ও ৯৫·৫%।

বি. এ ও বি. এস্‌সি পরীক্ষাতে পাশের হার নিম্নক্রম—৮৪·৪৮% ও ৭৫·১৮%। বি. এতে মোট ১১ জন ছাত্র প্রথম শ্রেণীর সম্মান লাভ করেছেন। বি. এস্‌সি পরীক্ষাতে মোট ২২ জন ছাত্র প্রথম শ্রেণীর সম্মান পেয়েছেন।

এই বৎসরের বি. এ পরীক্ষার্থীদের সর্বোচ্চ সম্মান ঈশান বৃত্তি লাভ করেছেন ইতিহাস বিভাগের ছাত্র শ্রীসুধীর পাল। এই প্রসঙ্গে এটা উল্লেখযোগ্য যে একাদিক্রমে গত তিন বৎসর ইতিহাস বিভাগের ছাত্ররাই এই সম্মান পেয়ে আসছেন। •

আমাদের কলেজের প্রাক্তন ছাত্র শ্রীঅমর্ত্যকুমার সেন কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ট্রাইপোসের প্রাথমিক পরীক্ষায় প্রথম শ্রেণীতে স্থান পেয়েছেন। বাঙ্গালী ছাত্রদের পক্ষে এই ধরণের সম্মান বহুদিন পরে এই প্রথম। শ্রীসেনকে আমরা তাঁর সাফল্যে অভিনন্দন জানাচ্ছি।

প্রেসিডেন্সি কলেজ শতাব্দী উৎসব

১৯৫৫ সালে প্রেসিডেন্সি কলেজের একশত বৎসর পূর্ণ হবে। সেই উপলক্ষ্যে কলেজে সমারোহের সঙ্গে শতাব্দী উৎসব উদ্‌যাপিত হবে। এ বিষয়ে বিস্তৃত আয়োজন কলেজ কর্তৃপক্ষ ও কলেজের প্রাক্তন ছাত্রসংসদ করছেন। অন্যত্র পত্রিকার ইংরাজী বিভাগে আমরা প্রাক্তন ছাত্রসংসদের কার্যাবলীর একটি বার্ষিক বিবরণী প্রকাশ করছি। শতাব্দী উৎসব সম্বন্ধে বিস্তৃততর তথ্য সেখানে পাওয়া যাবে।

শোক-সংবাদ

এ বৎসর প্রেসিডেন্সি কলেজ তার কয়েকজন বিশিষ্ট প্রাক্তন ছাত্রকে হারিয়েছে। প্রথমেই উল্লেখ করতে হয় আমাদের প্রাক্তন অধ্যাপক ডাঃ যোগীশচন্দ্র সিংহের দুর্ঘটনায় আকস্মিক মৃত্যু। তাঁর মৃত্যুতে বাংলাদেশ এক বিশেষ প্রতিভাবান সন্তানকে হারাল। ডাঃ সিংহের পাণ্ডিত্যের খ্যাতি বহুদূর বিস্তৃত ছিল। অর্থনীতি বিভাগের অধ্যাপকপ্রধান হিসাবে তিনি এদেশে অর্থনীতিশাস্ত্রের আলোচনার পথ বহুলাংশে সুগম করেছিলেন। তাঁর স্মৃতিকে শ্রদ্ধা জানানোর জন্য এ সংখ্যায় আমরা তাঁর সম্বন্ধে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ প্রকাশ করছি।

ডাঃ সৌরীন্দ্রকুমার গুপ্তের মৃত্যুতে আমরা বিশেষ ব্যথিত হয়েছি। তিনি এই কলেজের প্রাক্তন ছাত্রসংসদের আজীবন সদস্য ছিলেন। আইন কলেজের সঙ্গে তিনি বহুকাল অধ্যাপক হিসাবে জড়িত ছিলেন। খেলার জগতের সঙ্গে তাঁর পরিচয় ছিল বিশেষ ঘনিষ্ঠ। আই. এফ. এ.র প্রেসিডেন্ট হিসাবে তিনি বিশেষ খ্যাতি অর্জন করেছিলেন। তাঁর মৃত্যুতে প্রেসিডেন্সি কলেজ একটি দরদী বন্ধুকে হারাল।

পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বিভাগের অধিকর্তা ডাঃ সমরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের মৃত্যু আমাদের পক্ষে বিশেষ দুঃখের সঞ্চার করেছে। তিনি এই কলেজের একজন বিশিষ্ট ছাত্র ছিলেন।

ছাত্রদের মধ্যে দ্বিতীয় বর্ষ বিজ্ঞান বিভাগের শ্রীপ্রণয়কুমার দাস ও চতুর্থ বর্ষ অর্থনীতির শ্রীহিমাংশু চন্দের অকালমৃত্যুতে আমরা বিশেষ ব্যথিত বোধ করছি। এঁদের সকলের উদ্দেশ্যে আমরা আমাদের বিনীত শ্রদ্ধা জ্ঞাপন করছি।

কবিতাগুচ্ছ

নীল কান্না

কল্যাণকুমার দাশগুপ্ত—ষষ্ঠ বর্ষ, কলা

জানে না কেউ কেমনে দিন কেন যে চলে যায়,
কালের পাখি কেন যে যায় ঝরা পালক তার
ঝরিয়ে নীল চিন্ময়তার সিন্ধু-মোহানায়।

অতীত নিয়ে বিশ্বপ্রাণের নীলিম হাহাকার
বাসন্তিকার আঁচল-পাতা আকাশ-মাঠ ঘুরে
আকাশ-ছোঁয়া সোণাসবুজ প্রান্তরে সন্ধ্যার।

অভিজ্ঞান ছড়িয়ে যায় শিশির-ঝরা সুরে,
চাঁদের হলুদ চেরাগ জেলে সময় ছোট হয়ে
লক্ষ হৃদয় ছেড়ে শুধু দু'টি হৃদয় জুড়ে

অপরূপের নূপুর বাজায়, সৃষ্টি যে-সময়ে
কান্না ছেড়ে সব-পেয়েছির সুর চুপে নেয় সেধে,
তারপর সে আবার প্রাচীন নীলিম ব্যথা বয়ে

চলে আরেক আকাশ পানে, মানুষ কেন বেঁধে
রাখতে চায় সময়-দেশ-সন্ততিকে, হায়
পুরুরবা মরছে কেন মরছে আজো কেঁদে,—

সোণালি হাঁস কুলায় ফেরে নীলাভ সন্ধ্যায়॥

নানারঙের দিনগুলি

শিশিরকুমার দাশ—চতুর্থ বর্ষ, কলা

১

রাত্রি কখন গভীর হবে এই আশাতেই থাকে
আলোর মাঝে কী লজ্জা তার, লজ্জাতে মুখ ঢাকে—
ঘুমিয়ে পড়ে সবাই কখন, আর কত যে দেরী
এই ভাবনায় কাল কেটে যায়, বন্ধ ঘুমের ফেরী!
আঁধার এসে মূর্চ্ছিত হয় অশ্রুসাগর জলে
প্রাণের হাওয়া থমকে দাঁড়ায় জীর্ণবটের তলে
বল্‌না কি চাস্, স্বপ্নে এসে বললে হাজার হাওয়া
ঘুম ভেঙে যায়,- ঘুম ভেঙে যায়, হয়না কিছু চাওয়া।

বিছানাতে গুমরে মরি সমস্তটা রাত
দে আমাকে একটা কিছু, একটা ঘুমের হাত
একটু শুধু টুক্‌রো আকাশ, জান্‌লাটুকু খোলা
সকালবেলায় রক্তজবা, কান্নাহাসির দোলা।
অন্ধকারেই লুকিয়ে ছিল এই আশাতেই থাকে
কামনাটা কখন আমায় জ্বালবে পাকে পাকে
ঝাঁপিয়ে পড়ে বুকের ওপর কোথার থেকে এসে
তবু কুশল শুধোতে হয় শুক্‌নো হাসি হেসে
হঠাৎ তারা লুটিয়ে পড়ে হারাই আমি দিশে
বুক চিরে দেয়, বুক চিরে দেয়, নগ্ন নখের বিষে।

দগ্ধ দেহে চেঁচিয়ে উঠি সইবনারে নারে
পেরিয়ে গিয়ে দুঃখ আমায় যেতেই হবে পারে।
শপথ নিতেই বিষণ্ণ মন চমকে যেন ওঠে
সারা মাঠের হাল্‌কা হাওয়া বুকের 'পরে লোটে।
সেই হাওয়াতে কোথায় হারায় সারা রাতের হাসি—
আয় না জীবন নতুন করে তোকেই ভালবাসি।

২

অন্ধকারে চেঁচিয়ে উঠি দরজাটুকু খোলনা এবার
রাত্রিশেষে সময় এলো হৃদয়খানি ছড়িয়ে দেবার
সমস্ত মন কঁকিয়ে ওঠে : আজকে হলাম ধন্য আমি
হৃদয় থেকে ভোরের আলোয় আজ যেন কে জন্ম নিল
এই আবেগে সামনে এসে আবার ডাকি, আবার থামি
ভোরের আলোয় সমস্ত মন নদীর মত উচ্ছলিল
খুল্‌বিনা দোর খুলবিনা মন মেলবিনা তুই আঁখি
অনেক আলো, অনেক হাওয়া পড়বে যে রে ফাঁকি।
যন্ত্রণা আজ বীণার তার।
জাপ্‌টে ধরা অন্ধকার—
সেই ঘৃণাতে কাঁপিস্‌নে মন আজকে আর
হাসবে যারা হাসুক তারা দুয়ারে আজ তাহার নাড়া
তারাই যে কাল ভোরের মত আবার দেবে নূতন সাড়া।
যন্ত্রণা, মন, তবুও আশা, তবুও আলো তাইত স্বামী
সমস্ত মন তোমাতে ধায় তোমায় বলে ধন্য আমি ॥

৩

একটা কোমল সুর জীবনকে ছুঁয়ে ছুঁয়ে যায়
কখনও সকাল হলে কখনও বা অলস সন্ধ্যায়।
একটি বিষণ্ণ মন তাকে ভেঙে দুধারে ছড়াই
সহস্র কাজের মাঝে কখন সে হয়ে যায় লীন
কখন আড়ালে জ্বালা, জ্বলে জ্বলে হয়ে আসে ক্ষীণ
আমার প্রসন্ন ভোরে, চলে শুধু অন্নের লড়াই।
অজস্র কুকুর ডাকে আর্তনাদে বিদীর্ণ আকাশ
তবুও দেহের রক্ত সে ক্ষুধায় জানাল উচ্ছ্বাস।
অবসন্ন রাত্রে শুধু চেয়ে দেখি খোলা জানালায়
অসংখ্য তারার চোখে আকাশেরা সবিস্ময়ে চায়
আরো দেখি মুছে যায় পৃথিবীর সেই রক্তজমা—
রূপ, আর দেখা দেয় শান্তপক্ষ সিত বিহঙ্গমা—
মনে হয় জীবনকে ছুঁয়ে গেল একখানি গান
যদিচ ভোরের রৌদ্রে রাত্রির স্বপ্নেরা খান খান ॥

কোরিয়ার মৃত্যুভীত যুদ্ধ বন্দীদের ছবি দেখে

অসিতকুমার—প্রাক্তন ছাত্র

বিরুদ্ধ বিকৃত মুখে আমাদের ব্যর্থতা মাখানো
মিথ্যা ও মৃত্যুর জয়, ঘোষে ঐ অশ্রুরুদ্ধ স্বর।
নিত্য বিশ্ববঞ্চনার যূপকাষ্ঠে মুগ্ধ বলি আনো—
ইতিহাসে থেকে গেল পরাজয়ে ক্লেদাক্ত প্রহর।

শাশ্বতের কথা থাক্। আমাদের ক্ষণিক বিশ্রাম—
জন্মজনতার মাঝে জেগেওঠা ক্ষণমত্ত ঢেউ,
তার-ই মাঝে পৃথিবীকে, সব দিয়ে,—ভালবাসিলাম।
সে প্রেম শ্মশান হ'ল। তার গান গাবে নাকি কেউ?

আমাদের প্রাণ দোলে, মরণের কঠিন কৌতুকে,
নানা রং জ্বলে ওঠে বর্ত্তমান বুদ্বুদের বুকে,
মানুষের রক্ত দিয়ে শূন্যতার সহস্র স্বাক্ষর—
লিখে আর মুছে ফেলে, মহাকাল কি বিষাক্ত সুখে!

বারে বারে ঝরে যাবে, মানুষের অসহায় আশা?
কালের মন্দিরে জ্বলে—আমাদের ক্ষুধিত জিজ্ঞাসা।

"শার্ল বোদ্‌লেয়্যর অবলম্বনে"

সুরজিৎ দাসগুপ্ত—প্রথম বর্ষ বিজ্ঞান

কখনো প্রতিষ্ঠা করি দীপ্ত প্রেমে। কখনো হেলায়
চূর্ণ করি প্রতিমাকে; যৌবনের স্বপ্নে পুনরায়
কখনো বা গড়ি তাকে। সমুদ্রের বিকীর্ণ বেলায়
শিশুর মত এ খেলা বালু নিয়ে। সে আমার নয়।

বাতাসে সংক্ষুব্ধ কোনো দুর্যোগের রাত্রি তার চুল।
যেন তার ভ্রূরেখায় সর্বনাশ জ্বলে অনুবেল।
দেবীর আসনে রাখি। দূরে রাখি চৈত্রের বকুল
উপহার আনি, অন্ধ-হৃদয়ের সংশয়ে উদ্বেল।

মর্মের মন্দিরে যার বিম্ববুকে স্বপ্নের চারণা ;
নির্মম বধিরা সেই নারী কিংবা দেবী দূরযানী।
চিরকাল ব্যথা পাবো তাকে ভেবে, তবু ভুলবোনা
যে সে-নাম উচ্চারণে বিধৃণিত প্রেরণার বাণী।

অসহ সে। কঠিন সে। তবু তার কুন্দনিভ মুখ
হৃদয়ে বহন করে প্রত্যহই হই নিরুদ্দেশ,
চিরকাল ব্যথা পাবো তাকে ভেবে। তথাপি উন্মুখ
চেতনার মণিকক্ষে নিত্য তার অবাধ প্রবেশ।

চোখে তার অমাবস্যা। চুলে তার দুর্যোগের রাত।
তার সাহচর্যে কাঁপে প্রত্যাসন্ন ঝড়ের উদ্ভাস।
আঙুলে ধ্বংসের নেশা আনে তার চম্পকের হাত।
বিকীর্ণ বীক্ষণ তার জন্ম দেয় অমোঘ বিশ্বাস।

আকাশের রঙে তবু অন্ধকার করে আনাগোনা।
চিরকাল ব্যথা পাবো তাকে ভেবে, তবু ভুলবোনা॥

একটি মেয়েকে জানি

জয়চরণ সরকার—২য় বার্ষিক শ্রেণী (কলাবিভাগ)

একটি মেয়েকে জানি, সকালে যে কাক ডাকার আগে
অসীম ক্লান্তিকে নিয়ে ঘুম হতে জাগে,
ভোর তার ধোঁয়া ঢাকা
কয়লার কালোকালি মাখা।
সকালে কাজের গতি তীব্রতর ঘড়ির কাঁটায়
একছুটে পার হয়, সাড়ে ন'টা বাজলে দাঁড়ায়
অসহ্য ভীড়ের ট্রামে,
তারপরে একেবারে থামে
টেবিলের পাশটিতে শিরদাঁড়া ব্যথা করা সারাটা দুপুর ;
সেখানে তোলে না তাল দিনের নূপুর।

বিকেল পড়েনা চোখে, কালো মুখে চোখের কালিতে
ঘামে ভরা শ্রান্তি, তবু দিনের বালিতে
থামে না কাজের স্রোত, বকে যেতে হয় একটানা
নির্বোধ ছাত্রীর প্রতি, ইতিহাস-ভূগোলের দেনা।

তারপরে ঢের রাতে ক্লান্ত পায়ে ঘরে ফিরে এসে
শুয়ে পড়ে শেষে।
চোখে তবু আসে না তো ঘুম
চারপাশে সীমাহীন রাত্রিও নিঝুম।
চেয়ে দেখে অপলক, দূরে কালো আকাশের তলে
সবুজ সবুজ তারা শুধু মিট মিট করে জ্বলে।
ওরা কি বলেছে তাকে, সে কথা আমাকে বলেনি সে ;
জানি সেই কথা আছে এ রাত্রির আকাশেতে মিশে।
তাই আমি সারা দিনে আঁধার রাতের কাল গুনি,
বুকভরে, কানভরে, শুধু তারাদের কথা শুনি।
সে তারা বলেছে তাকে ডেকে,
'কালের প্রহরী আমি এসেছি অনেক কিছু দেখে।
তবুও আমারও আয়ু ফুরোবেই জানি একদিন,
শুকতারা আসবেই সাথে নিয়ে প্রভাত নবীন।
স্বর্ণাভ হাসিটি তার তোমারও বুকে ছোঁয়াবে সে ;

ধোঁয়া নয়, ক্লান্তি নয়, সোনালি সকাল ওঠে হেসে'॥

আমাদের নদীটিকে

প্রদ্যুম্ন মিত্র তৃতীয় বর্ষ, কলা

তোমাতে বিশ্বাস রাখি এই জলে, তুমি কে আমার
মাতা নয় সখি নয় তুমি এক পুরোনো আলাপ
প্রাচীন বটের মতো এই মন বলে বার্‌বার্‌
জল মাখো জল নাও কুড়িয়েছি হিমহিম তাপ
শরীরে শিরায়, আর ধান হাসে মাটি নীল যদি
সবিতো নদীর জল হাওয়া নিয়ে—

আছে আছে নদী
আজ আর চিনবেকি তাকে ! ভাবো দেখি ইতিহাস
সাতগাঁও তমলুক থেকে হাওয়া নড়ে, হাওয়া না নিঃশ্বাস,
মাস্তলের ভাঙা আর দড়িদড়া হাল ছেঁড়া পাল
কোথায় মাতাল ঢেউ মাথাভাঙা আথাল পাথাল !!
দুপাশে কঠিন চূড়ো গ্রাম জলে দুপায়ে শেকল
আমার নদীকে বলি, কথা বলো, চোখে তার জল।
আহা নদী, তাকে পেতে হবে তবু জল দেবে প্রাণ
আমাকে বিশ্বাস করো নদি, তুমি গাইবেই গান ॥

মাটি আর মানুষ

শ্রীগৌরীশঙ্কর দে—ইতিহাস, ৩য় বর্ষ

রোজ ব্যবহারে বাসি শহরের বাঁধাপথ ছেড়ে
ঢের পথ পিছু ফেলে এলে শুনে তার স্বাগতম
সে গ্রাম-রূপসী আজো ভয় পায় হতে আধুনিক,
এখনো, এখনো যেন মানুষের হৃদয়ের রেশ
সন্ধ্যা তারাটিতে মেলে, নুয়ে পড়া-বাবলার ডালে,
অযত্নবর্দ্ধিত ঝোপে, শিরীষের ঝরা রাঙা ফুলে।
চেয়ে নিয়ে চুপি চুপি বৈরাগী সন্ধ্যার নামাবলী,
গায়ে দিয়ে খুসী মনে মাটীতে হাজার ঢেউ গোনা
যে সব অনন্ত ঢেউ লিখে গেছে লাঙ্গল-জাহাজ,
অথবা হৃদয় দিয়ে হৃদয়ের স্মৃতি মধু পান।
জোনাকীও নেই বলে মনে হবে যে দূর ওপারে
মাঝে মাঝে দেখা যাবে দু'একটি জলে উঠা দীপ
নিভে গেলে ভেসে রবে সরল পুরানো কীর্তনের
কানে এসে মন-হৃদে দু' একটি অন্তরঙ্গ কলি।
মাটিকে মায়ের মত মনে হবে, মনে হবে তারি কাছাকাছি
মাটির মানুষ ছিল, আজো তারা মাটিরই মানুষ !

তুমি, আমি, পৃথিবী

শংকরানন্দ মুখোপাধ্যায় প্রাক্তন ছাত্র

ঘড়ির কাঁটার মত ছুঁই সব ঘর
অনেক বছর দিন সময় প্রহর :
রৌদ্র যায় জ্যোৎস্না আসে
মেঘ ভাসে চাঁদ ভাসে
হাজার বনের হাঁস উড়ে উড়ে যায়
গানের হাজার কলি আকাশের গায় ;

তারপরে ভোর হলে শিউলি ঝরার
মালা গাঁথা হয় কথা অযুত ছড়ার—
"ভালবাসি তুমি আমি এই বালুচর
এইখানে বাঁধি এসো দুজনের ঘর—

কৃষ্ণচূড়া ঝরে যদি দুপুরে বিকেলে
আকাশে চিলের রাশি বৃত্ত এঁকে গেলে
আলোছায়া তবে জেনো আমাদের মাঠে
ঘন নীল শান্তি ঢালে হৃদয়ের ঘাটে ;

তখন বইবে হাওয়া উড়ে যাবে পাখি
আকাশে আকাশে ঘুরে কেবল একাকী
প্রেম চায়, আলো চায় যদি শাদা চাঁদ
ছোট তার মুখটিতে রাখে দুটি হাত !

ঘড়ির কাঁটার মত পৃথিবীকে ছুঁয়ে
হে প্রেম বাঁচিয়ে রেখো বিদেশ-বিভুঁয়ে
অনেক সময় গেলে দেখি যেন ফের
তুমি আছ, আমি আছি, পৃথিবী নিজের।"

লটারী টিকিট

উজ্জ্বলকুমার মজুমদার—চতুর্থ বর্ষ, কলা

রাত্রিতে খাওয়া-দাওয়ার পর আইভ্যান ডিমিট্রিচ খবরের কাগজটা নিয়ে বসলো। ডিমিট্রিচ মধ্যবিত্ত গৃহস্থ, মাসে তার আয় একশো টাকার বেশী নয়। টাকা-পয়সায় লোভ তার নেই। নিজের যা আয় তাতেই সে সন্তুষ্ট।

কাগজটা সে সবে খুলেছে, এমন সময় তার স্ত্রী বললে—আজ আমার কাগজটা একেবারেই দেখা হয়নি। লটারীর প্রাইজের লিস্টটা বেরিয়েছে কিনা দেখ তো?

ডিমিট্রিচ বললে—হ্যাঁ বেরিয়েছে তো দেখছি। তোমার টিকিটটার সময় বোধহয় উৎরে গেছে।

—না মঙ্গলবার পর্যন্ত আছে।

—নম্বরটা মনে আছে নাকি?

—সিরিজ ৯৪৯৯, নম্বরটা হচ্ছে ২৬।

—আচ্ছা দেখছি।

লটারীর ওপর ডিমিট্রিচের কোন কালেই আস্থা ছিল না। উইনিং নাম্বার্সের লিস্টটা দেখতে তার কোন আগ্রহই হোত না। তবুও স্ত্রীর অনুরোধে কর্মহীন অবসরে সে লিস্টের নম্বরগুলো তলা থেকে পড়তে লাগলো। পড়তে পড়তে তার চোখ যখন প্রায় লিস্টের ওপর দিকে চলে এসেছে, তখন হঠাৎ সিরিজ ৯৪৯৯ দেখে সে চমকে গেল। প্রথমে তো নিজের চোখকেই বিশ্বাস করতে পারলে না। নম্বরটা না দেখেই সে বললে,

—আরে এইতো ৯৪৯৯—এইটাই তুমি বললে না?

ডিমিট্রিচের বিস্মিত চাহনি দেখে তার স্ত্রী বুঝলে ডিমিট্রিচ ঠাট্টা করছে না। তবুও বললে—সত্যি রয়েছে নাকি—না ঠাট্টা করছো?

—আরে এই দেখ না।

ছোট ছেলের সামনে যদি কোন চকচকে জিনিস রাখা যায় তাহলে তার মুখ যেমন আনন্দোজ্জ্বল হয়ে ওঠে, ঠিক সেই রকম ঔজ্জ্বল্যে ভরে উঠলো ডিমিট্রিচের মুখ, তার স্ত্রীর আনন্দ অবর্ণনীয়। পঁচাত্তর হাজার টাকা তাদের কপালে নাচছে। ৯৪৯৯—আর ৭৫০০০—এই দুটো সংখ্যাই তাদের মন জুড়ে বসলো।

ডিমিট্রিচ খবরের কাগজখানা হাতে নিয়ে ঘরের মধ্যে পায়চারি সুরু করে দিলে। —"ওঃ একটা নূতন জীবন পাওয়া যাবে; আমি যদি এ টিকিটটা পেতাম (টিকিটটা তার স্ত্রীর নামে) তাহলে প্রথমেই ২৫ হাজার টাকার একটা জমিদারী কিনে ফেলতাম।

১০ হাজার নিজের খরচ, দেনাশোধ, বেড়ানো ইত্যাদির জন্যে রাখতাম। আর বাকি ৪০ হাজার ব্যাঙ্কে জমালে তা থেকে সুদ পাওয়া যেত।"

ডিমিট্রিচের স্ত্রী বললে—হ্যাঁ একটা জমিদারী তো আগে কিনতেই হবে।

নানা অভাবিত কল্পনায় সমুচ্ছলিত হয়ে উঠলো তাদের মন। এই সব কল্পনার মধ্যে যেন যৌবন ফিরে পেলে ডিমিট্রিচ।···'গরমের দিনে ঠাণ্ডা সুপ খেয়ে সে বাড়ী থেকে বেরিয়ে গেল।···তারপর ঝরণার ধারে বালির উপর, কিংবা কোন গাছের তলায় শুয়ে পড়লো। তার ছোট ছোট ছেলে আর মেয়ে তার আশে পাশে বালি খোঁড়ে আর মখমল-পোকা ধরে। ডিমিট্রিচ শূন্য মনে ঢুলতে থাকে।'···আজ···কাল···আর কোনদিনই তার আপিস নেই। কোনদিন হয়তো শুয়ে পড়েই ঘুমিয়ে পড়বে আর বিচিত্র রহস্য তাকে ঘিরে নীড় রচনা করবে। কোনদিন হয়তো শুয়ে শুয়ে তার একঘেয়ে লেগে গেছে, তাই সে পা বাড়ালে সবুজ ঘাসের সমারোহ-স্নিগ্ধ প্রান্তরের দিকে। হয়তো বা বিজন বনের হাতছানি তাকে আকৃষ্ট করলে···হয়তো বা সে দাঁড়িয়ে দাঁড়িয়ে জেলেদের মাছধরা দেখতে লাগলো।···সূর্য যখন পাটে বসেছে তখন সে সাবান ও তোয়ালে নিয়ে স্নান করতে গেল। মনের আনন্দে সাবান মেখে জলে নামলো। চারিদিকে জ্যোৎস্নার ফিনিক্ ফুটেছে—স্বচ্ছ জলে সোনালী মাছেরা স্বচ্ছন্দ বিহার করছে—শ্যামল শৈবাল জলস্রোতে কাঁপছে। স্নান শেষ করে বাড়ী এসে ক্রীম দুধ আর চা খেলে। তারপর সন্ধ্যায় বেড়াতে বেরলো···কিংবা প্রতিবেশীদের সঙ্গে আলাপে মত্ত হল।···'

ডিমিট্রিচের স্ত্রীর মনও উধাও হয়েছে সব পেয়েছির দেশে। তার মুখ দেখলেই বোঝা যায় মন ও জীবনের মালিন্যরেখাগুলো সব ধুয়ে মুছে কোথায় চলে গিয়েছে।

ডিমিট্রিচ বর্ষণমুখর শরতের কল্পনা করে। শরতে সে বাগানে কিংবা নদীর ধারে বেড়াতে যাবে। তারপর শীতে কাঁপতে কাঁপতে এসে একগ্লাশ মদ পান করবে। তখন শোফায় দেহ এলিয়ে দিয়ে ছবির ম্যাগাজিনের পাতা ওলটাতে ওলটাতে গভীর ঘুমে অচেতন হয়ে পড়বে।···কিন্তু কুশ্রী মেঘলা দিনের চিন্তাও তাকে বিরক্ত করে। বাড়ী থেকে বেরবার উপায় নেই—কেবল ঘরের ভেতর পায়চারি করা।···

হঠাৎ ডিমিট্রিচ তার স্ত্রীর দিকে তাকিয়ে বললে—'বুঝলে, টাকাটা পাওয়ার পর কোথাও বিদেশে যেতে হবে।'···আবার তার মনে ভিড় করে এলো দূর দূরান্তে ভ্রমণের অপূর্ব সব চিত্র—ফ্রান্স,···ইটালী,···গ্রীস···ভারত···দূর বিদেশে পাড়ি জমানোর মধ্যে কি বিচিত্র আনন্দের ছন্দ দোলায়িত হয়ে আছে।

ডিমিট্রিচের স্ত্রী এবার বললে—'আমিও তোমার সঙ্গে যাব।'

ডিমিট্রিচ পায়চারি করে আর ভাবে···তার স্ত্রীও যদি সঙ্গে যায়। একা বেড়ানো কত ভাল, কত লোভনীয়। ও কেবল একগাদা বাক্স পেঁটরা পোঁটলা-পুঁটলি গাড়ীতে ওঠাবে। যেখানেই যাবে সেখানেই জিনিস নামাতে ওঠাতে প্রাণান্ত। তার ওপর বলবে—ট্রেনে

আমার মাথা ধরে যাচ্ছে,…বড্ড খরচ হয়ে যাচ্ছে। এক একটা স্টেশন আসবে আর তাকে ছুটতে হবে খাবার আর গরম জল আনতে। এতেই তো জীবনের অর্ধেক ক্ষয়িত হবে।'

স্ত্রীর দিকে কটাক্ষে তাকিয়ে আবার সে ভাবতে লাগলো—'আমি খরচ করলেই ওর কেবল হিংসে আর রাগ। টাকাটা তো আর আমি পাচ্ছি না। ওতো হিংসে করবেই। দূরে বেড়াতে যাবার ওর কি দরকার! ওর অনুযোগ—অভিযোগ শুনতেই দিন কেটে যাবে—আমার বেড়ানো হবে না। যা দেখছি টাকাটা এলেই বাক্সবন্ধ হবে। আমাকে ওর ওপর নির্ভর করতে হবে—কী আপদ্।'

আত্মীয়দের কথা মনে পড়লো ডিমিট্রিচের। লটারীর টিকিটে টাকা পেয়েছি শুনলেই যত হতভাগা ভাইবোন, খুড়ো খুড়ী—সব এসে জুটবে। কেবল দাও, দাও, আর দাও। তোয়াজের ঠেলায় বাড়ীতে তিষ্ঠতে দেবে না। অমনি সব ছোটলোক।

অজ্ঞাতসারেই দাঁতে দাঁতে ঘষতে থাকে ডিমিট্রিচ।

স্ত্রীর ওপরও তার ভয়ানক রাগ হল, টাকা পয়সা সম্বন্ধে কি জ্ঞান আছে ওর? কিছুমাত্র নেই কেবলই চাবি দিয়ে কৃপণের মতো পুষে রাখবে! একটা ঘৃণা আর ক্রোধের ভাব মূর্ত হয়ে উঠলো ডিমিট্রিচের মুখে। স্ত্রীর দিকে সে তাকালে।

দেখলে, তার স্ত্রীর মুখেও ঘৃণার ভাব ফুটে উঠলো। সেও ভাবছে—টাকাগুলো আসবে, অমনি ও হড় হড় করে খরচ করবে। যা যা ভেবেছিলাম, কোথায় উঠে যাবে কে জানে। পরের পয়সায় নির্ভর করে দিবাস্বপ্ন দেখতে কার না মজা লাগে।

ডিমিট্রিচের স্ত্রীর ওপর রাগ ক্রমেই বেড়ে চলেছিল। হঠাৎ তার কি মনে হলো, কাজ-কর্মরত স্ত্রীকে রীতিমত বিরক্ত করার জন্যে উইনিং নাম্বার্সের লিস্টটা অস্বাভাবিক রকম চেঁচিয়ে পড়তে লাগলো। পড়তে পড়তে ওদের সেই সিরিজ আর নম্বরটা চেঁচিয়ে বলতে লাগলো—

"সিরিজ ৯৪৯৯, নম্বর ৪৬—আরে এযে ৪৬, ২৬তো নয়।"

পরক্ষণেই ডিমিট্রিচের মন থেকে সমস্ত আশা-ভরসা উধাও হয়ে গেল। স্ত্রীর প্রতি ঘৃণা আর রাগ কোথায় ছুটে গেছে। তার স্ত্রী কর্মে বিরত হয়ে চেয়ারে বসে রইল। তাদের মনে হতে লাগলো ঘরটা ছোট্ট আর অন্ধকার হয়ে আসচে—ছাদটা যেন ক্রমশঃ নীচে নেমে আসছে—সন্ধ্যায় যা খেয়েছে তা যেন হজম না হয়ে বিদ্রোহ করছে। রাত্রিটা যেন অতি দ্রুত গভীর হতে গভীরতর হচ্ছে—শরীরটা যেন ভেঙে পড়ছে—একটা অবসাদ—একটা ক্লান্তি—মনটা যেন ঘুমিয়ে আসছে।

কোন অর্থ হয়, ডিমিট্রিচ ভাবে, ছি ছি, ছি, আত্মহত্যা করতে ইচ্ছে করছে।

ডিমিট্রিচের বুক ফেটে কান্না বেরিয়ে আসছিল। কোন রকমে দাঁত দিয়ে ঠোঁট কামড়ে ধরে কান্না চেপে মুখটা বিকৃত করে সে চেয়ারে বসে পড়লো অত্যন্ত অবসন্নভাবে সুগভীর হতাশা নিয়ে।

* চেখফের 'দি লটারী টিকিট' গল্পের ভাবানুবাদ।

জীবনানন্দ ও বনলতা সেন

প্রদ্যুম্ন মিত্র—তৃতীয় বর্ষ, কলা

গ্রহণের গঠন কি পাঠের শৈলী লোকে লোকে ভিন্ন। কবিতার কাছে প্রকৃত বুদ্ধি-গ্রাহ্যতা কতখানি সার্থক পুরোনো শতক আর সাময়িককালের সমালোচকেরা তার হিসেব করে আমাদের শতাব্দীর মধ্যবয়সেও কোনও স্থির ফলাফলে পৌছতে পারেননি। এ পর্যন্ত আমরা বলতে পারি সমালোচনা চিরকালই ব্যক্তিগত এবং অনুভবের চরিত্র প্রকৃতি-পার্থক্যেই সূচিত।

যাক্, এ আলোচনা বনলতা সেনকে কেন্দ্র করে জীবনানন্দের যদি কোনও কাব্যভূমিকা হয়ে ওঠে, তবে খুশি হওয়া যাবে। ক্রমান্বয়ে তাঁর ভাষা, চিত্রকল্প, প্রকৃতি পৃথিবী ও কাল-চেতনা নিয়ে আলোচনার পর আমরা বনলতা সেনে পৌছাবো, অবশ্য গোড়াথেকেই সহৃদয় পাঠকের মতোই শুধু।

চলন যে ভাষার তার সঙ্গে কবিতার ভাষার তফাৎটাই বড়ো। দেশকালের বড়ো কিছুর জন্যে বেদনা আর মুক্তির আর্তি এবং একইকালে দেশকালে প্রকাশের আততি কবিতার মধ্যে কি শিল্পকলার অন্যান্য ধরণেও এই কথাটি স্পষ্ট। সৃষ্টির মূলে এই দ্বৈতযন্ত্রণা এই আপাতবৈপরীত্যের অন্বয়। ইতিহাসের সাক্ষ্যে আমরা জানতে পারি নানা চেহারায় ভাষার বদল ঘটেছে সময়ে কি যুগে সাহিত্যে এই কাব্যানুভূতির প্রকাশের গরজে। বদলটা বহুলাংশেই বক্তব্যের কারণে। আমাদের সাহিত্যে জীবনানন্দ যে কথা বলেছেন তা কোন একটা ধরণের বিকাশ নয়, আগাগোড়াই অভূতপূর্ব, অনেকটা আকস্মিক। তাঁর হাত থেকে যে বিশিষ্ট ভাষা পেলাম তা সম্ভবতঃ একদিনে নয়। ঝরাপালক আর সাতটি তারার তিমিরের তুলনায় একটি সিদ্ধান্ত নিঃসন্দিগ্ধ আর নিশ্চিত যে প্রকাশশৈলীর দিকে উদাসীনতা জীবনানন্দের ছিলোনা। তাঁর ভাষার ধরণ ক্রমশ পালটেছে এবং শেষ পর্যন্ত একটা কাম্যশৈলীতে এসে আশ্বস্ত। এ ভাষার প্রধান লক্ষণ এর ইন্দ্রিয়বেদন, স্বপ্নাভাস আর মায়াবী আচ্ছন্নতা। অবশ্য মাঝে মাঝে রচনায় আমরা বিভীষিকার তীব্রতায় অস্থির হয়েছি, 'তাহা ন্যাকড়ার ফালি সহসা ঢুকেছে নালিঘায়ে', 'হাইড্র্যান্ট থেকে কিছু জল ঢেলে চায়ের ভিতর' বা চায়ের পেয়ালা কটা বেড়ালছানার মত—ঘুমে-ঘেয়ো কুকুরের অস্পষ্ট কবলে' প্রভৃতি পংক্তিতে আমি পেয়েছি বিভীষিকা আর তার রচনার সুদক্ষতা। জীবনানন্দের ভাষায় প্রায়ই আছে কঠিনচমক যে সব মুহূর্তে আমরা প্রায়ই বুঝতে পারি এক বুদ্ধিজীবী স্পর্শসতর্ক ব্যক্তিত্বের অবস্থিতি সবকিছু স্তব্ধতা আর শূন্যগর্ভের আড়ালে। 'লবেজান হাওয়া এসে গাঁথুনির ইঁট সব করে ফেলে ফাঁস', 'আমাদের হাড়ে এক নির্ধূম আনন্দ আছে জেনে' এই ধরণের কথাবার্তা 'সাতটি

তারার তিমিরে' প্রচুর। এক উদাসীন ব্যংগে পৃথিবী আর প্রাণের নানা অসংগতিগুলোকে দেখার প্রয়াসে এইসব অসংলগ্নতা প্রায়ই উদ্দেশ্যময় এমন কি বিধেয়। অচৈতন্য দারুণ চমকে উঠেছে এইসব বক্তব্যের কাঠিন্যে এবং অভিধার অন্বেষায় অগ্রসর হতে চাইলো, হয়তো সেখানেই সার্থকতা।

জীবনানন্দের চিত্রকল্পগুলি প্রায়ই শারীরিক। শিশিরের শব্দ, রৌদ্রের গন্ধ, সুস্বাদ অন্ধকার, শব্দহীন জ্যোৎস্না, কুয়াশার পাখনা ইত্যাদি চিত্রকল্প সব পঞ্চেন্দ্রিয়ানুভবের একটা সংকরী প্রক্রিয়ায় জন্ম নিয়েছে যেন। দৃষ্টির সংগে শ্রুতির কখনো আঘ্রাণ আস্বাদের যোগ হোলো। কখনো প্রকৃতিতে আরোপ করা হয়েছে শারীরিক প্রক্রিয়া। 'এখন প্রশান্তমনে খেলা করে উঁচু উঁচু গাছ, বাতাস ঝাড়িছে ডানা, শিশির শিকার করে নিয়ে গেছে তারে।' যে কোন সতর্ক পাঠকই এই লক্ষণগুলি আবিষ্কার করতে পারেন। ভাষার ভংগিমা আর চিত্রকল্পের বিশিষ্টতা জীবনানন্দের পার্থক্যের মূলে। বিরোধাভাস আর স্বপ্নময়তা যা ইন্দ্রিয়ানুগ ছাড়াও তাঁর কাব্যভাষায় ধুয়ো আর সাধুক্রিয়া সর্বনামের আধিক্য দেখা যায়। এটি খুব সম্ভব তাঁর গদ্যচালের পয়ারের পক্ষে আবশ্যক হয়ে পড়ে। তবু বলবো সাধুভাষার ব্যবহার অনেক সময় সংকেতময় হয়ে ওঠে যেখানে তিনি অতীতমুখী বোধে আর মধ্যযুগীয় ঐশ্বর্য বর্ণনায় আচ্ছন্ন হয়ে যান।

আমার কেমন যেন মনে হয়েছে জীবনানন্দের কবিতায় চিন্তন ধীরে ধীরে চূড়ান্তচূড়ায় ওঠেনি অথবা বক্তব্য মধ্যপদলোপী কিংবা সে প্রতীক থেকে প্রতীকান্তরে গিয়ে সম্পূর্ণ হোলো; প্রায়ই তা আভাসিত, প্রতিভাত। সমগ্র কবিতার ভেতর তার একটা উদাসীন বিস্তৃতি। এই জন্যেই তাঁর কাব্যের মূল সুরটা হয়তো এতো আমাকে বাজে, তার যেন ছোঁয়া লাগে কিন্তু ধরা গেলো না। আসল কথা বুঝি দেখাই জীবনানন্দের চরিত্র, বলা নয়।

এবং এমনটা কেন হোলো বলতেই আমরা এসে পড়ি তাঁর কাব্যের পুরোনো কথাটিতে। এক ধরণের অবচেতনাময়তা তাঁর কবিতার পংক্তিতে পংক্তিতে। বনলতা সেন-এ তিনি পৃথিবীকে দেখতে চেয়েছেন প্রকৃতির অতল আর সময়ের ব্যাপ্তির মধ্যে।

গভীর সবুজ ঘাস ঘাসের ফড়িং
আজ ঢেকে আছে তার চিন্তা আর জিজ্ঞাসার স্বাদ।

কুড়ি কুড়ি বছরের কুনকোয় সময় মাপা হোলো এবং সময়ের শতকের মৃত্যু হলে তবু দাঁড়িয়ে আছে শ্রেয়তর বেলাভূমি। যুগের সঞ্চিত পণ্যে লীন হতে গিয়ে সে অমৃতসূর্যকে দেখতে পেয়ে গেছে তারপর। "এক ধরণের উৎকৃষ্ট চিত্তের বিশেষ সব চেতনার জিনিষ" (শ্রেষ্ঠ কবিতা : ভূমিকা) তাঁর সৃষ্টির উপাদান হয়েছে। ঊর্ধ্বের আকর্ষণ বলতে কি বোঝা গেলো। অবস্থার ওপরে পৌছানোর ধারণা তা কোন কূটৈষাজাত কিনা এই প্রশ্ন হলে আমরা বলতে পারি জীবনানন্দের মৃত্যুবোধের উৎস কি নিরাশার, কোন তারুণ্যের পরাজয়ে নয়। এর পেছনে ইতিহাসবুদ্ধির সেই নির্মমতা অভিজ্ঞতার সেইসব উপাদান যেগুলি জড়ো হলে যাত্রায়

সন্দেহ আসে, মানবতার ক্লান্তির কান্নার নিদারুণ নৈঃশব্দ্যকে শোনা গেলো। বনলতা সেনের বিশেষত্ব এখানে কবিদৃষ্টি নির্জনতা খুঁজলো প্রকৃতিতে, কিন্তু তাঁর খুঁজে পাওয়া প্রকৃতিতেও অভিজ্ঞতা দেখেছে উদাস অনাত্মীয়তা। তার দয়া সহৃদয় হোলোনা, তার মধ্যে আছে কোনও অ-মানুষিকতা :

তার মুখ মনে পড়ে এরকম স্নিগ্ধ পৃথিবীর
পাতাপতংগের কাছে চলে এসে ; চারিদিকে রাত্রিনক্ষত্রের আলোড়ন
এখন দয়ার মতো ; তবুও দয়ার মানে মৃত্যুতে স্থির
হয়ে থেকে ভুলে যাওয়া মানুষের সনাতন মন।

তাই ইতস্তত যে দেবদারু ছায়ারা তারা দ্বারকার বিচূর্ণ থামের মতো, মৃত আর ম্লান সময়ের অবিশ্রান্ত আঘাতের কাঠিন্যে আর নিষ্ঠুরতায়।

আমি যদি বনহংস হতাম
বনহংসী হতে যদি তুমি
কোনো এক দিগন্তের জলসিঁড়ি নদীর ধারে
ধান ক্ষেতের কাছে।
ঘাসের ভিতর ঘাস হয়ে জন্মাই কোন এক নিবিড় ঘাসমাতার
শরীরের সুস্বাদ অন্ধকার থেকে নেমে।
আম নিম হিজলের ব্যাপ্তিতে পড়ে আছ তুমি।
আমার হৃদয় পৃথিবী ছিঁড়ে উড়ে গেলো।
প্রান্তর নক্ষত্র নদী আকাশের থেকে সরে গেছে
সেই স্পষ্ট নির্ল্লিতিতে—তাই-ই ঠিক।
এই নারী অপরূপ—খুঁজে পাবে নক্ষত্রের তীরে।

উদ্ধৃতিগুলো ইংগিতময়, প্রকৃতির নিষ্কারুণ্য তার অন্ধ-আক্রোশী ইতিহাস হয়তো মানুষ বলেই কখনো কখনো কবিকে সংশয়ী করেছে। মানুষ, প্রকৃতি যতক্ষণ দুটি স্বতন্ত্র পরিচয় ততক্ষণই প্রকৃতি নির্মম, তাই কবি মাঝে মাঝে এবং বনলতা সেনের কবিতাবলীতে বহুলাংশেই তার সংগে আত্মলীনতা চেয়েছেন, প্রকৃতির চরিত্র জীবনের ধরণ আয়ত্ত করতে হবে। আবার মাঝে মাঝে ভেবেছেন আমাদের আশা আকাংক্ষা, জীবনানুসরণ আর যাত্রা যদি প্রকৃতিবিচ্ছিন্ন হয় তাহলেই হয়তো নিষ্ঠুর যে অপ্রতিরোধ্য তাকে এড়ানো যাবে। সমাধান সেখানে আপাততৃপ্তি এনেছে। 'ঝরিছে মরিছে সব এইখানে সব এইখানে—বিদায় নিতেছে ব্যাপ্ত নিয়মের বলে'। তাই যেখানে আকাশে খুব নীরবতা, শান্তি খুব আছে ; নক্ষত্রের তীরে সেই প্রকৃতিপৃথিবীর ঊর্ধ্বলোকে প্রেমিক খুঁজে পাবে তার প্রেয়সীকে, নারী সংগীকে। কবির উৎকৃষ্ট চিত্ত (বাগর্থের দিক থেকে ঊর্ধ্বের আকর্ষণ যে চিত্তে) যদি এই সমাধান খোঁজে তাহলে নিশ্চয় তা নিরাশ্রয়ের। তবুও এ প্রবৃত্তিই একমাত্র নয় একথা স্মরণ রেখেও বলতে

হবে যুগান্তরের যন্ত্রণা, সাময়িকের বিভীষিকা, ভবিষ্যতের নৈরাশ্য আর সভ্যতার বিদ্রূপ কবিকে নিরাশ্রয়ী করেছে। একদিকে এই নগরজীবন অপর দিকে প্রকৃতিপৃথিবী। প্রথমটিকে তিনি ক্ষমা করেন নি। 'সাতটি তারার তিমিরে' তার অজস্র পরিচয়, পরবর্তী কবিতাবলীতেও, বনলতা সেনের সমস্যার আপাতসমাধান যদিও দ্বিতীয় দিকে, তবু এপথেও বিশ্বাস নিরন্তর সংশয়ী যা বিজ্ঞানবুদ্ধির দান। একটা কোন আশ্রয় নিশ্চিত হয়নি বলেই বনলতা সেন ও মাঝে মাঝে অন্য অগ্রন্থবদ্ধ কবিতা কিছুতে এক তৃতীয় নক্ষত্রলোক চেয়েছেন। তবু মৃত্যুই যদি কবির কাব্যভাবনাকে একটা নিশ্চিত ছেদে পৌঁছে দিলো, তাহলে দেখি 'আলোপৃথিবী' যা উত্তরমৃত্যুকালে ছাপা হয়েছে 'দেশে' তাতে পাওয়া যায় বনলতা সেনের বক্তব্যের আরও বিশ্বাসী এক কাব্যরূপ :

শতকের ম্লান চিহ্ন ছেড়ে দিয়ে যদি
নরনারী নেমে পড়ে প্রকৃতি ও হৃদয়ের মর্মরিত হরিতের পথে
অশ্রু রক্ত নিষ্ফলতা মরণের খণ্ড খণ্ড গ্লানি
তাহলেও রবে ;—তবু আদি ব্যথা হবে কল্যাণী
জীবনের নবনব জলধারা উজ্জ্বল জগতে।

প্রাণের সেই অভিজ্ঞা, জীবনের অর্থান্বেষার সেই শতাব্দীপ্রাচীন সংকল্প আর ব্যাকুলতা এপথেই হয়তো আদি ব্যথার মুক্তিতে আশ্বস্ত হয়ে প্রকৃতিপৃথিবীর শান্ত আশ্রয়ে ; কিন্তু এবারে বুঝি সে আশ্রয় আরও কতো ঘরোয়া আর সংবেদনাময়, হৃদয়ের মর্মরিত হরিতে সে নবার্থে প্রোজ্জ্বল। প্রকৃতির কাছ থেকে তিনি যে ধরণের প্রাণবোধে সচেতন হয়েছেন তা স্তিমিত যেন মৃত্যুর অনিবার্যতায় জীবন ম্লান হয়ে গেছে। তবু 'আলোপৃথিবী'তে প্রকৃতি উদ্ভাসিত প্রাণের যৌবন আর আবেগে এবং সে-সব শ্যামল নীল বিস্তারিত পথে মানুষ যদি 'হতে চায় অন্য কোন আলো কোন মর্মের সন্ধানী' তাহলেও সবগ্লানি না কাটলেও, আলো ঝলকাবে অন্য এক সূর্যের শপথে, একথা মানতেই হয় (এই কবিতাটির বেশী আলোচনা করে ফেলার দরুণ) যে হয়তো মৃত্যুর আকস্মিক ছেদ না এলে জীবনানন্দের প্রকৃতি চৈতন্য আরও প্রাগ্রসর হোতো, বক্তব্যের অন্য কোন হতাশ উত্তরণেও বটে।

এখন আমরা একটা জিজ্ঞাসায় পৌঁছতে পারি যে জীবনানন্দের কোনও নিশ্চিত জীবনদর্শন ছিলো কিনা। প্রকৃতি সম্বন্ধে তাঁর ভিন্নমুখী মনোভাবগুলি আমরা দেখেছি। তবু বলা যায় সময়ের সম্বন্ধে তাঁর ধারণায় একধরণের সমদৃষ্টি রয়ে গেছে বরাবর। এবং একথা অবশ্যমান্য জীবনানন্দের কাব্যপটভূমি এই কাল, কখনো যা সমগ্রতায় নির্মম আর উদাসীন আর কখনো সাময়িকতায় অস্থির। 'সময়' শব্দটির অবিশ্রান্ত আনাগোনা তাঁর আগাগোড়া কাব্যে লক্ষণীয় বটে এবং 'সাতটি তারার তিমির' এ বিষয়ে দৃষ্টান্তগ্রন্থের কাজ করতে পারে। প্রসংগত একটা কথা উল্লেখযোগ্য 'বনলতা সেনকে' নিয়ে আলোচনায় আমরা প্রায়ই 'সাতটি তারার তিমির'-এ এসে পড়েছি। কারণ, উভয় গ্রন্থের কালগত নৈকট্য বা

অভিন্নতা।" বনলতা সেনের সিগনেট সংস্করণের কবিতাবলীর লিখনসময় ১৩৩২ থেকে ১৩৪৬ যখন সাতটি তারার তিমিরের রচনাকাল ১৩৩৫ থেকে ১৩৫০। জীবনানন্দের কালচেতনা :

তবুও সময় স্থির নয়
আরেক গভীরতর শেষরূপ চেয়ে
দেখেছে সে তোমার বলয়। (সুদর্শনা : বনলতা সেন)
হাজার বছর শুধু খেলা করে অন্ধকারে জোনাকির মতো।

বা

অনেক অপরিমেয় যুগ কেটে গেল ;
মানুষকে স্থির—স্থিরতর হতে দেবেনা সময়
সে কিছু চেয়েছে বলে এত রক্ত নদী। (শ্যামলী)
পৃথিবীর পুরোনো পথের রেখা হয়ে যায় ক্ষয়
প্রেম ধীরে মুছে যায়, নক্ষত্রেরও একদিন মরে যেতে হয়
হয় নাকি ? (দুজন)

বনলতা সেনের এই উদ্ধৃতিগুলো থেকে আমরা পাচ্ছি সময় অস্থির আর অপার, খেলা করে মানুষের স্বপ্নমাটি আশা আকাংক্ষার বিলীয়মানতায়, তারই অমেয় জলে বারবার সময়ের শতকের মৃত্যু হয়ে তবু দাঁড়িয়ে থাকে আর এক শ্রেয়তর বেলাভূমি, আরও সময় আরও প্রাগ্রসর চৈতন্যময়তায়। 'সাতটি তারার তিমিরে'ও এই চেতনা। পুরোনো সময় সুর ঢের কেটে যায়, কিন্তু যদি বলা যেতো কেটে গেছে। পুনরুদয়ের ভোর আসে, কারণ সময় যে অপার। সে অনেক বিচিত্ররাত শেষ করে, তবু মানুষের আর ঘুমোবার হৃদয় নেই। বনলতা সেনের মুখোমুখি হতে গিয়ে তিনি জেনেছেন পৃথিবীর গভীর, গভীরতর অসুখ এখন। এখানেও দেখি 'কোথাও সান্ত্বনা নেই পৃথিবীতে আজ।'

বনলতা সেনের কবিতাগুলিকে একটা মোটামুটি ভাগ করা যায় কিনা দেখতে গেলে দেখা যায় চরিত্রের দিক থেকে দারুণ পার্থক্য কিছু নেই, তবু আছে আর আছে গঠনে এবং সুরে।

এক ॥ ঘাস, হায় চিল, বুনো হাঁস, হরিণেরা, তুমি, ধান কাটা হয়ে গেছে, শিরীষের ডালপালা। হ্রস্বগঠন এইসব কবিতাগুলির মৌল রসকেন্দ্র প্রকৃতি। হায় চিল সম্পূর্ণ গাথা-গীতি। অন্যগুলিতে প্রকৃতির দৃশ্যচিত্রের আড়াল থেকে একটা সিদ্ধান্ত উঠে এসেছে।

দুই ॥ অন্ধকার, কমলালেবু, হাওয়ার রাত, শিকার, আমি যদি হতাম অঘ্রাণ প্রান্তরে, কুড়ি বছর পরে পথ হাঁটা, আমাকে তুমি, বেড়াল, দুজন, নগ্ননির্জন হাত। কবিতাগুলি মূলত বক্তব্যধর্মী এবং বর্ণনামূলক। বর্ণনার মধ্যেও বক্তব্যের আয়োজন ঘটে গেছে। এই ভাগের রচনাগুলিতে হ্রস্বদৈর্ঘের পার্থক্য কবিতা থেকে কবিতান্তরে বেশ বড়। অধিকাংশই সম্পূর্ণ গদ্যে আর কিছু যা সমিল তাও প্রায় গদ্য পয়ারের চালে। এইসব কবিতার পটভূমি

প্রকৃতি, তবে প্রকৃতি সম্বন্ধে কোন বক্তব্য এখানে নেই ততটা, যতটা আছে মানুষ প্রেম প্রভৃতির। প্রকৃতির বিশিষ্ট কিছু দৃশ্য গন্ধ অন্ধকার আর তার ক্ষমাহীন অনিবার্যতা শুধু কথা বলবার প্রধান সহায়।

তিন॥ বনলতা সেন, সুদর্শনা শ্যামলী, সুচেতনা, সুরঞ্জনা, শঙ্খমালা, মিতভাষণ ইত্যাদি কবিতাগুলি কথা আর কবিতা আশ্চর্যভাবে সুসমঞ্জস। এগুলি এদিক থেকে আমাদের সাহিত্যের বিশিষ্ট অর্জন। শুধুই নারীচিত্র এইসব কবিতার মূলে বলে মনে করতে আমার বাধে। অবশ্য এর মধ্যে দুএকটি কবিতায় সমস্যাটি ততো স্পষ্ট নয় যা অন্যগুলিতে। সুচেতনা কি শুধুই এক নামমাত্র না আরও মহত্তর অর্থে ইংগিতময়! সু-চৈতন্য ওখানে সম্বোধিত মনে করলে অর্থগ্রহণে আমার কাছে যথেষ্ট স্বচ্ছতা আসে। মানুষের সামরিক হৃদয় থেকে সুস্থচৈতন্য বুঝি অবসিত, সে যেন নক্ষত্রলোকের দূরত্বে নির্জন এক দ্বীপ, সুরঞ্জনাও যেন সানুরাগ বা প্রেমের প্রতীক। আমাদের পৃথিবীতে সে এক আদি অভিজ্ঞানের মতো। এই আংগিকের অর্থবোধে আমিও সবকটি কবিতার সম্বন্ধে নিশ্চিত হতে পারিনি। তবু এই ধারণা আমাকে আচ্ছন্ন করেছে। নামগুলির অপ্রচলন প্রথমত আর দ্বিতীয়ত শুধুই নারীপ্রেম এর উপজীব্য মনে করলে অর্থগ্রহণের প্রায় অসুবিধাই এদিকে আমাকে টানে। বনলতা সেনে কবির দৃষ্টি প্রকৃতিকেন্দ্রিক যেমন 'সাতটি তারার তিমিরে' তিনি মানবসমাজ সম্বন্ধে যত ভিন্ন এবং হতাশ ভাবেই হোক অবহিত। বনলতা সেন নামটিও ব্যঞ্জনাময়। এর মধ্যে প্রকৃতি প্রতিবিম্বিত নারীমুখে। তাই তার নাম হোল বন-লতা। যে চৈতন্যজর্জর প্রাণ আশ্রয় খুঁজছে তাকে আশ্রয় দিতে পারে শান্তি দিতে পারে দুদণ্ডের শুধু বনলতা সেন তথা প্রকৃতি। যে ইতিহাস মৃত তাকি স্বাভাবিক নিয়মেই প্রকৃতির অংগ নয়, অর্থাৎ ইতিহাসের সেই সব ভগ্ন তোরণ প্রাসাদ প্রাচীর। এই প্রকৃতি সেই অতীত ইতিহাসের লুপ্ত অধ্যায়ের অন্ধকার আর তার দুর্লভ শিল্পের সৌন্দর্যের লীনতায় আর ঐতিহ্যে গভীরসুন্দর। বনলতা সেনের চুলে তাই অন্ধকার বিদিশারাত্রির গাম্ভীর্য, মুখে শ্রাবস্তীনগরীর গভীর সৌন্দর্য। শ্যামলীকে তাই যৌবনের প্রতীক মনে হয়। এই যৌবন প্রাচীন, প্রেমেরই মতো পৃথিবীর বয়সিনী। পুরোনো শতাব্দীর সঞ্চিত শক্তি তাকে ঘিরে। কতবার এই শ্যামল প্রেরণায় তারা ললিতস্বাচ্ছন্দ্যের আশ্রয় ছেড়ে সংগ্রামে ডুবে গেছে। কি সুরঞ্জনা বা শ্যামলী সবাই-ই তাই মেয়ের মতন, মেয়ে নয়, আমার যেন মনে হয় আমাদের আদিম মূল্য বোধগুলি কবিতায় এসেছে নারীরূপে, কারণ বুঝি তারা নারীরই মতন কাম্য, অনিবার্য আকর্ষণ, আমাদের অবচেতনার আড়ালে তাদের প্রেয়সীর আসন নিশ্চিত।

বৃহত্তর প্রতিভারা আছেন আমার এ ধরণের গ্রহণের যৌক্তিকতা বিচারে। ব্যাখ্যা নয়, আমি শুধু সংকেত দিলাম। এমন একটি অর্থ আমাকে গ্রহণ করেছে। আমার এ আলোচনা নেহাৎই পাঠকের পর্যায় থেকে। জীবনানন্দের কবিতার বিশিষ্ট লক্ষণগুলি তাঁর ভাষা শব্দ চিত্র বহিরংগমাত্র। অন্তরংগেই তিনি সত্যকারের জটিল। তাঁর চিন্তনদর্শনের

অনিবার্য কুয়াশায়। ইতিহাস, সময়, প্রকৃতি তিনটিই নাগালের বাইরে মানুষের, কিছুটা বা সম্পূর্ণ। এইগুলিই যাঁর কাব্য উপাদান তাঁর প্রকাশভংগি আশ্চর্যসরল হয়েও যথার্থ দুরূহ হবেই। ব্যক্তিগত ধারণার ধ্যানী বুনোনিকে যিনি ছুঁয়ে তন্ময়তায় মগ্নসর্বস্ব তিনিতো আর্ষ নির্জনতার অধিবাসী। তবু হাজার বিদেশী শৈলী আর চিন্তনের তীক্ষ্ণ দার্শনিক নিবিড়তা পেরিয়েও তিনি মায়াবীস্বরেলা, এমন কি ইদানীং তিনি সম্পূর্ণ দর্শনলোকের বাসিন্দা হয়েও তাঁর কাব্যভাষার প্রসাদে মনোহারী ছিলেন। জনপ্রিয় তিনি হতে পারেন না, তবু প্রিয় যে তিনি তা বহুলত এই কারণেই।

বিজ্ঞান ও বিশ্বজগৎ

দিলীপকুমার ভদ্র—পঞ্চম বর্ষ, বিজ্ঞান

বৈজ্ঞানিক অনুসন্ধিৎসা মানুষের অত্যন্ত আদিম ও চিরন্তন প্রবৃত্তি। এই অনুসন্ধিৎসার ফলেই মানুষ আজ তার চারিদিকের বিশ্বপ্রকৃতি সম্বন্ধে নানারকম জ্ঞানের অধিকারী। বিশ্বের রূপকল্পনাও এই জ্ঞানলাভের দরুণই সঞ্জাত। এই বস্তুরূপ ও বৈজ্ঞানিক পরিচিতির মূল ভিত্তি হচ্ছে পরীক্ষালব্ধ জ্ঞান। বস্তুজগৎ থেকে প্রাপ্ত এই জ্ঞানের সাহায্যে বস্তুধর্মের এবং সেই সঙ্গে প্রকৃতির একটা নিয়মানুগ কাঠামো তৈরী করাই বিজ্ঞানের উদ্দেশ্য।

বৈজ্ঞানিক পরীক্ষা সম্পূর্ণরূপে অনুভূতিমূলক; বহিঃপ্রকৃতির বিভিন্ন অভিব্যক্তি, যেগুলিকে আমরা ঘটনা বা phenomena বলতে পারি, তাদের অস্তিত্ব নির্দেশ করা এবং সেই-সঙ্গে বিভিন্ন পরিবেশের ভিতর তাদের বহিঃপ্রকাশের রূপপরিবর্তন অনুধাবন করাই বৈজ্ঞানিক পরীক্ষার উদ্দেশ্য। কিন্তু এই পরীক্ষালব্ধ জ্ঞান এবং তাদের মধ্যে একটা পারস্পরিক যোগসূত্র বা সহজ কথায়, তাদের একটা আকৃতি গড়ে তোলার ব্যাপারটা মোটামুটিভাবে উপলব্ধিমূলক। মানুষের অন্তঃপ্রকৃতির সঙ্গে বহিঃস্থ বিশ্বের যোগাযোগ ঘটছে এই উপলব্ধির ভিতর দিয়েই। মানুষের আদিম অনুসন্ধিৎসা, যা যুগে যুগে নূতন নূতন জ্ঞানোন্মেষের সহায়তা করছে, তাও নব নব রূপে জেগে উঠে এই উপলব্ধিরই বিভিন্ন ধারার ভিতর দিয়ে।

তাহলে দেখা যাচ্ছে যে, বৈজ্ঞানিক দর্শনের কার্যক্রম মোটামুটিভাবে দু'টি স্তরে ভাগ করা যেতে পারে—

(১) অনুভূতি স্তর, ও (২) উপলব্ধিস্তর। এই দু'টি স্তরের অন্তর্নিহিত যোগসূত্রটি সম্পূর্ণ যুক্তিবাদের উপর নির্ভরশীল। আর একটি জিনিষ, যা এই উপলব্ধিস্তরের অন্তর্ভুক্ত হওয়াই বাঞ্ছনীয়, সেটা হচ্ছে চিহ্নাঙ্কন বা Symbolism। যখন আমরা কোনও পরীক্ষা বা পরিমাপ করছি, তখন সত্যি আমরা কি করছি তার উপলব্ধি বা জ্ঞানকে সাধারণতঃ

আমরা গাণিতিক চিহ্নের ভিতর দিয়ে প্রকাশ করে থাকি। তাহলে দেখা যাচ্ছে যে, অনুভূতিস্তরে যা ঘটছে উপলব্ধিস্তরে তার ছাপ বিভিন্ন গাণিতিক চিহ্নের ভিতর দিয়ে প্রকাশ করা যেতে পারে। এর একটি অতি আধুনিক উদাহরণ হচ্ছে Symbolic Algebra যা এডিংটন ব্যবহার করেছেন।

উপরে এতগুলি কথা বলবার দরকার হচ্ছে এই জন্য যে, প্রকৃতির সঙ্গে মানুষের বৈজ্ঞানিক পরিচয় ঘটছে কতকগুলি বিভিন্ন স্তর পেরিয়ে। এটাও খুব পরিষ্কার যে, বৈজ্ঞানিক কাঠামো যেটা গড়ে তোলা হচ্ছে, সে এই উপলব্ধি স্তরেই ঘটছে। সুতরাং, এই স্তরের ছাপ বা চিহ্নাঙ্কনকে নির্জলা বাস্তব অনুভূতির দ্বারা বিশ্লেষণ করতে গেলে নানারকম গোলমাল ও ভুল বোঝাবুঝির ব্যাপার উপস্থিত হতে বাধ্য। তাহলে আমরা দেখতে পাচ্ছি যে বিজ্ঞান ও বহির্বিশ্বের মধ্যে নিম্নলিখিতভাবে যোগাযোগ ঘটছে—

প্রাকৃতিক ঘটনা —> অনুভূতি স্তর —> উপলব্ধিস্তর —> গাণিতিক বিশ্লেষণ
[বৈজ্ঞানিক সত্য]

সুতরাং, বিজ্ঞানকে যদি আমরা প্রাকৃতিক দর্শন বলি, তাহ'লে কোনও ভুল বলা হয় না। অনুভূতি স্তরের অভিজ্ঞতা থেকে আমরা উপলব্ধি স্তরে যে সব সত্য খাড়া করি সেগুলির সবগুলিই বৈজ্ঞানিক সত্য কিনা এবং তাদের ভিতর মানুষের সহজাত বুদ্ধি ও অনুভূতি কতখানি কার্যকরী তা বিচার করে দেখবার পূর্বে, বিজ্ঞান কিভাবে আজ পর্যন্ত প্রকৃতিকে বিশ্লেষণ করেছে, তা মোটামুটিভাবে একবার দেখা যাক।

ক্লাসিকাল যুগে প্রকৃতিকে অত্যন্ত সুসমঞ্জস ভাবা হ'ত এবং সেখানে কোন কিছুই যে খামখেয়ালীভাবে চলছে না, তাও ধরে নেওয়া হ'ত। তখন কার্যকারণবাদের সর্বময় আধিপত্য ছিল। তখনকার দর্শন ও যুক্তিবিজ্ঞান কতকগুলি অতি সাধারণ অনুমানের উপর গড়ে উঠেছিল। তার মধ্যে একটি হচ্ছে কার্যকারণবাদ। কার্য এবং কারণের ভিতর দিয়েই কোনও অনুমানগত মতবাদ একটি প্রাকৃতিক নিয়মে পর্যবসিত হ'ত। গতিবিদ্যার সুদৃঢ় নিয়মগুলিই ছিল তখন প্রকৃতিকে বোঝবার একমাত্র উপায়। কোনও বস্তুর বর্ত্তমান গতি ও অবস্থা জানা থাকলে, পরে যে কোনও সময়ে তার কি অবস্থা হ'বে, তা একেবারে সুনির্দিষ্টভাবে জানিয়ে দেওয়া সম্ভব বলে ধরে নেওয়া হ'ত। অণু, পরমাণু, ইলেক্ট্রন ইত্যাদি কণিকা তখন বিজ্ঞানীদের অজানা ছিল, বস্তুর বৃহত্তর সত্তার সঙ্গেই তাদের পরিচিতি সীমাবদ্ধ ছিল। মোটামুটিভাবে তখনকার বিজ্ঞান প্রকৃতিকে অনুভূতি ও অনুভূতিমূলক তুলনার সাহায্যে চিত্রিত করবার জন্য যথাসাধ্য চেষ্টা করত। কিন্তু ইলেকট্রন, প্রোটন ইত্যাদি বস্তুকণিকা আবিষ্কারের সঙ্গে সঙ্গে এবং বস্তুর ক্ষুদ্রতম সত্তার সঙ্গে বিজ্ঞানীদের পরিচয়ের সঙ্গে সঙ্গে এটা ক্রমশঃই পরিষ্কার হ'তে লাগ্‌ল যে, বস্তুর বর্ত্তমান অবস্থা একেবারে সুনির্দিষ্টভাবে জানা অসম্ভব। বর্ত্তমান অবস্থাই যদি সুনির্দিষ্টভাবে জানা না থাকে তবে ভবিষ্যতের অবস্থাও সুনির্দিষ্টভাবে জানার কোনও প্রশ্নই উঠে না। তাহলে দেখা

যাচ্ছে যে, ক্ল্যাসিকাল কার্যকারণবাদের ঋজুতা এখানে কিছুটা ঢিলে হয়ে পড়ছে। আপেক্ষিকতাবাদ, কোয়াণ্টাম্ পরিমিতিবাদ ও অনির্দেশ্যবাদ গড়ে উঠার সঙ্গে সঙ্গে ক্ল্যাসিকাল কার্যকারণবাদের সার্বজনীনতা ক্রমশঃ কমে আসতে লাগল। প্রকৃতির সঙ্গে মানুষের পরিচয়ের রূপ তখন বদলে গেল। সম্পূর্ণ অনুভূতিগত পরিচয় তখন আর সম্ভব হ'ল না।

অনুভূতিগত পরিচয় যে কখনও পরিপূর্ণ (complete) হতে পারে না, তা একটা উদাহরণের সাহায্যে পরিষ্কার হয়ে যাবে। ধরা হাক, ত্বরণশীল (accelerating) একটি ইলেকট্রনকে আমরা পরীক্ষা করছি। এখানে পরিমাপ আমরা যেটা করছি, তা ঠিক ঐ ইলেকট্রনটিকে নিয়ে নয়, সেটা তার গতির জন্য নির্গত বিদ্যুচ্চুম্বকীয় তরংগকে নিয়ে; এবং এ থেকে আমরা ইলেকট্রনটির গতি ও শক্তি সম্বন্ধে আন্দাজ করতে পারি। তাহ'লে, এখানে প্রকৃত ইলেকট্রনটি কিন্তু অনির্ণেয়ই থাকছে। ব্যাপারটা এখানে মোটামুটি দাঁড়াচ্ছে এই রকম—এক্ষেত্রে, অনুভূতিস্তরে আছে বিদ্যুচ্চুম্বকীয় তরংগের উপর কতকগুলি পরিমাপ ও পরীক্ষা। উপলব্ধিস্তরে আছে, এই পরিমাপ ও পরীক্ষা দ্বারা কি করা হচ্ছে, তা বোঝবার চেষ্টা ও তার গাণিতিক বিশ্লেষণ। এই উপলব্ধির সময়ই আমরা বলছি যে, এই সকল তরংগের উদ্ভব ব্যাখ্যা করা যেতে পারে যদি একটি ঋণাত্মক বিদ্যুদাহিত কণিকার (অর্থাৎ, ইলেকট্রনের) অস্তিত্বের কথা আমরা মেনে নি, এবং এটা বলার পরই আমরা তার গতি-শক্তি ইত্যাদি সম্বন্ধে গাণিতিক বিশ্লেষণ করতে পারি, তার আগে নয়; বস্তুর অস্তিত্ব কিন্তু এখানে আপনাআপনিই ধরে নেওয়া হচ্ছে। ঠিক এমনিভাবেই বিভিন্ন পরীক্ষা থেকে আমরা প্রোটন, নিউট্রন, পজিট্রন (ধনাত্মক ইলেকট্রন), মেসন, ইত্যাদি আদিম বস্তুকণিকার অস্তিত্বের কথা ধরে নি। তাহ'লে বৈজ্ঞানিক অস্তিত্ব সম্পূর্ণরূপে অনুভূতিমূলক নয়। বস্তুর নির্দিষ্ট কতকগুলি ধর্ম আছে এবং তা জানবার জন্য আমরা যে সব পরিমাপ বা পরীক্ষা করে থাকি, এই দুটোকে অঙ্গাঙ্গীভাবে জড়িয়েই বস্তুর বৈজ্ঞানিক অস্তিত্ব। সুতরাং পরীক্ষা বা পরিমাপের সময় যে সকল অনির্দেশ্যতা অবশ্যম্ভাবীরূপে চলে আসবে তা বস্তুর অবস্থানকেও অনির্ণেয় করে তুলতে বাধ্য। তবে একটা কথা সব সময় মনে রাখতে হ'বে, এই অনির্ণেয়তা থেকে যদি আমরা ধরে নি যে, বিজ্ঞানী বস্তুজগতের সঙ্গে সংশ্লিষ্ট কোনও ঘটনা বা কোনও কিছুরই নির্দ্দেশ করতে পারেন না বা সে সম্বন্ধে অবহিত পারেন না, তা হ'লে ভয়ানক ভুল করা হ'বে। প্রকৃতপক্ষে, আধুনিক বিজ্ঞানী প্রাকৃতিক ঘটনা ও বস্তুর সম্পর্কে সর্বদাই অবহিত, তবে সে সম্বন্ধে একেবারে সুনির্দিষ্টভাবে বলা তার পক্ষে অসম্ভব, তিনি কেবলমাত্র তার কতখানি সম্ভাব্যতা আছে, সেটুকুই বলতে পারেন।

এবার আমরা প্রকৃতির বস্তুরূপ সম্বন্ধে একটু আলোচনা করব। স্বভাবতঃই এমন একটা প্রশ্ন উঠতে পারে যে, বস্তু যখন সম্পূর্ণরূপে নির্ণেয় হচ্ছে না, সেক্ষেত্রে তার রূপকল্পনা কি করে সম্ভব। এর উত্তরে প্রথমেই একটা কথা মনে রাখতে হ'বে যে, বস্তুর রূপকল্পনা

একটা সম্পূর্ণরূপে অনুভূতিগত তুলনা মাত্র। পরমাণুর উপর বিভিন্ন পরীক্ষা থেকে রাদারফোর্ড মনে করতেন যে পরমাণুর অভ্যন্তরে কতকগুলি ইলেকট্রন বিভিন্ন বৃত্তাকার পথে কেন্দ্রের চারধারে ঘুরছে। এখানে পরমাণু সম্বন্ধে আমাদের যে উপলব্ধি হয়েছে তার একটা অনুভূতিমূলক পরিচয় দেওয়া হচ্ছে। এ রকম একটা পরিচয় না দিলেও তেমন খুব একটা গুরুতর ক্ষতি হ'ত না। আধুনিক তরংগ বলবিদ্যার (Wave Machines) আলোকে দেখতে গেলে এই একই জিনিস আবার একটু অন্যরকম দাঁড়ায়। এখানে ইলেকট্রন সম্পূর্ণ-ভাবে নির্ণেয় হচ্ছে না এবং সেক্ষেত্রে বর্তুলাকার পথে ঘূর্ণায়মান ইলেকট্রনের কল্পনা অসম্ভব। সেখানে ইলেকট্রনটিকে একটি তড়িদাহিত মেঘের মত কল্পনা করা হয়; অর্থাৎ তখন ইলেকট্রনটি একটি নির্দিষ্ট বিন্দুতে না থেকে একটা জায়গা জুড়ে ছড়িয়ে থাকে। যেহেতু ইলেকট্রনটিকে পরীক্ষার সাহায্যে কোনও নির্দিষ্ট বিন্দুতে আছে কিনা জানা সম্ভব নয়, সে জন্যই এরকম একটা ব্যাপার দাঁড়াচ্ছে। তাহ'লে দেখা যাচ্ছে, যে অনুভূতি স্তরে একটা নির্দিষ্ট অনুভূতি হয়েছে বটে, কিন্তু উপলব্ধি স্তরে তার রূপায়ণ বিভিন্ন হ'তে পারে, তা'তে কোনও কিছু যায় আসে না। বিভিন্ন বৈজ্ঞানিক চিন্তাধারার মধ্যে সংলগ্নতা রাখতে গেলে উপলব্ধিস্তরের এরকম পরিবর্তন হ'য়ে থাকে, কারণ বিজ্ঞানের যে আকৃতি গড়া হচ্ছে, এবং সেইসঙ্গে প্রকৃতির যে রূপারোপ আমরা করছি, তা এই উপলব্ধিস্তরেই গড়ে উঠছে। এ রকম একটা আকৃতি গড়ে তোলার ব্যাপারটাকে যদি আমরা কেবলই বাস্তবতার ভিত্তিতে যাচাই করবার চেষ্টা করি তাহ'লে সুস্পষ্টরূপে বোঝা যাচ্ছে যে সেক্ষেত্রে ভীষণ ভুল করা হ'বে। উপলব্ধিকে এই যে স্তরীভূত করে তোলা হচ্ছে তা অনুভূতির সঙ্গে মিলিয়ে দেখতে গেলে একেবারে অন্যায় করা হ'বে; এটাকে দেখতে হ'বে তার সম্পূর্ণ নিজের দিক থেকে, একটা নূতন ধরণের অভিজ্ঞতা নিয়ে, দেখতে হ'বে তার ভিতরকার সুসমঞ্জস রূপ, তাহলেই তখন তা বাস্তব বলে বোধ হবে। বাস্তবতা আপেক্ষিক এবং সেই জন্য বিজ্ঞানের এই যুক্তিসমৃদ্ধ রূপ, যা অনুভূতিকে নিয়ে অথচ অনুভূতিকে ছাড়িয়ে গড়ে উঠেছে, তাকে প্রকৃতির আসল রূপ বলে মেনে নিতে আমাদের কোনও বাধা থাকা উচিত নয়। সত্য যে একটা আছে এবং তার খোঁজ করাই যে বিজ্ঞানের প্রচেষ্টা, সেটাও সবসময় মনে রাখতে হ'বে। বৈজ্ঞানিক জ্ঞান বা সত্য যা মানুষের কতকগুলি অতি প্রাথমিক সহজাত বুদ্ধি ও অনুভূতির উপর নির্ভরশীল (এবং যে সব অনুভূতি সব সময় যুক্তিসহ না হ'লেও উপেক্ষা করা যায় না) এবং যা দিয়ে প্রকৃতির বৈজ্ঞানিকরূপ গড়ে তোলা হচ্ছে, তা কতখানি মৌলিক বা চিরন্তন হ'বে তা যাচাই করতে হবে, সেই জ্ঞান কতটুকু সংলগ্ন (Coherent) বা বিভিন্নমুখী প্রাকৃতিক জগতে তা কতখানি প্রযোজ্য তার দ্বারা। এইভাবে বিচার করে নিলেই প্রকৃতির বৈজ্ঞানিক রূপের বাস্তবতাকে স্বীকার করে নিতে আমাদের নীতিগত কোনও বাধা থাকা উচিত নয়।

প্রকৃতির বৈজ্ঞানিক রূপ সম্বন্ধে এবার কয়েকটি উদাহরণ দেওয়া যাক। এই সব

উদাহরণের ভেতর দিয়ে আমরা প্রধানতঃ বিজ্ঞানের সঙ্গে প্রকৃতির সম্বন্ধের ব্যাপারে আগে যা বলা হয়েছে তাই পরিষ্কার করে দেখবার চেষ্টা করব।

আপেক্ষিকতাবাদ অনুসারে বিশ্বকে একটা চতুর্মাত্রিক জগৎ হিসেবে ধরা হয় এবং বস্তুকে দেশ-কাল-সন্ততির (Space-time-continuum) ভেতর আবদ্ধ বলে ধরে নেওয়া হয়। এর আগে বিশ্বকে ত্রিমাত্রিক বলে ধরে নেওয়া হ'ত। কিন্তু সমগ্র বিশ্বে বিভিন্ন বৈজ্ঞানিক সূত্রের সামঞ্জস্য রাখবার জন্যে এবং কতকগুলি পরীক্ষামূলক সত্যের ব্যাখ্যা করবার জন্য, আইনষ্টাইন গাণিতিক বিশ্লেষণের সাহায্যে দেখলেন যে, বিশ্ব চতুর্মাত্রিক হ'লে এ সব ব্যাখ্যা সম্ভবপর এবং তিনি সময়কে বিশ্বের চতুর্থমাত্রা হিসেবে নির্দেশ করলেন। এখানে পরিষ্কার দেখা যাচ্ছে যে, বিভিন্ন পরীক্ষা থেকে যে বিশ্বকে আমরা বিজ্ঞান সম্মতভাবে উপলব্ধি করছি, অর্থাৎ উপলব্ধিস্তরে বিশ্বের যে রূপ গড়ে তোলা হচ্ছে, তা চতুর্মাত্রিক। এটা যদি পঞ্চমাত্রিকও হ'ত, তাহলেও কোনও ক্ষতি ছিল না। (প্রকৃতপক্ষে, ক্লাইন ও কালুজা নামক দুইজন বিজ্ঞানী একটি পঞ্চমাত্রিক বিশ্বের গাণিতিক পরিকল্পনাও করেছিলেন।) কেবলমাত্র এ রকমই একটা চতুর্মাত্রিক বিশ্বে বস্তু অবস্থান করলে প্রকৃতির বিভিন্ন ঘটনাবলী সুসমঞ্জস-ভাবে ব্যাখ্যা করা যায়। সুতরাং প্রকৃতির বিভিন্ন ঘটনাবলীও এ রকম একটা বিশ্বের অবিচ্ছেদ্য অংগ। আইনষ্টাইন আরও বললেন যে কোনও বস্তুর অবস্থান এ রকম একটা বিশ্বে একটি মহাজাগতিক রেখা বা দেশ-কাল রেখা (World Line) দ্বারা নির্দেশ করা যেতে পারে। চতুর্মাত্রিক বিশ্বে অবস্থিত বস্তুনিচয়ের গুণাবলীও এই রেখার দ্বারা সুনির্দিষ্ট হয়।

হাব্‌বল ও আরও কয়েকজন প্রখ্যাত জ্যোতির্বিজ্ঞানী বিশ্বের দূরবর্ত্তী নীহারিকাসমূহ হ'তে আগত আলোকের বর্ণালী বিশ্লেষণ করে একটু অতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে এসে পৌঁছেছেন। তাঁদের মতে নীহারিকাসমূহ ক্রমশঃ পরস্পরের কাছ থেকে দূরে সরে যাচ্ছে এবং পৃথিবী থেকে তাদের দূরত্ব বেড়ে যাওয়ার গতিবেগ, যে নীহারিকা যত দূরে, তার তত বেশী। এ থেকে ক্রমবর্ধমান মহাবিশ্বের একটি পরিকল্পনা বিজ্ঞানীরা গড়ে তোলেন। বিজ্ঞানীদের মতে, আইনষ্টাইনের পরিকল্পিত চতুর্মাত্রিক বিশ্বে বস্তুর অবস্থিতির দরুণ এ রকম একটা ব্যাপারের উদ্ভব হওয়া অস্বাভাবিক নয়। এ সম্বন্ধে অবশ্য নানারকম মতবাদ প্রচলিত আছে। তবে অধুনা প্রচলিত প্রখ্যাত জ্যোতির্বিজ্ঞানী বণ্ডির স্থিতিবান বিশ্বের (Steady-state Universe) পরিকল্পনাটিতে কিছুটা নূতনত্ব আছে। আমরা জানি, যে নীহারিকা যতদূরে, তার অপসৃত হবার গতিবেগও তত বেশী। সুতরাং, দূরবীক্ষণের সাহায্যে পরীক্ষা চালাতে আমরা এমন কতকগুলি বহুদূরবর্ত্তী নীহারিকা দেখতে পাব যাদের দূরে সরে যাওয়ার গতিবেগ আলোর গতিবেগের প্রায় সমান হয়ে গেছে। এই ক্রমবর্ধমান গতিবেগ যখন ঠিক আলোর গতিবেগের সমান হবে তখন সেখান থেকে কোনও আলোক এসে আর পৃথিবীতে পৌঁছবে না। তখন ঠিক যেন আমরা বিশ্বের একটি দিগন্তসীমায় পৌঁছে গেছি বলে মনে হ'বে। এই সীমানার অপরদিককার নীহারিকাসমূহ

আমাদের দৃষ্টিগোচর হবে না। বণ্ডির মতে, এই দিগন্ত সীমাতে বস্তু আপনাআপনিই তৈরী হচ্ছে। কিছুদিন আগে যেখানে কোন বস্তু দেখা যাচ্ছিল না, সময়ের গতির সঙ্গে সঙ্গে সেখানে ক্রমশঃ বস্তু দেখা দেবে। মহাশূন্য থেকে বস্তুর এই স্বতঃস্ফূরিত জন্মের হার এত কম (বিজ্ঞানীদের মতে, প্রায় একটি হাইড্রোজেন অণু মহাশূন্যের এক লিটর জায়গায় এক বিলিয়ন বছরে তৈরী হচ্ছে) যে তা কোনও পরীক্ষা দ্বারা মিলিয়ে নেওয়া সম্ভবপর নয়। কিন্তু এর ফলে ক্রমবর্ধমান মহাবিশ্বে বস্তুর ঘনত্ব নিয়ত একরকমই থেকে যাচ্ছে। বণ্ডির পরিকল্পিত এই বিশ্বের বিস্তৃতি অসীম এবং এর সময়ধারাও অনন্ত। বস্তুর নিরন্তর উদ্ভবের দরুণ অবশ্য এই জগৎ সর্ব্বদা এক স্থিতিবান অবস্থায় আছে।

মহাশূন্য থেকে বস্তু কেন এবং কি ভাবে আপনাআপনি তৈরী হচ্ছে, এ প্রশ্ন অনেকেই ন্যায়সংগতভাবে করতে পারেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গেই বলতে হচ্ছে যে, তার কোনও উত্তর নেই।

"কেন হ'বে"—এ প্রশ্নের উত্তর বিজ্ঞানের দেবার কথা নয়। বস্তুর মধ্যে মহাকর্ষণ কেন থাকবে, সে প্রশ্নের উত্তর বিজ্ঞানের কাছে চাওয়া অন্যায়। যদি মহাকর্ষণ থাকে তবে কি কি ঘট্‌বে বা সম্ভাব্য কি কি হ'তে পারে, সেটাই বিজ্ঞান কতকগুলি অনুভূতি ও কতকগুলি প্রাথমিক অনুমানের উপর নির্ভর করে বল্‌তে পারে, এবং তা থেকে উপলব্ধি স্তরটা কিভাবে গড়ে উঠ্‌বে তাও বল্‌তে পারে। এক্ষেত্রে, যেখানে আগে কোনও কিছু ছিল না, সেখানে পরে যদি বস্তু দেখা গিয়ে থাকে, তাহ'লে সেটা কোথা থেকে এসেছে, সেই প্রশ্নটা পুরোপুরি অর্থহীন নয় কি? যদি বস্তু জন্মাবার পূর্বে সেখানে অন্য কিছু থাকত তাহলেই না প্রশ্নটা অত্যন্ত ন্যায়সংগত হ'ত। তবে, শুধু আমরা একটি কথাই বল্‌তে পারি যে, বিশ্ব সম্বন্ধে পরীক্ষাগত যে সকল অনুভূতি আমাদের হয়েছে (যেমন, সেটা ক্রমবর্ধমান, তাতে বস্তুর একটা নির্দিষ্ট ঘনত্ব আছে, ইত্যাদি), তা থেকে বিজ্ঞানসম্মত ভাবে যে বিশ্বকে আমরা উপলব্ধি কর্‌ছি তাতে মহাশূন্য থেকে বস্তুর নিয়ত সৃষ্টি একটি অঙ্গ মাত্র, যার ফলে প্রাকৃতিক নিয়মের সুসামঞ্জস্য রক্ষিত হবে এবং অন্যান্য পরীক্ষামূলক সত্যেরও ব্যাখ্যা করা যাবে। এখানে একটা কথা স্মরণ করিয়ে দেওয়া অন্যায় হবে না যে, বিশ্বপ্রকৃতির অন্তর্নিহিত আকৃতি যে একটা সুসমঞ্জস ঐক্য মেনে চলে, তা বিশ্ব সম্বন্ধে মানুষের অতি আদিম অনুভূতি ও উপলব্ধির অন্তর্গত।

আমরা আগেই বলছি যে, মহাবিশ্বে যে কোনও বস্তুর (ধরা যাক, একটি ইলেকট্রনের) অবস্থান একটি মহাজাগতিক রেখা দ্বারা নির্দিষ্ট করা হয়ে থাকে। বিশ্ববিখ্যাত বিজ্ঞানী ডিরাকের মতবাদ অনুসারে, মহাশূন্যের সকল স্থানে অগুণ্‌তি ইলেকট্রন নেগেটিভ্‌ শক্তিসমন্বিত অবস্থায় আছে; এর অর্থ হচ্ছে এই যে, কেবলমাত্র পজিটিভ্‌ শক্তি, কতকগুলি নির্দিষ্ট অবস্থায়, প্রয়োগ কর্‌তে পারলে ইলেকট্রন সাধারণ স্তরে এসে যায় এবং তখন তার অস্তিত্ব পরীক্ষামূলকভাবে প্রমাণ করা যায়। নেগেটিভ্‌ শক্তিসমন্বিত অবস্থা থেকে উন্নীত

হওয়ার ফলে মহাশূন্যে যে ফাঁক থেকে যাবে, সেটা সর্বদাই ইলেকট্রনকে আকর্ষণ করবার চেষ্টা কর্‌বে। স্বভাবতঃই, এই ফাঁকটির অস্তিত্ব পরীক্ষামূলক যে সব ধর্মের দ্বারা নির্নীত হবে, সেগুলি ইলেকট্রনের ধর্মের সম্পূর্ণ বিপরীত হ'বে। এইসব ফাঁকগুলির নাম দেওয়া হয়েছে পজিট্রন। এদের ভর ইলেকট্রনের সমান কিন্তু গুণাগুণ (যেমন, বিদ্যুতাধান, ইত্যাদি) ইলেকট্রনের সম্পূর্ণ বিপরীত ধরণের। এ দু'টি কণিকার ধর্ম সম্পূর্ণ বিপরীত হওয়ার দরুণ তাদের মহাজাগতিক রেখাও দু'টি সম্পূর্ণ বিপরীত দিক নির্দেশ কর্‌বে। এ থেকে মনে হ'তে পারে যে, পজিট্রনের বেলায় সময় বিপরীত দিকে প্রবাহিত হচ্ছে; সুতরাং আমরা একটা নেগেটিভ্ সময়ধারার কথাও ভাব্‌তে পার্‌ছি। কিন্তু সম্পূর্ণ অনুভূতির দিক দিয়ে দেখ্‌তে গেলে, এ রকম ধারণা করা অসম্ভব। তাহ'লে, এখানে ব্যাপারটা কি রকম দাঁড়াচ্ছে একবার দেখা যাক। প্রকৃতপক্ষে, অনুভূতি স্তরে, ইলেকট্রন ও পজিট্রন উভয়েরই ক্ষেত্রে সময়ের পরিবর্তন একই দিকে হচ্ছে, কিন্তু উপলব্ধি স্তরে সময়ের পরিবর্তন পজিট্রনের বেলায় ইলেকট্রনের সময়ের পরিবর্তনের বিপরীত দিকে ঘটছে বলে ধরে নেওয়া হয়। এর ফলে, ইলেকট্রন ও পজিট্রনের বৈজ্ঞানিক উপলব্ধির বৈপরীত্য ঘটছে এবং চতুর্মাত্রিক বিশ্বে তাদের দু'টি বিপরীতমুখী মহাজাগতিক রেখা দ্বারা নির্দেশ করা যাচ্ছে। এ পর্যন্তই বিজ্ঞান বলতে পারে, এর বেশী কিছু বলা তার পক্ষে অসম্ভব।

এরকম অনেক উদাহরণ আছে যেখানে বিজ্ঞানের সঙ্গে প্রকৃতির সম্বন্ধ কোথায়, এবং কিভাবে বিজ্ঞান প্রকৃতির বাস্তব রূপ গড়ে তুলছে, তা পরিষ্কারভাবে বোঝান যায়। অনেকে এ রকম একটা প্রশ্ন তুলে থাকেন যে, উপলব্ধিস্তরে প্রকৃতির নানারকম রূপ গড়ে তোলা হচ্ছে বটে, কিন্তু এর মধ্যে "আসল" রূপ কোনটা। প্রকৃতপক্ষে, এ রকম একটা প্রশ্ন সম্পূর্ণরূপে অর্থহীন। আসল কিংবা নকল বিচার করা কেবল তার পক্ষেই সম্ভব যে দু'টোর সঙ্গেই পরিচিত আছে। প্রকৃতির সঙ্গে মানুষের পরিচয় কতকগুলি অনুভূতি ও অনুভূতি-সমষ্টির ভেতর দিয়ে। অনুভূতি বস্তু নয়, তা কেবলমাত্র বস্তুর অস্তিত্বজনিত কতকগুলি অভিব্যক্তি যা আমরা বিশ্লেষণ করতে পারি। তাই এক্ষেত্রে বস্তুর "আসল" রূপটা সম্পূর্ণরূপে কল্পনার বাইরে। তবে এ কথাটা বলা যেতে পারে, যে, উপলব্ধিস্তরে প্রকৃতির বিভিন্ন রূপায়নগুলির মধ্যে সেইটাকেই অধিকতর নিখুঁত বলে ধরে নেওয়া হবে, যেটা বিভিন্নমুখী বৈজ্ঞানিক জগতে অধিকতর সুচারুরূপে প্রযোজ্য, যার মধ্যে যুক্তিসম্মত সংলগ্নতা আছে বেশী এবং সর্বশেষে যেটা মানুষের প্রাথমিক অভিজ্ঞতালব্ধ জ্ঞানের উপর বেশী নির্ভরশীল।

এই সঙ্গে আর একটা কথাবলেই এই প্রবন্ধের শেষ করব। সেটা এই যে, কার্য থাক্‌লেই কারণ থাকবে, তা কেবলমাত্র তখনই কল্পনা করা সম্ভব যখন বস্তুর অস্তিত্ব বহিঃস্থ কোনও কিছুর দ্বারা আলোড়িত হচ্ছে না, কেননা বহিঃস্থ আলোড়নের দরুণ তার ভবিষ্যৎ অবস্থা অনিশ্চিত হয়ে যাচ্ছে, তাই তখন আর সুনির্দিষ্টভাবে কোন কিছু বলাও আর সম্ভব হচ্ছে না। আর একথাটাও মনে রাখা দরকার যে, বস্তুর বৈজ্ঞানিক অস্তিত্ব কেবলমাত্র তার

নিরঙ্কুশ অস্তিত্বকে নিয়ে কখনও হ'তে পারে না, সেটা হবে, তার বিভিন্ন ধর্ম জানবার জন্য বৈজ্ঞানিক পরীক্ষাটিকেও নিয়ে।

সুতরাং, আধুনিক বিজ্ঞানের এই অনির্দেশ্যতার আলোকে কার্যকারণবাদ সম্পর্কে আমাদের ধারণার পরিবর্তন করতে হবে, তা হ'লে বিশ্বের অন্তর্নিহিত ঐক্যও বিনষ্ট হবে না, বিজ্ঞানের সংলগ্নতাও বেড়ে যাবে।

কাব্য ও দর্শনের উপযোগিতা

অধ্যাপক **শ্রীপ্রবাসজীবন চৌধুরী**

যদি মানুষের ব্যবহারিক জীবনের কার্যকারিতা দ্বারাই কাব্য ও দর্শনের মূল্য-বিচার করতে হয়—তাহলে বলতে হবে এরা মূল্যহীন। এরা ব্যবহারিক জগতে অব্যবহার্য—প্রত্যহের জীবন-যাত্রায় কোনো উপকারে লাগে না। একথা স্বীকারকরাই এই দুইটি মানস-ব্যাপার সম্বন্ধে যথার্থ সুবিচারকরা ও এদের মর্যাদা রক্ষা করা। বস্তুর মূল্যকে তার উপযোগিতার সম-ব্যাপক মনে করা আমাদের মূল্য-জ্ঞানের সংকীর্ণতারই নিদর্শন। জীবনের সুখ-সুবিধার উর্ধে কোনো জগতের অবস্থিতি আমাদের কাছে আকাশ-কুসুমের মতোই নিরর্থক মনে হয়। তাই যে বস্তু বা ব্যাপার প্রত্যক্ষ জীবন-লোকের সম্বন্ধচ্যুত তাকে আমরা অলীক এবং মূল্যহীন বলে সরিয়ে রাখি—যেমন রাখি আমাদের স্বপ্নকে ও আমাদের ভ্রম-ভ্রান্তিগুলিকে। কাব্য ও দর্শনকে আমরা কার্যতঃ কতকটা এমনি ভাবেই সরিয়ে রাখি। এদের চিত্ত-বিলাস বলে কিছুটা মূল্য দিই কারণ বিলাসেরও উপযোগিতা আছে। কিন্তু কেমন একটু সন্দেহ বা সংকোচ-বশতঃ আমরা অনেকে এদের বিলাস-মাত্র ভাবতে পারিনে। ইচ্ছা হয় এদের কিছু মূল্য দিতে এবং সে-জন্যই খুঁজি এদের মধ্যে এমন কোন-কিছু—যার উপযোগিতা বাস্তব-জীবনেও আছে। কারণ মূল্যের সংজ্ঞা আমাদের তাই। কিন্তু এই প্রচেষ্টার ফলে আমরা এই দুইটি মানস-ব্যাপারের প্রকৃতির একটি বিকৃত রূপ কল্পনা করে থাকি এবং এদের মধ্যে এমন সব বস্তু আবিষ্কার করি যা-এদের মধ্যে নেই। অর্থাৎ এ-আবিষ্কার আমাদের উদ্ভাবনা মাত্র। এই সব অনর্থের মূলে আছে আমাদের সংস্কার—যে, আমাদের জীবন-ধারণ ও উন্নতি-সাধনই আমাদের পরম শ্রেয় ও প্রেয় এবং সকল মূল্যের মাপকাঠি। অথচ এর সঙ্গেই রয়েছে আর একটি সহজাত ধারণা যে আমাদের কাব্য ও দর্শন আমাদের নিছক চিত্তবৃত্তির বিলাস নয়—বরং কোন সত্য-লোকেরই প্রতিফলন। যেহেতু এই সত্য-লোকের ধারণা আমাদের মধ্যে খুবই অস্পষ্ট অথচ এরই প্রভাবে আমাদের কাব্য ও দর্শনকে ঠিক স্বপ্ন বা ভ্রান্তির মতো অলীক ও মূল্যহীন বলতে মন সরে না। সেইজন্য আমরা এই দুটি মানস-ব্যাপারকে

জীবনের অন্যান্য কার্যোপযোগী বস্তুর মতোই দেখতে উদ্যত হই। সেই অতিব্যবহারিক পরাজগতের আভাস যদি একেবারেই না থাকতো—তাহলে কেহই এদের কল্পনা-বিলাসের বেশী কিছু বলে মনে করতো না। কারণ এদের বিজ্ঞানের মতো ব্যবহারিক জ্ঞানের প্রকার-রূপে দেখা স্বাভাবিক নয়। যাঁরা এইভাবে দেখেন—এবং তাঁদের মধ্যে কবি ও দার্শনিকও আছেন—তাঁরা মূল্য-অর্থে ব্যবহারোপযোগিতা—এই মন্ত্রে দীক্ষিত হয়েই দেখেন। যে-কবি বা দার্শনিক এই মতানুবর্তী তাঁর কাব্য বা দর্শন বিজ্ঞানের মতোই বস্তুতান্ত্রিক হয়ে পড়ে এবং জীবনের সমসাময়িক কোন প্রয়োজন-সাধন করলেও যথার্থ কাব্য বা দর্শন-পদবাচ্য হয় না।

তাহলে এখানে প্রশ্ন ওঠে কাব্য ব্য দর্শন বলতে কি বুঝি? কাব্য বলতে আমরা সেই শব্দ-রচনাকে বুঝি—যা তাদের অর্থ ও ধ্বনির মাধ্যমে আমাদের চিত্তে কোনো স্থায়ী ভাবকে উদ্বুদ্ধ করে। একটি কাব্যে অনেকগুলি ভাবেরই রূপায়ন হয়ে থাকে কিন্তু তাদের ভেতরে একটিই প্রধান হ'য়ে চিত্ত জুড়ে থাকে এবং আর সবগুলি সেই প্রধান ভাবটির পরি-পোষক হয়। এই প্রধান ভাবটি সাধারণতঃ মানব-হৃদয়ের কোনও গভীর ও ব্যাপক আবেগ হয়, যেমন রতি, শোক, ক্রোধ ও ভয়—এবং অলংকার-শাস্ত্রে এদের 'স্থায়ীভাব' বলা হয়। এদের পরিপোষক আবেগগুলিকে সঞ্চারী বা ব্যভিচারী ভাব বলা হয়। এরা মানব-হৃদয়ের অপেক্ষাকৃত অগভীর ও চঞ্চল ভাবসমূহ যেমন "রতি" স্থায়ীভাবের সঞ্চারী-হিসেবে আকাঙ্খা, লজ্জা, হর্ষ অস্থিরতা ইত্যাদি। এখন এই সঞ্চারী ভাবগুলির রূপায়ন শব্দ-দ্বারা সরাসরিভাবে হতে পারবে—কিন্তু তাদের অভিব্যক্তি আরও প্রাণবন্ত হয় বিভাব ও অনুভাবের মাধ্যমে। যে-বস্তু বা চরিত্রকে অবলম্বন করে কোন ভাব জাগে তাকে "বিভাব" বলে—যেমন চন্দ্রালোক, তরুমর্মর, নায়ক নায়িকা। কোনো আবেগের যে স্বাভাবিক শারীরিক প্রকাশ—তাদের "অনুভাব" ব'লে—যেমন অশ্রুপাত, হাস্য ও বিভিন্ন অঙ্গভঙ্গী। এখন উপযুক্ত বিভাব অনুভাবের মাধ্যমে উপযুক্ত সঞ্চারীভাবের অভিব্যক্তি করা এবং তাদের দ্বারা একটি স্থায়ীভাবের পাঠক চিত্তে উদ্বোধনা করাই কাব্যের ধর্ম। এই কার্যে শব্দগুলির নিজস্ব ধ্বনি ও তাহাদের পরস্পরের সংমিলনে ছন্দ ও মিল—এদেরও বেশ কিছু অংশ আছে—কারণ এদেরও আবেগ জাগাবার শক্তি আছে। যাইহোক আমরা এই দেখতে পাই যে কাব্যের ধর্ম ভাবের অভিব্যক্তি-সাধন এবং একেই রসসৃষ্টি বলে কারণ ভাবের আস্বাদনই রসপ্রতীতি। এখন এইসব ব্যাপারের মধ্যে আমরা জীবনের পক্ষে উপযোগী কিছু পাই না। বরং ভাবালুতা সেইদিক হ'তে অনুপযোগী বা ক্ষতিকর। কাব্যানুশীলন মানুষকে ভাবালু ও স্পর্শকাতর করে তোলে—অথচ জীবনে সুখ-সমৃদ্ধির জন্য চাই বুদ্ধি ও পৌরুষ। কাব্যকে তাই অনেকেই সন্দেহের চক্ষে দেখেন—এ যে মানুষের দুর্বলতার পরিপোষক। তাছাড়া সব ভাবগুলিই নিরপেক্ষভাবে কাব্যের উপাদান। কাব্যে রতি, ভয়, ক্রোধ—সমান আদর পায় শম, উৎসাহ আদি সদ্‌ভাবের পাশে। বরং কাব্যে

শৃঙ্গার-রসেরই তো প্রাধান্য কারণ ভাবের মধ্যে রতিই মানুষের সবচেয়ে আদিম ও ব্যাপক ভাব। এ ক্ষেত্রে মানুষের পক্ষে কাব্য কি মঙ্গল-সাধন করতে পারে? কেউ কেউ বলেন ভাবোপভোগই তো একটি সুখকর ব্যাপার এবং কাব্য তাই মানুষের একটি প্রয়োজন-সিদ্ধি করে—কারণ আমাদের জীবনে আমরা সবসময় সবগুলি ভাবের আস্বাদন করতে পারিনা। কিন্তু সবভাবই কি আমাদের জীবনের উপযোগী? ভয়, ক্রোধ, শোক এরা কি কাজে লাগে? কাব্য তো শুধু রতি, উৎসাহ ইত্যাদি সুখকর ভাবগুলিকেই রূপায়ন করে না? এর উত্তরে অনেকে বলেন অরুচিকর ভাবগুলিও কাব্যের মাধ্যমে যখন পাই তাদের রূপান্তর ঘটে। তখন আমরা সেগুলিকেও উপভোগ করি এবং তাদের সম্যক পরিচয় পাই। এই উপভোগজনিত আনন্দ ও জ্ঞান দুই-ই আমাদের জীবনে উপযোগী। কাব্য তাই আনন্দের মধ্য দিয়ে একপ্রকার জ্ঞান দান করে। আমাদের ভাবগুলির জ্ঞান—যা দিয়ে আমরা আমাদের ও অপরের চিত্তবৃত্তি-সম্বন্ধে বেশী অবহিত হই—এবং যে-অবহিতি জীবন-ধারণের পক্ষে বিশেষ উপকারী। কিন্তু কাব্যের এই ব্যাখ্যাও সম্পূর্ণ যথার্থ নয়। রসোপলব্ধি স্বীকার করা যায় এবং এর পরিপোষক-রূপে কাব্যকে গ্রহণ করা যায় এবং যে-পরিমাণে এই রসসম্ভোগ জীবনের পক্ষে উপযোগী সেই পরিমাণে কাব্যের উপযোগিতাও স্বীকার করা যায়। কিন্তু রস কি সম্পূর্ণভাবে জীবনের উপকারে লাগে? এ কি কিছুমাত্রায় মানুষকে অলস ও তরল করে দেয় না? আবার যেহেতু কাব্যের উপকরণ, তার বিভাব ও অনুভাব, সমস্তই কল্পনাকৃত এবং ভাবগুলি কোন বাস্তব-ব্যক্তির নয় বরং ভাবের সাধারণীকৃতি-মাত্র। কাব্যানুশীলন কি মানুষকে বাস্তব-বিমুখ করে না? আর ভাবগুলির জ্ঞানলাভের প্রসঙ্গে জিজ্ঞাস্য এই যে সে-জ্ঞানের জন্য আমরা মনস্তাত্ত্বিকের কাছে না গিয়ে কবির কাছে যাই কেন? কবি অনেক দেখে সঠিক বর্ণনা করতে পারেন আবার নাও পারেন কারণ তিনি কল্পনা-প্রবন, এবং তথ্যের যাথার্থ্য তাঁর লক্ষ্য নয়—লক্ষ্য রস। কাব্যকে ব্যবহারিক মনস্তত্ত্ব বলে দেখলে কাব্যকে ভুল বোঝা হবে এবং যে মনস্তত্ত্ব শেখা যাবে তা' নির্ভরযোগ্য হবে না। কার্যতঃ এই রকম মনস্তত্ত্ব-শিক্ষা অনেকেই করে থাকেন কিন্তু তাঁদের সে-শিক্ষার উপযোগিতা খুব কমই হয় এবং অনেক ক্ষেত্রে ক্ষতিকর হয় কারণ কোনও শিক্ষার উপ-যোগিতা নির্ভর করে তার সত্যের ওপর। কাব্য হ'তে আহরিত কোনও মনস্তত্ত্বের সূত্রের পর বিশ্বাস অতি সহজে আসে কিন্তু বিশ্বাস ও জ্ঞান এক কথা নয়।

কাব্যের উপযোগিতা প্রমাণ করতে গিয়ে অনেকে বলেন এতে অনেক দার্শনিক ও নীতি-তত্ত্বের কথা থাকে যা মানুষকে জীবন-যাপনে সাহায্য করে। কিন্তু এ ও ভ্রান্ত ধারণা—কারণ কাব্যে কোন তত্ত্বই তত্ত্বরূপে প্রকাশিত হয় না। সেখানে তত্ত্বকথা কোন ভাবকে প্রকাশ করবার উপায়-রূপেই ব্যবহৃত হয়—যেমন নাটকে নায়কের বিচার-সমূহ। নায়কের দার্শনিক মতামতকে কবির ঘাড়ে চাপিয়ে দেয়া উচিত নয়। গীতি-কাব্যের ক্ষেত্রেও একথা প্রযোজ্য কারণ সেখানেও রসই তার লক্ষ্য এবং কবিতার "আমি" ইতিহাসের কোনও

ব্যক্তিই নন্। সুতরাং বাস্তবরূপে বা চিন্তাশীল মানুষ-হিসাবে কবি কিছুই বলেন না এবং তাই তাঁর কোনও মতামতেরই সত্যাসত্যের প্রশ্ন ওঠে না। কাব্যের রসোপলব্ধির জন্য কাব্যে বর্ণিত কোনও মতামতকে সাময়িকভাবে স্বীকার করে নিতে হয়—যেমন নিতে হয় তার আখ্যানভাগকে। কিন্তু এই স্বীকৃতিকে যদি বিজ্ঞানের কোনও তথ্যের স্বীকৃতির রূপ দেয়া হয়—অর্থাৎ যদি কাব্যকে সমাচার-পত্র বা বিজ্ঞানের মতো পাঠ করা হয়, তাহলে কবি ও কাব্যকে সম্পূর্ণ ভুল বোঝা ও ছোট করা হবে। অনেক রচয়িতাই এরূপ ভুল ধারণা-বশতঃ কাব্য সৃষ্টি করতে গিয়ে ছন্দে মিলে অকাব্য সৃষ্টি করেছেন এবং রসকে গৌণ করে তথ্য ও তত্ত্বকে দিয়েছেন প্রাধান্য। এরূপ কাব্য (কিংবা যথার্থ কাব্য কিন্তু তার মধ্য বর্ণিত বিচার-সামগ্রীকে পাঠক জ্ঞান-বিজ্ঞানের বিচারের মতোই গ্রহণ করেছেন) মানুষকে ও ঐ ধরণের পাঠককে জীবন-ব্যাপারে কিছু সাহায্য করতে পারে। কিন্তু এখানে এখন প্রশ্ন এই যে এরূপ কবি বা পাঠকের পক্ষে সৃষ্টি ও গ্রহণের দোষে যে উপযোগিতার উদ্ভব হচ্ছে—তা কাব্যের উপযোগিতা বলে পরিগণিত হতে পারে কিনা? যে পরিমাণে কবি তাঁর কাব্যকে দর্শন করে তুলেছেন—তাঁর কাব্যের উপযোগিতা তাঁর দর্শনেরই উপযোগিতা এবং যে-পরিমাণে পাঠক কোনো কাব্যের সামগ্রী-হিসেবে ব্যবহৃত কোনও দার্শনিক বিচারকে সত্য বলে গ্রহণ করে লাভবান হয়েছেন তার মূল্য কিন্তু তাঁরই প্রাপ্য। কারণ কবি সেই বিচারকে ব্যক্তিগত-ভাবে তাঁরই জীবন-দর্শনের একটি অংশ বলে মানবেন না। কবি কাব্যে আত্মগোপনই করেন, নিজকে প্রকাশ করেন না। কাব্যের মধ্যে কোন যথার্থ কবির ব্যক্তিত্বকে খুঁজতে যাওয়া ভ্রমমাত্র। এই ব্যক্তিত্ব তাঁর কাছেও অজানা—কারণ কবির নিজের ব্যক্তিত্বকে দূরে সরিয়ে নানা ভাব-ভাবনার সঙ্গে একাত্মবোধ করাই কবির কাজ এবং এই কর্মে যিনি সর্বক্ষণ ব্যাপৃত তাঁর আত্মপরিচয় তাঁর নিজের কাছেই ধীরে ধীরে অস্পষ্ট হয়ে যায়। কবির নিজের বর্ণনা থেকে তাঁর চরিত্র, ভাব ও ভাবনা কিছুই সঠিক বোঝা যায় না। কবির ব্যক্তিগত জীবন পর্যালোচনা করে দেখলে দেখা যায় যে তাঁর রচনায় বর্ণিত এমন মতামতের সঙ্গে (যা তাঁরই বলে স্বভাবতঃ মনে হয়) তাঁর বিশেষ কোনও সম্বন্ধই নেই। এমন কি তাঁর আত্মজীবনীতেও সরাসরিভাবে বর্ণিত অনেক মন্তব্যই প্রকৃত পক্ষে তাঁর নয় বরং কাব্যিক। এসবের কারণ এই যে কবির নিজের কোনও ব্যক্তিত্ব রূপ গ্রহণ করতে পারে না। তাঁর নিজের কোনও সঠিক প্রকৃতি, জ্ঞান, কর্ম বা বিশ্বাস নেই। এই কারণে অনেকে কবিকে সন্দেহের চক্ষে দেখেন।

এখন দেখা যায় কাব্যের উপযোগিতা কিছুটা আসে যখন তাকে দর্শনের পর্যায়ে ফেলা হয়। কিন্তু এ উপযোগিতাই বা কি প্রকারের? কাব্যে যে দার্শনিক মতামতের অবতারণা হয় তাতো আদ্যোপান্ত বিচারপ্রসূত নয়—যেরকম যথার্থ কোনও দর্শন-গ্রন্থে থাকে। এরা সাধারণতঃ কবির বিশ্বাসহিসাবেই প্রকাশিত ও গৃহীত হয়। সে হিসাবে এদের দার্শনিক বিচার বললেও—এই দর্শন যে যথার্থ দর্শন নয় বরং গোঁড়ামী-মাত্র—যাকে গৌরবান্বিত করতে

হলে বলতে হয় বুদ্ধি অতিরিক্ত বোধি দ্বারা লব্ধ জ্ঞান। অথচ এই বিচার-নিরপেক্ষ জ্ঞান এমন বিষয়ের যা আমাদের ব্যবহারিক জগতের কাজে লাগে—যা আমাদের জীবন-যাপনের রীতি-নীতির শিক্ষা দেয়। এখন প্রশ্ন এই যে এই তথাকথিত জ্ঞানের সত্যাসত্য নির্ধারিত হবে কেমন করে? এ প্রশ্ন আরও ওঠে এই জন্য যে একই সময়—একই সমাজ-অবস্থায়, দুই তিন জন কবি দুই তিন রকম কথা বলেন। নানা মুনির নানা মত এবং কবিদের যদি মুনি বা দ্রষ্টা বলে মেনে নিই—তাহলে দুইটি পরস্পর-বিরোধী কবির মধ্যে কাকে গ্রহণ করব? যুক্তিতর্কের কোনও অবলম্বন এঁরা নেন না বলে এঁদের মতামতের সত্যাসত্য নির্ধারণ-করা অসম্ভব। সুতরাং এইসব মতামতের উপযোগিতা কতোখানি তা' কে বলবে? আপাতভাবে কোনও এক কবির মতামত তাঁর ভক্তবৃন্দের কাছে খুব উপযোগী মনে হলেও—সত্যই তাঁদের উপকার হচ্ছে কিনা এর বিচার সম্ভব অনেকদিন পরে। অনেক দিন হতে বিচার করে যদি কোনও মতের উপযোগিতা তার গ্রহণকারীদের সাময়িক ভালো-লাগা বা কোনও একদিকের স্বার্থ-সাধন দিয়েই বিচার করা হয়—তাহলে সে-উপযোগিতা আপেক্ষিক-মাত্র হয়ে যায় এবং ফলতঃ সেই কাব্যের উপযোগিতাও সর্বসাধারণ ও ধ্রুব থাকে না। তাছাড়া যেহেতু একই সময় রচিত দুইটি কাব্যে পরস্পর বিরোধী মতের প্রকাশ দেখা যায়—সাধারণভাবে কাব্যের উপযোগিতা আছে একথা বলা যায় না। বরং বলতে হয় যে কোনও এক সময় কোনো এক শ্রেণীর মানুষের পক্ষে কোনও একটি কাব্য উপযোগী হয় এবং অন্যান্য অনেক কাব্য ক্ষতিকর হয়। কাব্যের তথ্য ও অংশকে প্রাধান্য দিয়ে তার উপযোগিতা প্রমাণ করতে গেলেই দেখা যায় এই প্রয়াসের ফল বিপরীতই হয়েছে। কাব্যের উপযোগিতা-প্রমাণে যত্নবান অনেক কবি ও দার্শনিক তাই কাব্যকে রস-পরিবেশক-রূপেই দেখেছেন—তথ্য বা তত্ত্ব-নির্দেশক-রূপে নয়। কিন্তু আমরা দেখেছি রস-পরিবেশক হিসেবেও কাব্যের উপযোগিতা সন্দেহাতীত নয়—কারণ জীবন-ব্যাপারে রসের উপকারিতা কিছুটা স্বীকার করলেও তাহার অপকারিতাও অনস্বীকার্য।

সুতরাং দেখা গেলো যে কাব্যের উপযোগিতা বিশেষ কিছুই নেই। দর্শনের উপযোগিতা কোথায়? 'দর্শন' অর্থে যদি অনুভূতি বা বোধি-নির্ভর কাব্য বা ধর্ম-শাস্ত্র হতে ভিন্ন বুদ্ধি-নির্ভর, বিচার-পূর্ণ একটি মানস-ব্যাপার মনে করি, তাহলে এই প্রশ্নের উত্তর সহজেই মেলে। কারণ বুদ্ধি-বিচার-দ্বারা দু'টি ব্যবহারিক-জগৎ-সম্বন্ধীয় মতের মধ্যে কোনটি অপেক্ষাকৃত সত্য এর নিরূপণ করা যায় কিন্তু অতীন্দ্রিয় জগতের কোনও প্রশ্নেরই মীমাংসা হয় না। কারণ বুদ্ধি-বিচার কাজ করে ইন্দ্রিয়-জনিত প্রত্যক্ষ জ্ঞানের বিষয়-বস্তুর ওপর ভর করেই। জ্ঞান বুদ্ধির নিজস্ব দান এইটুকুই যে সে প্রত্যক্ষলব্ধ সামগ্রীকে গুছিয়ে ধরে কয়েকটি নিয়মে এবং এরূপে এদের কিঞ্চিৎ ঐক্য-সাধন করে এদের বৈচিত্র্য বুঝতে পারে। এই নিয়মগুলির মধ্যে দেশ-কাল, কার্য-কারণ ও গুণ-গুণী সম্বন্ধ প্রধান। সে যাই হোক আমাদের বুদ্ধি দিয়ে আমরা ইন্দ্রিয়-নিরপেক্ষ কোনও বস্তুর কোন জ্ঞানই পেতে পারিনা

অথচ দর্শনের প্রধান লক্ষ্য এই বিজ্ঞানোত্তর পারমার্থিক জ্ঞান। এই আদি-বিরোধ দর্শনের মূলেই। তাই দর্শন যেখানেই প্রকৃত দর্শন হয়েছে—অর্থাৎ বিচার-বুদ্ধির দ্বারা অতীন্দ্রিয় বস্তু-সম্বন্ধে জ্ঞান খুঁজেছে—সেখানেই ব্যর্থ হয়েছে। এই ব্যর্থতা এড়াতে গিয়ে দর্শন হয় কাব্য বা ধর্ম-শাস্ত্রের মতো বুদ্ধি-বিচারকে জলাঞ্জলি দিয়েছে এবং ফলতঃ নানা পরস্পরবিরোধী মতের সমষ্টি ও অশেষ তর্কজালের সৃষ্টি করেছে—নয় করেছে বিজ্ঞানকে আশ্রয় করে তারই সেবা—পারমার্থিক সমস্ত ভান ত্যাগ করে। দার্শনিক কোনও মত তাই ঠিক দার্শনিক মনোভাব নিয়ে গ্রহণ করলে কাব্যের মতোই কিছুই নিশ্চয় করে বলে না—শুধু প্রকল্পরূপে উপস্থাপিত করে মাত্র। মতটির পক্ষে ও বিপক্ষে নানান যুক্তি দেখানোই দর্শনের কাজ এবং যেহেতু একটি মতের স্বপক্ষে অসংখ্য যুক্তি থাকলেও তারা সকলে মিলে তাকে সত্য বলে প্রমাণিত করতে পারে না—এবং বিপক্ষেও অসংখ্য যুক্তি থাকতে পারে—যদিও তাদের সন্ধান হয়তো এখন পাওয়া যায় নি—সেজন্য দর্শন কখনোই নিশ্চয় জ্ঞান দিতে পারে না। এই জন্য যদিও আমরা বলি "বিজ্ঞান এই কথা বলে", "দর্শন এই কথা বলে" এমন বলি না। কারণ বিজ্ঞানের মতো দর্শন কোন সর্বজন-স্বীকৃত জ্ঞান-ভাণ্ডার আবিষ্কার করে না যার থেকে সকল মানুষই নিজের জীবনের প্রয়োজন-অনুযায়ী কিছু না কিছু আহরণ করে। দর্শন নানা মতের উদ্ভাবন করে এবং এদের পক্ষে-বিপক্ষে নানা যুক্তির অবতারণা করে—কিন্তু কোনটি সত্য তা' বলে না। সুতরাং এর উপযোগিতা কোথায়? তাছাড়া কোন পরমার্থিক তত্ত্বের উপযোগিতা জীবনের পক্ষে সত্য কোথায় তাও বিচার্য। কিন্তু তবুও দর্শনকে জীবনের কাজে লাগানো হয়—এটা সম্ভব হয় দর্শনের কোনও মতকে দার্শনিক মনোভাব নিয়ে একটি প্রকল্প-রূপে গ্রহণ না করায়—এবং তাকে বিজ্ঞানের কোনও তথ্যের বা অলৌকিক জ্ঞানজনিত কোনও তত্ত্বের আকারে দেখায়। দর্শনের উদ্দেশ্য ও পদ্ধতিকে উপেক্ষা করেই দর্শনকে এরূপ কাজে লাগানো হয়। কিন্তু এর ফলে দর্শনের উপযোগিতা কাব্যের মতোই তার সত্যের ওপর নির্ভর না করে কোনও শ্রেণীবিশেষের ভালো লাগা বা তার কোনও স্বার্থ-সিদ্ধির কাজে লাগার ওপর নির্ভর করে। এবং এর ফলে উপযোগিতার মূল্য অত্যন্ত হ্রাস পায়, কারণ তা' আপেক্ষিক হয়ে পড়ে। কাব্যের মতোই তাই দর্শনকেও জীবনের উপযোগী-রূপে প্রমাণ করতে যাওয়া বিড়ম্বনামাত্র এবং অনেকে তাই একে অব্যবহার্য বলেই স্বীকার করে এর স্বরূপ রক্ষা করেছেন।

কিন্তু তাই বলে কি কাব্য ও দর্শনের মূল্য নেই? যদি জীবনের প্রয়োজন-সিদ্ধির উপায়-হিসাবেই কোন বস্তুর মূল্য নির্ধারিত হয়—তাহলে এদের বিশেষ মূল্য নেই। যেটুকু আছে তা' আমাদের চিত্ত-বিলাস হিসেবেই। কারণ কাব্যের রস-চর্বনা আর দর্শনের নিছক প্রকল্প সৃষ্টি ও যুক্তিতর্কের জালবোনা দুই বস্তু-নিরপেক্ষ মানস-ব্যাপার যা কতকটা ক্রীড়ার মতো অবসর-বিনোদনের উপায়-রূপেই জীবনের কাজে লাগে। অনেকে বলেন এরা আমাদের কল্পনা-শক্তি ও চিন্তা-শক্তিকে সহায়তা করে যেমন দেহশক্তি ও কার্যক্ষমতাকে করে

ক্রীড়া। কিন্তু এও খুব বড়ো কিছু নয়—যেমন দেহ-শক্তি ও কার্য-শক্তির ব্যায়াম ও উন্নতি-সাধনের প্রকৃত স্থলই বাস্তব-জীবনের দৈনন্দিন কাজ-কর্ম তেমনি মানসিক-শক্তির ক্ষেত্রেও।

সাধারণ জ্ঞান বিজ্ঞানের মাধ্যমেই আমাদের কল্পনা ও চিন্তাশক্তি জাগরিত ও উন্নত হয়। সুতরাং দেখা যায় কাব্য ও দর্শনের মূল্য বিশেষ কিছুই নেই যদি জীবন-ক্ষেত্রে উপযোগিতাই মূল্যের মাপকাঠি হয়। *কিন্তু মূল্যের এই সংজ্ঞা কি সম্পূর্ণ?* আমরা কি জীবনের অতিরিক্ত কোনও শ্রেয়কে জানি না? জীবন-সম্পর্কহীন কোনো কিছুই কি মূল্যবান নয়? এ প্রশ্ন সাংঘাতিক। জীবনের বাইরে দাঁড়িয়েই এ প্রশ্ন অকপট ও অর্থপূর্ণভাবে করা যায়—আর যদি তা করা যায়—তো তার উত্তরও পাওয়া যায়। সে উত্তর হবে—হ্যাঁ, কিছু মূল্য আছে এদের এবং সে মূল্য শুধু জীবনকে বাইরে থেকে দেখার আনন্দ, তাকে কাব্যের বিষয়-বস্তু-রূপে ধরে তার রসোপলব্ধি! আনন্দ দেয় কাব্য আর জীবনকে একটি গণিতের প্রকল্প রূপে দেখায় ও তার আপেক্ষিকতা উপলব্ধি করায় দর্শন। জীবনের ভিতরে দাঁড়িয়ে জগৎকে দেখায় মানুষের জ্ঞান-বিজ্ঞান। জীবন ও জগৎ তখন মনে হয় একমাত্র সত্য। জীবনের প্রয়োজনে লাগে এই জগৎ—যার সঙ্গে তার বোঝাপড়া, যুদ্ধ-ভালোবাসা, আশা-নৈরাশ্যের নানান্ খেলা চলছে জীবনের আদি হতেই। জীবনের ভিতরে থেকে কাজ করে চৈতন্যের একটি স্তর। জ্ঞান-বিজ্ঞান তারই সৃষ্টি। জীবনের বাইরে থাকে চৈতন্যের আর একটি স্তর। সে কেবল দেখে। এই দেখার জন্যই বুঝি সে এই জীবন ও জগতের সৃষ্টি করে। "রসো বৈ সঃ" উপনিষদের ঋষি বলেছেন। সাংখ্যের প্রকৃতি-পুরুষ তত্ত্বের কথা মনে হয়। একজন জীবন ভোগ করে অপর জন তাই দেখে মাত্র আর আনন্দ পায়। এই দেখা আর এই আনন্দ লৌকিক নয়। এই দেখা ও আনন্দের উদ্দেশ্যেই যথার্থ কবি ও দার্শনিক তাঁদের কাব্য ও দর্শন-রচনা করেন এবং এরই উদ্দেশ্যে আমরাও এই কাব্য ও দর্শন-পাঠ করি। কিন্তু যেহেতু এ-উদ্দেশ্য আমাদের কাছে সুস্পষ্ট নয়, কারণ কার্যতঃ আমরা জীবন-ধর্মী ও বাস্তব-পন্থী, সেইজন্য কাব্য ও দর্শনের মূল্য নিয়ে এতো ভুলভ্রান্তি ও বাদ-বিসংবাদের অবকাশ। এবং যে-পরিমাণে কাব্য ও দর্শন আমাদের এই জীবন-সর্বস্বতাকে দূর করতে সমর্থ হয় এবং চৈতন্যের আর এক দিক খুলে দেয়—যেখান দিয়ে আর এক জীবন আর এক জগৎ দেখতে পাই, সেই পরিমাণে এই দুটি মানস-ব্যাপারের আর এক অর্থে উপযোগিতা ও মূল্য।

কেইন্‌সীয় অর্থনীতি প্রসঙ্গে

শ্রীদেবপ্রসাদ সিংহ—প্রাক্তন ছাত্র (১৯৪৩-৪৯)

ধনতান্ত্রিক অর্থনীতির আলোচনাপ্রসঙ্গে আজ কেইনসীয় মতবাদের অবতারণা অপরিহার্য হয়ে উঠেছে। এই অপরিহার্যতার অন্যতম প্রধান কারণ কেইন্‌সের ব্যবহারিক দৃষ্টিভঙ্গী যার মধ্যে ক্ষয়িষ্ণু ধনতন্ত্র তার পুনরুজ্জীবনশক্তির সন্ধান লাভ করেছে বলে কেইন্‌সবাদীরা দাবী করেন। আমরা আলোচ্য প্রবন্ধে কেইন্‌সীয় মতবাদের একটি সংক্ষিপ্ত বিশ্লেষণ এবং মার্ক্সীয় দৃষ্টিকোণ থেকে তার একটু সমালোচনা করব।

কেইনসীয় মতবাদের অভিনবত্ব বুঝতে গেলে ক্ল্যাসিকাল অর্থনীতির মূলসূত্রগুলির সঙ্গে খানিকটা পরিচয় আবশ্যক। এই অর্থনীতিবিদ্‌রা ধরে নিয়েছিলেন যে দেশে সমস্ত উৎপাদকগুলি (factors of production) সম্পূর্ণভাবে কাজে নিযুক্ত। পূর্ণ-নিয়োগ ভারসাম্যই (Full employment equilibrium) অর্থ নৈতিক ব্যবস্থার স্বাভাবিক পরিণতি, অনুনিয়োগ (under-employment) অস্বাভাবিক এবং অস্থায়ী। ক্ল্যাসিকাল অর্থনীতির এই স্বীকৃতির (assumption) মূলে আছে Say'র নিয়ম, 'Supply creates its own demand'—অর্থাৎ, 'যোগান নিজেই তার চাহিদা উৎপন্ন করে'। কর্মহীনতা (unemployment) দুইপ্রকারের (১) ঐচ্ছিক (voluntary) এবং (২) সাময়িক (temporary অথবা frictional)। অনৈচ্ছিক কর্মহীনতা বা Involuntary unemploymentকে ক্ল্যাসিকাল অর্থনীতিবিদ্‌রা স্বীকার করেন নি। রাষ্ট্রীয় নিরপেক্ষতা বা Laissez-faireএ তাঁদের ছিল অটুট বিশ্বাস। অর্থনীতির ক্ষেত্রে রাষ্ট্রীয় হস্তক্ষেপ কর্মহীনতার অন্যতম প্রধান কারণ বলে তাঁরা নির্দেশ করেছেন। Minimum wage-laws প্রভৃতি রাষ্ট্রিক আইন, ট্রেড ইউনিয়নের সেই ধরণের অনমনীয়তা যা মজুরীর হারকে অস্বাভাবিক উপায়ে বর্ধিত রাখতে চায়, সমাজবীমার বহুলপ্রসার প্রভৃতি বাহ্যিক কারণে যোগান এবং চাহিদার স্বাভাবিক সম্পর্ক ব্যাহত হয়, এবং তার ফলেই কর্মহীনতার উৎপত্তি। কখনও আবার চাহিদার পরিবর্ত্তন হয় এবং যোগান ও চাহিদার মধ্যে অসঙ্গতির ফলে কর্মহীনতা দেখা দেয় (frictional unemployment)। সুতরাং স্বাভাবিক অবস্থায় যদি যোগান এবং চাহিদার সম্পর্ক বাহ্যিক কারণে ব্যাহত না হয়, তবে পূর্ণনিয়োগ ভারসাম্যই স্থায়ী ব্যবস্থা। ক্ল্যাসিকাল অর্থনীতির তত্ত্বগুলোতে সেইজন্য পূর্ণনিয়োগ ভারসাম্যকে স্বীকার করে নেওয়া হয়েছে। কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের প্রসিদ্ধ অর্থনীতিবিদ্ অ্যালফ্রেড্ মার্শাল এবং এ, সি, পিগু এই ক্লাসিকাল গোষ্ঠীর অন্তর্ভুক্ত। কেইন্‌স ক্ল্যাসিকাল অর্থনীতির বিরুদ্ধে যে সব সমালোচনা করেছেন, তার অধিকাংশই অধ্যাপক পিগুর লেখাকে কেন্দ্র করে। এ প্রসঙ্গে

উল্লেখযোগ্য যে কেইন্‌স এবং অধ্যাপক পিগু দুজনেই কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে শিক্ষালাভ করেছিলেন এবং উভয়েই আলফ্রেড মার্শালের ছাত্র। সুতরাং চিন্তাধারার দিক থেকে বিচার করলে কেইন্‌সকে বিদ্রোহী বলা যেতে পারে।

আমরা এখন সংক্ষেপে কেইন্‌সীয় মতবাদের পরিচয় দেব। ১৯২৯ সালের বিশ্বজোড়া সাধারণ অর্থনৈতিক সংকট এ মতবাদের উদ্ভবের জন্য অনেক পরিমাণে দায়ী। ধনতান্ত্রিক অর্থনীতির প্রান্তিক উপযোগ (marginal utility) বা প্রান্তিক উৎপাদনক্ষমতাধর্মী বিশ্লেষণ ইত্যাদি যখন সংকটের আসল কারণ অনুসন্ধানে ব্যর্থ হল তখন নূতন পন্থানুসরণ হয়ে উঠলো অনিবার্য এবং সেই অনিবার্যতাতেই কেইন্‌সবাদের উদ্ভব।

ক্ল্যাসিকাল অর্থনীতির ভিত্তিস্বরূপ Say'র নিয়মকে অস্বীকার করে কেইন্‌স বিশ্বের দরবারে উপস্থিত হলেন। অনুনিয়োগের অস্তিত্বই যে ধনতান্ত্রিক সমাজব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য এবং অনিয়ন্ত্রিত অবস্থায় ধনতন্ত্র যে পূর্ণনিয়োগ ভারসাম্যে সাধারতঃ পৌছুতে পারে না, কেইন্‌স সর্বপ্রথমে এটাই প্রমাণিত করলেন।

কেইনসীয় বিশ্লেষণে নিয়োগের পরিমাণ নির্ধারিত হয় সক্রিয় চাহিদা বা Effective Demandএর পরিমাণের দ্বারা। 'সক্রিয় চাহিদা' কেইনসীয় বিশ্লেষণের ভিত্তিস্বরূপ এবং এই সক্রিয় চাহিদার নিয়মের উপরেই কেইন্‌সীয় মতবাদ প্রতিষ্ঠিত। সক্রিয় চাহিদা (বাঞ্ছিত) পূর্ণনিয়োগ ভারসাম্যের পক্ষে পর্যাপ্ত পরিমাণের হলে পূর্ণনিয়োগ, তার চাইতে কম হলে কর্মহীনতা এবং তার চাইতে বেশী হলে Inflation হতে বাধ্য।

আয়ের খরচের দ্বারাই সক্রিয় চাহিদা প্রকাশ লাভ করে। এখন আয় বা Incomeএর পরিমাণ নির্ধারিত হয় সরাসরি ভাবে ভোগ্যবস্তু (consumer's goods) এবং ভোগোকরণ প্রস্তুতকারক বস্তুর (Investment goods বা capital goods) উৎপাদনের পরিমাণের উপর। আয়কে Yএর দ্বারা, সরাসরিভাবে ভোগ্যবস্তুকে Cএর দ্বারা এবং ভোগোপকরণ-প্রস্তুতকারকবস্তুকে Iএর দ্বারা সূচিত করলে সমীকরণটি দাঁড়ায় $Y = C + I$ এখন 'C'কে যদি 'Y'এর উপর নির্ভরশীল বলে মনে করা যায়, এবং C এবং Yএর পারস্পরিক সম্বন্ধটা যদি জানা থাকে অর্থাৎ যাকে অর্থনীতিবিদ্‌রা C(Y) বলে অভিহিত করে থাকেন সেটা পুরোপুরি নির্দিষ্ট করে দেওয়া যায়, তবে Iএর পরিমানের দ্বারা আয় কিংবা সক্রিয় চাহিদার পরিমাণ নির্দ্ধারিত হবে। কিন্তু ধনতান্ত্রিক সমাজব্যবস্থার বিবর্তন অনুযায়ী পুরানো ধনতান্ত্রিক দেশগুলোতে C(Y)এর 'level'টা সাধারণতঃ নীচু ও মূলধন নিয়োগ মুনাফার উপর নির্ভরশীল হওয়াতে, I অংশটি অতিমাত্রায় পরিবর্তনশীল এবং যুদ্ধকালীন কিংবা যুদ্ধের অব্যবহিত পূর্ব সময় ছাড়া, পূর্ণনিয়োগ ভারসাম্য প্রতিষ্ঠার পক্ষে নিতান্তই স্বল্প। অতএব, অনিয়ন্ত্রিত ধনতন্ত্র যে স্বাভাবিক অবস্থায় পূর্ণনিয়োগ ভারসাম্যে পৌছাবে এমন মনে করার কারণ নেই।

সামাজিক উৎপাদন এবং নিয়োগনিয়ন্ত্রণে তিনটি প্রধান নিরপেক্ষ নির্ধারকের (In-

dependent variable) উপরই লর্ড কেইন্‌সের বিশ্লেষণ প্রতিষ্ঠিত—(১) আয়-অপেক্ষ ভোগ (Marginal propensity to consume) (২) মূলধনের প্রত্যাশিত প্রান্তিক আয় (Marginal efficiency of capital) (৩) কাঁচা টাকার চাহিদা বা Liquidity Preference.

(১) আয়অপেক্ষ ভোগ (Propensity to consume) বলতে বোঝায় ভোগোপকরণের উপর ব্যয় এবং আয়ের পারস্পরিক অনুপাতকে। মানুষের অভাববোধ সীমাহীন নয়, কাজেই আয় বাড়ার সঙ্গে সঙ্গে ভোগোপকরণে ব্যয়িত অংশের পরিমান কমতে থাকে। "The higher the income, the lesser the propensity to consume", এবং এই আয় এবং ভোগের পারস্পরিক অনুপাতের একটি ব্যক্তিক এবং সামাজিক তালিকা প্রস্তুত করা পরিসংখ্যান শাস্ত্রের সাহায্য সম্ভবপর। ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থায় ধন বণ্টনের অসাম্যের জন্য উপরোক্ত সূত্রের পরিণতি হচ্ছে সমাজের উচ্চবিত্ত-শ্রেণীর ধনসঞ্চয়—এবং সঞ্চিত ধন Capital goods ক্রয়ে ব্যয়িত না হলে স্থায়ী সামাজিক অনুনিয়োগ।

এখন এই সঞ্চিত অর্থের—Capital goods খাতে ব্যয়িত হওয়ার সম্ভাবনা নির্ভর করে (২) মূলধনের প্রত্যাশিত প্রান্তিক আয়ের উপর। মূলধনের প্রত্যাশিত প্রান্তিক আয় বলতে বোঝায়—ঐ মূলধন capital assets-এ নিযুক্ত হওয়ার পরবর্তী মুনাফা-প্রত্যাশা যাকে বলা হয়েছে Prospective yield of the capital assets এবং এই capital assets-এর সরবরাহ মূল্যের পারস্পরিক সম্পর্ককে।

আয়-অপেক্ষ ভোগ ও মূলধনের প্রান্তিক প্রত্যাশিত আয়ের যৌথ কার্যকারিতা, কেইন্‌সীয় বিশ্লেষণে স্থায়ী "অনুনিয়োগের" জন্ম দিতে বাধ্য এবং মূলধনের প্রত্যাশিত প্রান্তিক আয়ের আকস্মিক অবনতিই (Sudden collapse) হল বাণিজ্য-সংকটের জনক।

উপরোক্ত দুটি নির্ধারক (৩) কাঁচা টাকার চাহিদা (Liquidity preference) দ্বারা অনেকাংশে প্রভাবিত হয়। সাধারণতঃ লোকের আয়ের একটা অংশকে কাঁচা টাকায় ধরে রাখার একটা প্রবৃত্তি আছে। এই প্রবৃত্তির জন্ম হল ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার অনিশ্চয়তার মধ্যে। ব্যবসায়ের উন্নত অবস্থায় এই Liquidity preferenceএর জোর থাকে অল্প এবং এই প্রবৃত্তি জোরদার হয়ে ওঠে বাণিজ্যিক অবনতির মুখে। সুদের হার এই প্রবৃত্তির উপর নির্ভরশীল এবং এই নির্ভরশীলতার জন্যই সংকটের মুখে সুদের হার বৃদ্ধি পাওয়াটা অত্যন্ত স্বাভাবিক ঘটনা, যার ফলে অবস্থার অবনতি দ্রুততর হয়ে ওঠে।

"কর্মহীনতা" সম্বন্ধে ক্ল্যাসিকাল মতবাদের উল্লেখ আমরা পূর্বে করেছি। ক্ল্যাসিকাল মতবাদ অনুযায়ী 'কর্মহীনতা' ঐচ্ছিক (voluntary) এবং wage-rate এর অনমনীয়তা (rigidity) প্রসূত। wage-rateকে উপযুক্ত পরিমাণে নমনীয় (flexible) করতে পারলে 'কর্মহীনতা' সমস্যার সমাধান হয়। কেইন্‌স প্রমাণ করলেন অনিয়ন্ত্রিত ধনতন্ত্রে

অনৈচ্ছিক কর্মহীনতা (Involuntary) একটি মূল সমস্যা এবং উপযুক্ত পরিমান নমনীয় wage-rate এর দ্বারাই 'কর্মহীনতা' সমস্যার সমাধান হবে না।

ধনতন্ত্রের এই গলদকে দূর করার জন্য কেইন্‌স যে প্রস্তাব করেছেন সংক্ষেপে তার একটু উল্লেখ করা যাচ্ছে। তাঁর ব্যবহারিক সমাধানগুলি এরকম। (১) পুনর্বণ্টনক্ষম করনীতির (Redistributive taxation) দ্বারা সামাজিক আয়কে নিম্নবিত্তশ্রেণীর মধ্যে চারিয়ে দেওয়া যার ফলে বৃদ্ধিপ্রাপ্ত হবে আয়-অপেক্ষ ভোগের হার (Consumption function)। আয় যত কম, আয়ের তত বেশী অংশ ভোগে ব্যয়িত হয়। সুতরাং ধনবণ্টনে অসাম্য যত কমবে আয়-অপেক্ষ ভোগের হার তত বৃদ্ধি প্রাপ্ত হবে। (২) রাষ্ট্রীয় হস্তক্ষেপের দ্বারা মূলধনের বিনিয়োগবৃদ্ধি। যথা "মূলধনের সামাজিক বিনিয়োগ", "কিছু সংখ্যক শিল্পের জাতীয়করণ", "সামাজিকভাবে সুদের হার বিনিয়ন্ত্রণ" ইত্যাদি। (৩) কেইন্‌সীয় বিশ্লেষণে বাণিজ্যসংকট (যার উৎপত্তি হল, "from the sudden collapse in the marginal efficiency of capital") রুখ্‌বার উপায়—বাণিজ্যিক উন্নতিকালে (during booms) সুদের হার কমিয়ে দেওয়া, যার ফলে "booms"টি quasi-boom হিসাবে স্থায়ী হতে পারে।

কেইন্‌সীয় মতবাদের একটি সংক্ষিপ্ত আলোচনা করা হল। এবারে মার্ক্সীয় দৃষ্টিকোণ থেকে খানিকটা সমালোচনা করে প্রবন্ধের উপসংহার করব।

কেইন্‌সীয় অর্থনীতি ধনতন্ত্রের ধারক। কি করে আভ্যন্তরীণ গলদগুলি দূর করে ধনতন্ত্রকে বাঁচিয়ে রাখা যায় সেটাই হল কেইন্‌সীয় মতবাদের মূল লক্ষ্য। সুতরাং সহজ বুদ্ধিতেই বোঝা যায় যে মার্ক্সীয় দৃষ্টিভঙ্গিতে কেইন্‌সের বিশ্লেষণ ব্যর্থতায় পর্যবসিত হবে।

মার্ক্সবাদীদের প্রধান আপত্তি এই যে কেইন্‌সীয় মতবাদ তাঁর পুরোগামী 'ধনতান্ত্রিক' অর্থনীতিবিদ্‌দের মতই 'মনস্তত্ত্বধর্মী' ; সুতরাং ধনতান্ত্রিক সমাজে যে মানসিকতা চালু রয়েছে তার মূলে যে বাস্তবশক্তি কাজ করছে তা সম্পূর্ণরূপে কেইন্‌সীয় দৃষ্টিভঙ্গীকে এড়িয়ে গেছে।

কেইন্‌সের তিনটি variable এর উৎস-সন্ধান ধনতান্ত্রিক উৎপাদন-ব্যবস্থার বাস্তব অবস্থার মধ্যেই মিলবে। আর কেইন্‌সীয় মতবাদের ব্যর্থতার কারণ হল এই বাস্তবভিত্তি সম্পর্কে অজ্ঞতা বা সজ্ঞান অস্বীকার।

মার্ক্সীয় দৃষ্টিকোণ থেকে কেইনসীয় Variable ত্রয়ীকে বিশ্লিষ্ট করে দেখা যাক। কেইন্‌সীয় মতবাদ অনুযায়ী আয়-অপেক্ষ ভোগ প্রবণতার (consumption function) কার্যকারিতার মূল উৎস সামাজিক ধনবণ্টনে অসাম্য। কিন্তু এই অসাম্যের প্রকৃত কারণ পাওয়া যাবে ধনতান্ত্রিক উৎপাদন-পদ্ধতির মূলসূত্রের মধ্যেই। ধনতান্ত্রিক উৎপাদনের গোড়ার কথা হল মুনাফার জন্য উৎপাদন। পুঁজিপতি (capitalist) তার মূলধন বা অর্থ পণ্য উৎপাদনে খাটিয়ে আরও বেশী লাভ করে। মার্ক্স দেখিয়েছেন যে, কোন দ্রব্যের মূল্য তার উৎপাদনে যে পরিমাণ শ্রমশক্তি (labour power) ব্যয়িত হয় তার উপর নির্ভরশীল।

সুতরাং পুঁজিপতির মুনাফার উৎস এমন কোন দ্রব্য ক্রয়ে যা সর্বপ্রকার মূল্যের উৎস এবং এই দ্রব্য হল মজুরের শ্রমশক্তি। পুঁজিপতি মজুরের এই শ্রমশক্তিকে ক্রয় করে। শ্রমশক্তির বিশেষত্ব হল যে এটা একমাত্র দ্রব্য যার ব্যবহারিক মূল্য (Value-in-use) বিনিময় মূল্যের (Value-in-exchange) থেকে বেশী। সুতরাং শ্রমিকের বেতন তার শ্রমমূল্য থেকে কম এবং এই বিভিন্নতার মধ্যেই রয়েছে মুনাফার মূলসূত্র। পুঁজিপতির মুনাফা নির্ভর করে শ্রমশক্তির উদ্বৃত্ত মূল্য (Surplus value) অপহরণে। অতএব আয় বণ্টনে অসাম্য ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থাতেই নিহিত এবং আয়-অপেক্ষ ভোগের হারের স্তর এই অসাম্যের জন্যই পূর্ণনিয়োগ ভারসাম্য লাভের পক্ষে স্বল্প।

ধনতন্ত্রের উৎপাদন-পদ্ধতির বৈশিষ্ট্য সম্পর্কে সজ্ঞান-অজ্ঞতাই আবার কেইন্‌সকে মূলধনের প্রত্যাশিত প্রান্তিক আয়ের হ্রাস-বৃদ্ধির প্রকৃত কারণ খুঁজে পেতে দেয় নি। কেইন্‌সীয় মতবাদে দেখা যায় marginal efficiency of capital—'প্রত্যাশা' (expectations), 'মানসিক অবস্থা' (state of mind), "সাধারণ অবস্থা" (state of confidence) ইত্যাদি "রহস্যময়তা" পরিপূর্ণ বুর্জোয়া মানসিকতার উপরেই প্রতিষ্ঠিত। মূলধনের প্রত্যাশিত প্রান্তিক আয়ের হ্রাসবৃদ্ধি প্রকৃতপক্ষে আর্থিক রূপান্তরের দ্যোতক এবং এই রূপান্তরের মূলে কাজ করছে প্রকৃত মুনাফার হার (Rate of profit)।

পুঁজিপতি কর্তৃক নিযুক্ত পুঁজিকে দুটি অংশে ভাগ করা যায়—একটি নির্দিষ্ট (constant) যথা কাঁচামাল, ফ্যাক্টরী ইত্যাদি ; অপরটি পরিবর্তনশীল (variable) যথা শ্রমশক্তি নিয়োগ। উদ্বৃত্ত মূল্য এবং পুঁজির এই দুই অংশের পারস্পরিক সম্বন্ধের মধ্যেই মুনাফার হারের অবস্থিতি। উদ্বৃত্ত মূল্য "S", পরিবর্ত্তনশীল পুঁজি "V" এবং নির্দিষ্ট পুঁজি "C" এর দ্বারা সূচিত করিলে সমীকরণটি দাঁড়ায়

$$\text{Rate of profit বা মুনাফার হার} = \frac{S}{c+v}$$

আমরা আগেই দেখেছি যে, উদ্বৃত্ত মূল্যের উৎস শ্রমশক্তির অপহরণ। সুতরাং পুঁজির উপাদানরূপ (organic composition of capital) অর্থাৎ v এবং c এর আনুপাতিক হারে "C" এর পরিমাণ বেশী হলে মুনাফার হার হ্রাস পেতে বাধ্য। মার্ক্স দেখিয়েছেন, ধনতান্ত্রিক উৎপাদন-পদ্ধতি পুঁজিপতিদের পারস্পরিক প্রতিযোগিতা ও মুনাফালিপ্সার মাধ্যমে পুঁজির নির্দিষ্ট অংশের আনুপাতিক ক্রমবর্ধনে বাধ্য। কাজেই দীর্ঘকালীন মুনাফার ক্রমিক হ্রাস (falling rate of profit) অবশ্যম্ভাবী এবং এই হ্রাসই পুঁজিপতির আস্থাহীনতার অন্যতম কারণ।

বাণিজ্যসংকটের উদ্ভবের মূল রহস্যের ব্যাখ্যাও পাওয়া যাবে প্রত্যাশিত প্রান্তিক আয়ের আকস্মিক অবনতিতে নয়—পুঁজিবাদের অন্ধ প্রতিযোগিতার মধ্যে। মুনাফালিপ্সা আনে পুঁজিপতিদের মধ্যে পারস্পরিক প্রতিযোগিতা, প্রতিযোগিতার আবহাওয়ায় জন্ম নেয়

উৎপাদন বৃদ্ধির তাগিদ এবং উৎপাদন-বৃদ্ধি রূপ নেয় উৎপাদন যন্ত্র ইত্যাদির অতিপ্রয়োগে। এই জাতীয় গতিশীলতার অব্যবহিত ফল হল বাণিজ্য সংকট, কারণ উৎপাদনযন্ত্রে মূলধনের অতিপ্রয়োগের শেষ রূপান্তর হল ভোগ্যবস্তু (Consumer's goods) উৎপাদনে এবং ভোগ্যবস্তু বাজারে চড়া দামে বিক্রয় করার সম্ভাবনা অত্যন্ত কম ধনতান্ত্রিক কাঠামোর মধ্যে। কারণ ধনতান্ত্রিক উৎপাদন-পদ্ধতিই সাধারণ মানুষের ক্রয়শক্তিকে ক্রমক্ষীয়মাণ করেছে।

এইভাবে উদ্বৃত্ত মূল্য বাজারে বিক্রয় না করতে পারার মধ্যেই ধনতান্ত্রিক কাঠামোর আসল গলদটা চোখে পড়ে। ধনতান্ত্রিক উৎপাদনপদ্ধতি এবং উৎপাদন সম্বন্ধের অন্তর্বিরোধের পরিণতিই হল দীর্ঘস্থায়ী অনুনিয়োগ ও বাণিজ্যসঙ্কট। এবং এই অন্তর্বিরোধের মধ্যেই রয়েছে সমাজতন্ত্রবাদের ভাবী ইংগিত ও সমস্যা সমাধানে কেইন্‌সবাদের সুনিশ্চিত ব্যর্থতা।

কাঁচা টাকার চাহিদা নিয়ন্ত্রণেও ধনতান্ত্রিক সমস্যার সমাধান পাওয়া যাবে না। কারণ, সুদের হার কমানো-বাড়ানোর মূলগত ব্যাপার হল ধনিকশ্রেণীর বিভিন্ন অংশের মধ্যে উদ্বৃত্ত-মূল্যের বণ্টনের জন্য পারস্পরিক রেষারেষি। কাজেই সমস্যা একই থেকে যাবে, বিশেষতঃ ব্যাঙ্ক প্রভৃতি লগ্নী মূলধনের একাধীশ্বরত্বের যুগে।

সুতরাং মার্ক্সীয় সমালোচনায় দেখা যাচ্ছে যে বুর্জোয়া অর্থনীতির মনস্তাত্ত্বিক বিধিবাদ (methodology) থেকে মুক্তি না পাওয়ার জন্য কেইন্‌সের সমস্ত মৌলিকত্ব সাধারণ ব্যর্থতায় পর্য্যবসিত হয়েছে, কারণ সমাজজীবনের গতির মূল উৎসকে কেইন্‌স অবজ্ঞা করেছেন।

আলোচনা

'ভারতবর্ষের ইতিহাসের ধারা' ও রবীন্দ্রনাথের ঐতিহাসিক দৃষ্টি

ধ্রুব গুপ্ত—পঞ্চম বর্ষ, কলা।

রবীন্দ্রনাথের ঐতিহাসিক দৃষ্টিভঙ্গী সম্বন্ধে কোন বিস্তৃত আলোচনা এ পর্যন্ত হয়নি। বর্তমান প্রবন্ধে লেখক সে সম্বন্ধে খানিকটা ধারণা দেওয়ার প্রয়াস পেয়েছেন। প্রবন্ধলেখক প্রধানতঃ কবির "পরিচয়" গ্রন্থে সংকলিত ভারতবর্ষের ইতিহাসের ধারা' নামের প্রবন্ধটির উপর নির্ভর করেছেন। বলা বাহুল্য, এতে আলোচনা পূর্ণাঙ্গ হয়নি। এ বিষয়ের উপর আমরা আগামী সংখ্যায় অন্যতর তথ্য সম্বলিত আলোচনা আহ্বান করছি। —সম্পাদক।

বিগত শতাব্দীতে বিজ্ঞানের উন্নতির দ্রুতগতি মানুষের চিন্তাপদ্ধতিতে যে আলোড়ন তুলেছিল ইতিহাসদর্শনও তার প্রভাব এড়াতে পারেনি। বিজ্ঞানের অবাধ জয়যাত্রা মানুষের সব দৃষ্টিভঙ্গিকেই 'বৈজ্ঞানিক' করে। সব রকমের বিদ্যাকেই তাই বিজ্ঞানের মর্যাদার অধিকারী করবার আগ্রহ প্রবল হয়ে দেখা দিল। ঐতিহাসিকদের মধ্যেও এই আগ্রহ প্রবল হয়ে উঠেছিল, আর সেই সঙ্গে প্রবলতর হয়ে উঠল ঐতিহাসিকদের মধ্যে মতভেদ—ইতিহাস শিল্প বা বিজ্ঞান এই তর্কপ্রসঙ্গে। বিশ শতকের গোড়ার দিকে বিখ্যাত ঐতিহাসিক J. B. Bury ঘোষণা করলেন "ইতিহাস বিজ্ঞান এবং বিজ্ঞানই, তা ছাড়া আর কিছু নয়।"

অসন্দিগ্ধমনে ইতিহাসকে পুরোপুরিভাবে বিজ্ঞানের আওতায় ফেলা যায় না, কারণ পরীক্ষানিরীক্ষার মাধ্যমে একটি চরম এবং অবিসংবাদিত বৈজ্ঞানিক সত্যে উপনীত হওয়া ঐতিহাসিকদের পক্ষে সম্ভব নয়। কিন্তু ইতিহাস যে নিছক শিল্পগোষ্ঠীভুক্ত নয়, এ ধারণা আজ প্রায় সর্বদলীয় চিন্তাতেই স্বীকৃত। শিল্পীর কাজ জীবনসত্যকে (ক্ষেত্র বিশেষে তা ঐতিহাসিক সত্যও হতে পারে) বিশিষ্ট রূপকল্পের মধ্যে রূপায়িত করা। আর ঐতিহাসিকের কাজ মানব-সভ্যতার ক্রমবিকাশের (নিছক বিবরণ লিপিবদ্ধ করা নয়—তাই ইতিহাসকে সাংবাদিকতা থেকেও পৃথক করা হয়েছে) ব্যাখ্যা করে জীবনসত্যকে আবিষ্কারের চেষ্টা করা। এই ব্যাখ্যার কাজে, অর্থাৎ কালধর্মের ভিত্তিতে অতীতের ঘটনার কার্যকারণ সম্পর্ক নির্ধারণের কাজে বৈজ্ঞানিকসুলভ বস্তুনিষ্ঠার একান্ত প্রয়োজন। পৃথিবী জোড়া রাজনৈতিক কিংবা সামাজিক কার্যকলাপ কোন খেয়ালীর অকারণ খেয়ালের বশেই ঘটে না, এদের পেছনেও বিধিনিয়মের পরিচালনা আছে, সমাজবিজ্ঞানী কিংবা রাষ্ট্রবিজ্ঞানীর কাজ সেই বিধিনিয়ম আবিষ্কার ও ব্যাখ্যা করা। ঐতিহাসিকেরও এ জাতীয় দায়িত্ব আছে।

বিউরীর (Bury) প্রতিবাদীরা ইতিহাসকে কেবলমাত্র শিল্পের মর্যাদা দেবার

পক্ষপাতী। বিংশ শতাব্দীতে এই দুই দলের মধ্যে একটা বোঝাপড়া করলেন ট্রেভেলিয়ান (Trevelyan)। তিনি বলতে চাইলেন,—ইতিহাস রচনার প্রাক্-মুহূর্ত পর্যন্ত ঐতিহাসিকের অনুসন্ধিৎসাতে বিজ্ঞানসম্মত নিষ্ঠা থাকবে—সে অর্থে ঐতিহাসিকও বৈজ্ঞানিক এবং ইতিহাস ও বিজ্ঞান; কিন্তু রচনাকালে রচনাপদ্ধতিতে ঐতিহাসিককে শিল্পী হয়ে উঠতে হবে। রচনার প্রসাদগুণে তখন ইতিহাস হয়ে উঠবে যথার্থ শিল্পসৃষ্টি। অতএব ইতিহাস শিল্পও বটে, বিজ্ঞানও বটে।

ট্রেভেলিয়ন নির্দিষ্ট শিল্পাদর্শ রবীন্দ্রনাথের ঐতিহাসিক প্রবন্ধ রচনায় সম্পূর্ণ বজায় আছে। কবির সাহিত্য বিষয়ক এবং অন্যান্য প্রবন্ধের মত ইতিহাস রচনাতেও কাব্যময় ভাষা রচনার শিল্প-গৌরব বৃদ্ধি করেছে। উপমা প্রয়োগের সিদ্ধিতে 'মহাসম্রাট অশোকে'র উপরে রচিত ঐতিহাসিক প্রবন্ধটি সমৃদ্ধ। কিন্তু কবির দৃষ্টিভঙ্গিতে আর ব্যাখ্যাতে বৈজ্ঞানিকতা বা বস্তুনিষ্ঠার চিহ্নমাত্রও নেই। ইতিহাসের দ্বিবিধ শ্রেণীবিভাগের চেষ্টার মধ্যেই তা স্পষ্ট হয়ে উঠেছে। *'ভাবগত ইতিহাস'কে কবি 'কালগত ইতিহাস থেকে পৃথক করে দেখেছেন এবং* তার মতে সত্যের সন্ধান মেলে "ভাবগত ইতিহাস"এ' আর কেবলমাত্র তথ্যেরই সন্ধান আছে "কালগত ইতিহাসে"। কালগত ইতিহাসের 'পরে কবি বিরাগ, ভাবখানা এই যেন সত্য কালনিরপেক্ষ তথ্যনিরপেক্ষ আকাশচারী অদ্ভুত একটা কিছু। আগাগোড়া তিনি তাঁর ঐ ভাবদৃষ্টিতে চিরন্তন সত্য অন্বেষণ করেছেন, এতে আর যাই হোক ঐতিহাসিক সত্যের আবিষ্কার যে কোন মতেই হয়নি তাতে সন্দেহ নেই।

বৈচিত্র্যের মধ্যে ঐক্যসাধনের চেষ্টা, বিরোধের মধ্যে মিলনের আকাঙ্ক্ষাই হ'ল ভারতের অমর আত্মার চিরন্তন কামনা—কবির এই আধ্যাত্মিক চেতনা তাঁর শিল্পসৃষ্টিতে একটা বড় প্রেরণা যুগিয়েছে। কবির ইতিহাসদৃষ্টিকেও এই আধ্যাত্মিক চেতনাই আচ্ছন্ন করে রেখেছে, এবং তার ফলে অতীতের ভারত সেই চেতনার রঙে রঙিন হয়ে এক শিল্পমূর্তি ধারণ করেছে কবির ইতিহাস রচনায়। ভারতের ইতিহাসে কবি ঐ ঐক্যসাধনার প্রচেষ্টাকে আবিষ্কার করবার চেষ্টা করেছেন এবং তাঁর মতে এই আবিষ্কারই হোল যথার্থ ঐতিহাসিক সত্য আবিষ্কার। আর্য-অনার্য সংঘর্ষের মাঝখানে ক্ষত্রিয় জাতিই ছিল মিলনযজ্ঞের হোতা, এবং রামচন্দ্রকে কবি দেখেছেন তাদেরই একজন প্রতিনিধি রূপে। গুহক চণ্ডাল, হনুমান, সুগ্রীবের সঙ্গে রামচন্দ্রের মিতালিকে এই মিলনপ্রচেষ্টারই রূপক বলে কবি মনে করেন। ব্রাহ্মণশ্রেণী ক্ষত্রিয়ের এই মিলনপ্রচেষ্টার পথে অন্তরায় ছিল, কিন্তু কবি সেজন্য তাদের 'পরে বীতরাগ নন, কেননা স্থিতি গতিকে (মিলনাকাঙ্ক্ষা) সংবরণ না করলে জীবনে অশান্তির উদ্ভব হয়। প্রথম স্তরের এই 'সামাজিক বিপ্লবে'র (আর্য-অনার্যের মিলন, ঐক্যসাধন) ইতিহাসে কবি ব্রাহ্মণ জাতিকে এই সম্পূরকের মর্যাদা দান করেছেন।

এই প্রথম স্তরের 'সামাজিক বিপ্লবের' পর এলো দ্বিতীয় পর্যায়। 'বৌদ্ধপ্রভাব বন্যায়' আমাদের সমাজের বেড়াগুলি ভেঙ্গে গেলো। উন্মুক্ত পথে বাইরের অনেক অনার্য (শক,

হুন) জাতি ভারতে প্রবেশ করল। এই নতুন সামাজিক বিশৃঙ্খলার অবসান ঘটাবার কৃতিত্ব কবির মতে ব্যাসদেবের (ব্যাসদেব, রামচন্দ্র, ঐতিহাসিক চরিত্র কিনা এ নিয়ে কবির কোন মাথা ব্যথা নেই)। যে জাতি বিচ্ছিন্ন হয়ে পড়েছিল তার সংহতির জন্য একটি "দৃঢ় নিশ্চল কেন্দ্রের" নাকি প্রয়োজন ছিল। ব্যাসদেবের 'মহাভারত'ই কবির মতে সেই কেন্দ্রের কাজ করেছে।

এই প্রলয়কালে ক্ষত্রিয়েরা দ্রুতগতিতে অনার্যদের সঙ্গে মিশে যেতে লাগল। ব্রাহ্মণেরা ক্রমাগত নিজেদের সংহত এবং বিচ্ছিন্ন করে তুলতে লাগলেন। উত্তরকালীন রক্ষণশীলতা আর গোঁড়ামির বীজ নাকি এর মধ্যেই নিহিত ছিল। সমাজশৃঙ্খলা এলো, আর্য-অনার্যে একটা বোঝাপড়াও হোলো (অনার্যের দেবতা শিব আর্যের কৌলীন্য অর্জন করলেন, শিল্পের সংমিশ্রণ ঘটল) কিন্তু প্রকৃত মিলন তবুও ঘটল না।

এই নবপর্যায়ের আর্য-অনার্য বিভেদ চূড়ান্তরূপ নিল মধ্যযুগে, মুসলমান আগমনের পর। ব্রাহ্মণের মিলনবিমুখতা আর রক্ষণশীলতাই ছিল কবির মতে এর জন্য প্রধানাংশে দায়ী। এই বিরোধের মাঝখানে মিলন ঘটাবার দায়িত্ব নেবার জন্য কবির পূজা পেয়েছেন কবীর, দাদু, নানক, শ্রীচৈতন্য,—শ্রদ্ধা আকর্ষণ করেছে আকবরের "উদার রাজনীতি।"

বিরোধের শেষ পর্যায়ে রামমোহন রায়কে কবি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রাচ্য ও পাশ্চাত্যের মিলনযজ্ঞের হোতা হিসাবে।

এই হল রবীন্দ্রনাথের ইতিহাস দর্শনের মোটামুটি পরিচয়। ভিতরের ও বাইরের বিচিত্র সংঘাতের মধ্যেও ভারতের অবিনশ্বর আত্মা ঐক্যসাধনের প্রচেষ্টায় ভাস্বর,—ঐতিহাসিক রবীন্দ্রনাথ এই অবিনশ্বর আত্মাকে আবিষ্কার করেই তৃপ্ত হয়েছেন।

কেবল মাত্র আর্য-অনার্য সংঘর্ষ আর আর্যের বিজয়ের মধ্যেই প্রাচীন ভারতের ঐতিহাসিক সত্যের সন্ধান পাওয়া যায় না—

অধিক উন্নত অস্ত্রবল, জনবল, অধিক উন্নত উৎপাদিকা শক্তির প্রসাদে অনার্যের পরে আর্যের প্রতিষ্ঠা এবং আর্য-অনার্য সংমিশ্রণের ফলে জীবিকার ভিত্তিতে 'জাতিভেদ' বা অর্থনৈতিক শ্রেণীবিন্যাস উল্লেখযোগ্য ঘটনা। বিভিন্ন শ্রেণীতে ততদিন পর্যন্তই বিশেষ কোন সংঘর্ষ উপস্থিত হয় নি, যতদিন সেকালের কৃষিপ্রধান অর্থনৈতিক ব্যবস্থাটি সজীব ছিল। সেকালের প্রাণকেন্দ্রে যে ছিল 'কৃষি' এটুকু কবির সত্যদৃষ্টিতে প্রতিভাত হয়েছে, রামায়ণের রূপক-বিশ্লেষণেই তার উজ্জ্বল পরিচয় আছে। জনক রাজার হলকর্ষণ যে গভীর তাৎপর্যপূর্ণ ঘটনা কবি স্পষ্টভাবেই তার উল্লেখ করেছেন ;—অহল্যা পাষাণীকে প্রাণে সঞ্জীবিত করা যে অনুর্বর শস্যক্ষেত্রকে উর্বর করে তোলারই রূপক কবির তাই সুস্পষ্ট অভিমত এবং এই কাজে ক্ষত্রিয়ের কৃতিত্ব সমধিক বলে ক্ষত্রিয়ের কর্মবীর্য কবির অকুণ্ঠ সম্মান আকর্ষণ করেছে। কিন্তু এ পর্যন্তই ;—কবি আর এগোতে পারেন নি। এই কৃষিপ্রধান অর্থনীতির নিশ্চলতাই (stagnation) যে পরবর্তীকালে, মধ্যযুগের ভারতের সামাজিক ও সর্বাঙ্গীন অধঃপতন

আর জড়তার মূল কারণ তা কবির দৃষ্টিতে ধরা পড়ে নি। কবীর, দাদু, শ্রীচৈতন্যের মিলনপ্রচেষ্টার মানবতা রবীন্দ্রনাথকে শ্রদ্ধাভিভূত করেছে, কিন্তু অচল উৎপাদিকা শক্তির জায়গায় উন্নততর অর্থনৈতিক বিধিব্যবস্থার প্রবর্তনেই যে ছিল সে যুগের সমস্যার প্রধান সমাধান, কেবল মানবিক ধর্মপ্রচারে নয় এ সত্য কবি উপলব্ধি করেন নি। প্রাচীনকালে কৃষির উন্নতিকল্পে ক্ষত্রিয়ের প্রচেষ্টা কবির শ্রদ্ধা আকর্ষণ করেছে, আকবরের উদার রাজনীতি কবিকে মুগ্ধ করেছে কিন্তু অর্থনৈতিক ক্ষেত্রে মুসলমান রাজশক্তির অকর্মণ্যতা (আকবরের সময়ে টোডরমল, মানসিংএর সংস্কার প্রচেষ্টা মনে রেখে একথা বলা চলে) কবির বিচারদৃষ্টি আকৃষ্ট করে নি। উগ্র জাতীয়তার দিনেও কবি ইংরেজ আগমনের কল্যাণকর দিকটুকু অনুভব করেছিলেন, কিন্তু কেবলমাত্র "নবভাবধারার আগমন" আর প্রাচ্য-পাশ্চাত্যের মিলনের দিকটাই কবির উদার দৃষ্টিতে একমাত্র মঙ্গলময় সত্য হয়ে দাঁড়ালো,—যন্ত্রের আগমন এবং কৃষি-অবলম্বী প্রাচীন অর্থনৈতিক ব্যবস্থার পরে আঘাত হেনে এই যে প্রথম বিপ্লবের সূচনা হ'ল, সে সম্পর্কে কবি নীরব। বৈদিকযুগের কৃষিপ্রধান অর্থনীতির পরে কবির তখনও অসীম দরদ—কবির অন্যান্য প্রবন্ধ রচনায় এবং নানা শিল্পকৃতির মধ্যে তার প্রমাণ আছে। ইতিহাস রচনাতে কবির উদার মানবতার পরিচয়টুকুই কেবল পেলাম, বাস্তবচেতনার লেশটুকুও তাতে অনুপস্থিত।

রবীন্দ্রনাথের ঐতিহাসিক চেতনার অসঙ্গতি আর বাস্তববিমুখতা চরমে পৌঁছেছে শিখ আর মারাঠা জাতির অভ্যুত্থান-পতনের ব্যাখ্যার প্রচেষ্টাতে। তাঁর মতে ভারতবর্ষের ইতিহাসে মুঘল রাজত্ব একটি নগণ্য রাজনৈতিক ঘটনা, "তাহাতে রসের অভাব নাই, তাহাতে ইতিহাস জমিয়া উঠে নাই।.....ভারতবর্ষে কেবল মারাঠাজাতি ও শিখজাতির কিছুকালের ইতিহাসে যথার্থ ঐতিহাসিকতা আছে।" এই "যথার্থ ঐতিহাসিক" ব্যাখ্যা করতে গিয়ে কবি শিখ ও মারাঠা জাতির ইতিহাসের তুলনামূলক সমালোচনা করেছেন। নানকের ধর্মপ্রেরণাকে শিখজাতির উন্নতির একমাত্র কারণ বলে নির্দেশ করবার পর গুরুগোবিন্দের তরবারী ধারণকে অধঃপতনের কারণ বলে কবি নির্দেশ দিয়েছেন। কিন্তু শিবাজীও তরবারী ধারণ করেছিল। সেই তরবারী ধারণকে কবি পরিশোধন করে নিয়েছেন "দাক্ষিণাত্যের ধর্মগুরুদের প্রভাবে", ধর্মের বন্ধনে মারাঠাজাতিকে ঐক্যবদ্ধ করবার প্রচেষ্টার আদর্শটি যখন পেশোয়ারা লাঞ্ছিত করল, তখনই সুরু হোলো মারাঠা জাতির অধঃপতন—এই হোল রবীন্দ্রনাথের ব্যাখ্যা। কিন্তু ইতিহাসে মারাঠা আর শিখজাতির অভ্যুত্থানের রাজনৈতিক গুরুত্ব ছাড়া আর কোন বিশেষ তাৎপর্য আছে কি? মোগল রাজশক্তির সঙ্গে প্রতিদ্বন্দ্বিতাটুকুই হোল শিখ-মারাঠা ইতিহাসের মূলকথা, এবং মোগল ইতিহাস থেকে শিখ-মারাঠা ইতিহাসের 'পরে অযথা অধিক ঐতিহাসিক মূল্য আরোপের কোন প্রয়োজন আছে বলে মনে হয় না। ধর্মপ্রেরণা, ঐক্যসাধনের প্রেরণা, আর তাদের অভাবের মধ্যেই ঐ দুই জাতির উত্থানপতনের কারণ নিহিত নেই। রাজনৈতিক প্রেরণাটুকু উত্থানের

ইতিহাসের সঙ্গে ভালভাবেই সম্পর্কিত ; পতনের কারণ নিহিত আছে ঐ দুই জাতির নিজস্ব অর্থনৈতিক সামাজিক পরিকল্পনার অভাবের মধ্যে। ভারতের ইতিহাসের ধারায় শিখ-মারাঠা ইতিহাসের আপেক্ষিক তাৎপর্যহীনতার কারণও এর মধ্যেই নিহিত। ধর্মের প্রতি অতিরিক্ত শ্রদ্ধার বশে কবি এই ঘটনার 'পরে অতিরিক্ত তাৎপর্য আরোপ করেছেন।

বিশ্লেষণী শক্তি যে অপরিমিত ভাবেই ছিল তার উজ্জ্বল প্রমাণ আছে রামায়ণের অপূর্ব রূপক বিশ্লেষণে, কিন্তু এ শক্তির উপযুক্ত প্রয়োগ ঘটেনি। বাস্তব তথ্যকে অবলম্বন করে এ শক্তি বাস্তব সত্যের আবিষ্কার ঘটায় নি—ভাবের রাজ্যেই এ শক্তি বিলীন হয়েছে। আধ্যাত্মিক চেতনার এই সর্বগ্রাসিতা, abstractionএর কাছে বাস্তবচেতনার এই পরাজয়, ঐতিহাসিক দৃষ্টির ক্ষেত্রে টলষ্টয়ের পরিণতির কথা স্মরণ করিয়ে দেয়।

উচ্চাঙ্গ সঙ্গীত না আধুনিক গান?

গৌতমকুমার সরকার—পঞ্চম বর্ষ (অর্থনীতি)

উচ্চাঙ্গ সংগীতকে যথেষ্ট জনপ্রিয় করে তোলা যায় কিনা সে সম্বন্ধে বর্তমানে প্রশ্ন উঠেছে। এই প্রসঙ্গে তথাকথিত আধুনিক সংগীতের সঙ্গে একটা তুলনামূলক আলোচনা প্রয়োজনীয় হয়ে উঠে। বর্তমান প্রবন্ধে লেখক সে বিষয়ে খানিকটা আলোচনা করার প্রয়াস পেয়েছেন। আগামী সংখ্যায় আমরা এ বিষয়ে বিস্তৃততর আলোচনা আহ্বান করছি। —সম্পাদক

বিশুদ্ধ ভারতীয় মার্গসংগীত এবং আধুনিক লঘুসংগীতের দ্বন্দ্ব আজ সংগীতানুরাগীদের দৃষ্টি আকর্ষণ ক'রেছে। সমস্যাটি অপেক্ষাকৃত আধুনিক। কারণ উপরোক্ত লঘুসংগীত অতি অল্পদিন হোল সংগীতের আসরে প্রবেশ করেছে ; কিন্তু এই অল্প সময়ের মধ্যেই এই তথাকথিত "আধুনিক গান" বিশুদ্ধ মার্গসংগীতকে স্থানচ্যুত করে সংগীতের ক্ষেত্রে সার্বভৌমিক প্রতিষ্ঠা অর্জনের স্পর্ধা দেখাবার প্রয়াস পেয়েছে। মার্গসংগীতের পিছনে বিরাট ঐতিহ্য থাকলেও জনপ্রিয়তার দিক থেকে লঘুসংগীত উপেক্ষণীয় নয় এবং এ সম্বন্ধে কিছু আলোচনা নিতান্ত অযৌক্তিক হবে না।

এই তথাকথিত লঘুসংগীতের পৃষ্ঠপোষকদের মতামতটা বিচার করা প্রয়োজন। এঁদের মতে ভারতীয় মার্গসংগীত একটি সুপ্রাচীন ও লুপ্তপ্রায় শিল্পকলা ব্যতীত কিছুই নয় এবং এর আবেদন কেবলমাত্র এক শ্রেণীর সংগীতবেত্তাদের মধ্যেই সীমাবদ্ধ। তাই একে আমাদের সংস্কৃতির যাদুঘরে তুলে রাখলেই এর প্রতি সুবিচার করা হবে। তাঁরা আরো বলেন যে মার্গসংগীতের ভিতরে যে সম্ভাবনা ছিল তা যুগব্যাপী অনুশীলনের ফলে লুপ্ত হয়ে গিয়েছে এবং এখন এর মধ্যে নূতন সৃষ্টির উপাদান কিছু নেই। যেমন একজন বলেছেন—"Indian

classical music represents a slavish conformity to tradition and has ceased to be a creative art", কিন্তু এই মতবাদ অযৌক্তিক। যে কোন সংগীত এবং বিশেষ করে মার্গসংগীতের ক্ষেত্রে যে শিল্পী নিত্যনূতন রসসৃষ্টিতে অপারগ তাঁকে সার্থকশিল্পীর পর্যায়ভুক্ত করা চলে না। মাত্র কিছুদিন পূর্বে ভারতীয় সংগীতের সার্থকতম শিল্পী আবদুল করিম খাঁ যখন এক সম্পূর্ণ অভিনব রাগ অনুশীলন পদ্ধতির ("ঘরানা") প্রচলন ক'রেছিলেন, তখন গোঁড়া মার্গসংগীতবেত্তাদের আসরে তুমুল প্রতিক্রিয়া দেখা দিয়েছিল। রজব আলী খাঁর মত শিল্পীও (যিনি গতবারে রাষ্ট্রপতি প্রদত্ত পুরস্কার লাভ করেছেন) তাঁর বিরোধিতা করতে বিমুখ হন নি। কিন্তু শেষ পর্যন্ত প্রগতির কাছে সংস্কারকে মাথা নত করতে হয়েছে—খাঁ সাহেবের ঘরানা আজ মার্গসংগীত-সমাজে পরম সমারোহে সমাদৃত হয়েছে। সুতরাং ভারতীয় মার্গসংগীতকে অগ্রগতির পরিপন্থী আখ্যা দিয়ে বিরুদ্ধবাদীরা সত্যের অপলাপ করেছেন। পণ্ডিত রবিশংকর এবং আলি আকবর খাঁ (মাইহারের বাঙ্গালী ওস্তাদ আলাউদ্দীন খাঁয়ের সার্থক শিষ্যদ্বয়) বহু নূতন মিশ্র রাগের প্রচলন করে ভারতীয় সংগীতের অন্তর্নিহিত বিপুল সম্ভাবনার প্রতি ইংগিত করেছেন। আবার বহু প্রচলিত রাগকেও বিচিত্র কলাকৌশলে রূপায়িত করে তাঁরা মার্গসংগীতকে নবকলেবর দান করেছেন। দক্ষিণ ভারতীয় কর্ণাটক সংগীতের ক্ষেত্রে ভেংকটস্বামী নাইডুও আমাদের অনাস্বাদিতপূর্ব্ব রসের সন্ধান দিয়েছেন। আর (বড়ে) গোলাম আলি খান তাঁর অপূর্ব্ব সংগীতপ্রতিভার যাদুস্পর্শে নিত্য নূতন সুরের ইন্দ্রজাল রচনা করে আমাদের অভিভূত করে দিয়েছেন। এঁদের সৃজনীপ্রতিভা ভারতীয় মার্গসংগীতের পরিধিকে দিগন্তপ্রসারী করে তুলেছে।

মার্গসংগীতের বিরুদ্ধে অপর যে একটি অভিযোগ করা হয়েছে তা হোল এর দুর্বোধ্যতা! বিরুদ্ধবাদীদের মতে এই কারণেই উচ্চাঙ্গসংগীতও সর্বজন সমাদৃত হতে পারেনি এবং সাধারণ জনসমাজ তাকে বর্জন করে লঘুসংগীতকে সাদরে গ্রহণ করেছে। কিন্তু দুর্বোধ্যতার নজির দেখিয়ে যাঁরা বলতে চান যে মার্গসংগীত লঘুসংগীতের জনপ্রিয়তার কাছে পর্যুদস্ত হয়েছে তাঁদের অভিমতকে একবার ভাল করে যাচাই করে নেওয়া দরকার। বিরুদ্ধবাদীরা শুনলে হতবাক্ হবেন যে সমগ্র ভারতে মার্গসংগীত, লঘুসংগীতের চেয়ে কম জনপ্রিয়তার দাবী রাখে না। দক্ষিণ ভারতের চলচ্চিত্রের সংগীতগুলিতেও উচ্চাঙ্গের সুরসংযোগ দেখা যায়। দক্ষিণ ভারতের সংগীতসভাগুলিতে লঘুসংগীত কোনদিন স্থান পায়নি। আর এও ঠিক যে উত্তর ভারতের অধিকাংশ মুসলমানই মার্গসংগীতের পক্ষপাতী। সমগ্র ভারতের সংগীতরসিকদের মতামত যদি গ্রহণ করা হয় তাহলে মার্গসংগীতানুরাগীদের সংখ্যা যে লঘুসংগীতের পৃষ্ঠপোষকদের সংখ্যাকে অতিক্রম করবে—এ ধারণা নিতান্ত অমূলক নয়। বস্তুতঃ বিরুদ্ধবাদীরা মার্গ-সংগীতের বিরুদ্ধে যে দুর্বোধ্যতার অভিযোগ এনেছেন তা সম্পূর্ণ অনুমোদন যোগ্য নয়। যদি তালের এবং লয়ের কারুকার্যকে দুর্বোধ্য আখ্যা দেওয়া যায় তাহলে Rhumba, Sumba,

Tango প্রভৃতি দুরূহ পাশ্চাত্ত্য সংগীতগুলিকে আমরা কি করে গ্রহণ করতে পারি? চলচ্চিত্রের আধুনিক গানগুলি শুনে যাঁরা উল্লসিত হয়ে ওঠেন তাঁদের ক'জন একটি Rhumba এবং Tango অথবা একটি Diagonal Waltz এবং Viennese Waltz-এর প্রভেদ উপলব্ধি ক'রতে পারেন? যদি পাশ্চাত্ত্য ছন্দপদ্ধতিগুলিকে বিশুদ্ধ কলাসম্মত ভাবে গ্রহণ করা হোত তাহ'লে সেগুলি অতি শুদ্ধ এবং অভিজাত ভারতীয় মার্গসংগীতের চেয়েও কম জটিল হত না। তাই আজকাল চলচ্চিত্রের গানগুলিতে পাশ্চাত্ত্য এবং ভারতীয় সুরের এক বিচিত্র সংমিশ্রণের প্রয়াস দেখা যাচ্ছে। অবিমিশ্র পাশ্চাত্ত্য গীতরসের মহিমায় নয় ভারতীয় সুরের স্পর্শ আছে বলেই সেগুলি আজ এত জনপ্রিয় হয়ে উঠেছে। আর মার্গসংগীতের আকর্ষণীয়তাকে বর্দ্ধিত করেছে ঠুংরী এবং গজল গান। এদের কোনমতেই লঘুসংগীত বলে আখ্যাত করা চলতে পারে না। প্রায় প্রত্যেক উচ্চাঙ্গ সংগীতশিল্পীই খেয়াল অথবা ধ্রুপদ অথবা টপ্পা বা ঘরানা গানের শেষে একখানি ঠুংরী অথবা গজল বা ধুন গেয়ে থাকেন। প্রথমোক্ত গানগুলির গাম্ভীর্যময় পরিবেশে দ্বিতীয় শ্রেণীর গানগুলি শ্রোতাদের শুধু পরিতৃপ্ত করে না, মার্গসংগীতের বিচিত্র রস উপলব্ধিতে সহায়তা করে। অনেকে ভজন গানকে লঘুসংগীতের অন্তর্ভুক্ত ব'লে অভিহিত ক'রেছেন। এতে বলবার কিছু নেই। কারণ ভজন গান সংগীতের কোন বিশেষ শ্রেণী নয়। যে কোন ধর্মমূলক রচনাকেই ভজন আখ্যা দেওয়া যায়। তবে কবীর, সুরদাস এবং বিশেষ ক'রে মীরার ভজনগুলি যে সুরের আভিজাত্যে মার্গসংগীতের অন্তর্ভুক্তির দাবী রাখে তা অনস্বীকার্য।

সুতরাং মার্গসংগীতের বিরুদ্ধে যে অভিযোগগুলি উত্থাপিত হয়েছে সগুলি সমর্থনযোগ্য নয়। তবে উচ্চাঙ্গ সংগীতের যথার্থ রসোপলব্ধির জন্যে শ্রোতারও যথেষ্ট মানসিক প্রস্তুতি প্রয়োজন। আর শিল্পী হবেন যথার্থ স্রষ্টা। যে উচ্চাঙ্গ সংগীতশিল্পী চিরাচরিত প্রথাকে আঁকড়ে ধ'রে থাকেন তিনি সার্থকতার গৌরব থেকে বঞ্চিত। সার্থক শিল্পী সৃষ্টির উন্মাদনায় অনুপ্রাণিত হ'য়ে হিন্দু রাগরাগিণীর পটভূমিকায় মনোবিহারের এক একটি বিচিত্র রাজপথ নির্মাণ ক'রবেন। মূলরাগকে পরিবর্তিত করা চলবে না, কিন্তু প্রত্যেকটি রাগই শিল্পীর প্রকাশকৌশলে এক এক অপরূপ জ্যোৎস্নাস্নাত সুষমায় উদ্ভাসিত হ'য়ে উঠবে। কবিগুরু রবীন্দ্রনাথ প্রাচীন ভারতীয় রাগরাগিণীর সঙ্গে লোকগীতির এক অনবদ্য সংমিশ্রণ করে সার্থক শিল্পীর মহিমায় পরিমণ্ডিত হ'য়েছেন। তিনি সংগীতের ক্ষেত্রে আমাদের নূতন পথের সন্ধান দিয়েছেন। মার্গসংগীতের বিপুল সম্পদের মধ্যে যে সম্ভাবনা রয়েছে তার সদ্ব্যবহার ক'রে আমরা নিত্য নূতন সুর সৃষ্টি করতে পারি। লঘু সংগীতের পরিমিত পরিসর অতিক্রান্ত হ'য়ে মার্গসংগীতের আশ্রয় নিলেই ভারতীয় সংগীত কলার অগ্রগতি অব্যাহত থাকবে।

একজন সমালোচকের মতে "they will yield a far richer crop in all varieties of music than an unimaginative grafting of western music-hall tunes of the last decade."

আনন্দের কথা, প্রকৃত কলাবিদ্‌রা আজ উচ্চাঙ্গ সংগীতের সর্ব্বাঙ্গীন উপযোগিতা উপলব্ধি করেছেন। শিল্পী আলি আকবর চলচ্চিত্রের সংগীতকে উচ্চাংগ সংগীতের রসোত্তীর্ণ করতে প্রয়াসী হয়েছেন। কয়েকটি আধুনিক চলচ্চিত্রের রাগপ্রধান সংগীতগুলি জনসাধারণের মনোহরণ ক'রেছে এবং তার ফলে আধুনিক গানের অন্তিম সময় ঘনিয়ে আসছে। বিজ্ঞানের মাহাত্ম্যে বেতার যন্ত্র বিশুদ্ধ উচ্চাঙ্গ সংগীতকে রাজদরবারের সংকীর্ণ পরিবেশ থেকে সাধারণের মধ্যে বিতরণ ক'রছে। আর জাতীয় সরকার নিয়মিত সংগীতানুষ্ঠানের আয়োজন ক'রে জনচিত্তকে মার্গসংগীতাভিমুখী করবার প্রয়াস পেয়েছেন। এর থেকেই আমরা মার্গসংগীতের সামনে যে উজ্জ্বল ভবিষ্যৎ রয়েছে তার পরিপূর্ণ আভাস পাচ্ছি। সংগীতের আসরে লঘু সংগীতের অতর্কিত পদসঞ্চার একটা সাময়িক মোহের সৃষ্টি ক'রলেও আমাদের মোহমুক্তির যুগ সুরু হ'য়েছে। সভ্যতার আদিকাল থেকে যে ভারতীয় মার্গসংগীতের মন্দাকিনী ধারা রসিকজনচিত্তকে সঞ্জীবিত ক'রে রেখেছিল আজকের দারিদ্র্যনিপীড়িত জীবনের চরম হতাশার মধ্যেও ভারতবাসী সেই মার্গসংগীতকে নিষ্ঠার সংগে বাঁচিয়ে রাখার প্রয়াস পেয়েছে। এর পিছনে রয়েছে শুধু ভারতীয় চিত্তের সহজাত শিল্পানুরাগ নয়, মার্গসংগীতের শাশ্বত আবেদন। লঘুসংগীতের প্রভাব ক্ষণস্থায়ী—রূপরসগন্ধের একটা স্নায়বিক sensation এই যার পরিসমাপ্তি। কিন্তু মার্গসংগীত আমাদের দিয়েছে অধ্যাত্মরসের আস্বাদ। তাই যুগে যুগে আমরা ভারতীয় সংগীত শিল্পীদের ভগবৎসাধক রূপে দেখতে পেয়েছি।

আমাদের কথা

ছাত্র-পরিষদ :

আমাদের কাজ সারা হয়ে গেছে। পত্রিকায় প্রকাশের জন্য কাজের তালিকা তৈরীটাই বাকি ছিল। আপাতত একটা নিয়ম মাফিক সংক্ষিপ্ত তালিকা দিচ্ছি।

অবশ্য সংক্ষিপ্ত করবার কোন প্রশ্ন ওঠে না, কারণ কাজের সংখ্যাল্পতার জন্য তালিকা আপনিই ছোট হবে। তবে সংখ্যায় অল্প হলেও কাজগুলি গুণে সমৃদ্ধ ছিল কিনা সেটাও বিচার্য। বিচারের ভার রইল ছাত্র-ছাত্রীদের 'পরেই।

বিতর্ক পরিষদ :

বিতর্ক পরিষদের পক্ষ থেকে মোট চারটি সভার আয়োজন করা হয়েছিল। তার মধ্যে "Religious Education,"

"এ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা সভার কথা সর্বাগ্রে উল্লেখযোগ্য। বিচারকের আসন গ্রহণ করেছিলেন অধ্যাপক শ্রীসুবিমল মুখোপাধ্যায় এবং ডাঃ অতীন বসু। এজন্য তাঁদের আমরা কৃতজ্ঞতা জানাচ্ছি। সেণ্ট জেভিয়ার্স কলেজ প্রতিযোগিতায় জয়ী হয়; ব্যক্তিগতভাবে প্রথম স্থান অধিকার করেন মেডিক্যাল কলেজের অভিজিৎ বসু এবং দ্বিতীয় স্থান অধিকার করেন সেণ্ট জেভিয়ার্স কলেজের J. Oder Jew। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে আমাদের কলেজ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেনি।

এ ছাড়া একটি আন্তঃশ্রেণী বিতর্ক প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছিলো। বিতর্কের বিষয় ছিল "Peaceful co-existence of communism and capitalism is possible"। এ সভায় বিচারের ভার ছিল ডাঃ অমলেশ ত্রিপাঠী এবং অধ্যাপক শ্রীঅমল ভট্টাচার্যের ওপর। এঁদের কাছে সে জন্যে আমরা কৃতজ্ঞ। জয়লাভ হয়েছিল দ্বিতীয় বার্ষিক শ্রেণীর; ২য় বার্ষিক শ্রেণীর শ্রীকমল দত্ত এবং তৃতীয় বার্ষিক শ্রেণীর শ্রীঅশোক চট্টোপাধ্যায় ব্যক্তিগতভাবে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় হন।

এ ছাড়াও দুটি সাধারণ বিতর্ক সভা অনুষ্ঠিত হয়েছে। বিষয় ছিল "Technical education divorced entirely from general education is imperfect" এবং "Circumstances and not individuals mould history." যে সব ছাত্ররা এতে অংশ গ্রহণ করেছিলেন আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি।

সবকটি সভাতেই সভাপতির আসন গ্রহণ করেছিলেন বিভাগীয় উপদেষ্টা অধ্যাপক শ্রীঅমিয় মজুমদার। তাঁর মূল্যবান উপদেশ আমাদের অনুষ্ঠানগুলিকে সার্থকতার পথে এগিয়ে দিয়েছে। তাঁকে আমরা শ্রদ্ধা জানাচ্ছি। দ্বিতীয় সভাটিতে, বিশেষ কারণে অধ্যাপক মজুমদারকে কাজ শেষ হবার আগেই চলে যেতে হয়েছিলো। বাকী সময়ে সভাপতিত্ব করেছিলেন অধ্যাপক শ্রীদেবীপদ ভট্টাচার্য। তাঁকেও আমরা শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

সম্পাদক—শ্যামলেন্দু বন্দ্যোপাধ্যায়

রবীন্দ্র পরিষদ :

সংখ্যাল্পতায় রবীন্দ্র পরিষদের অনুষ্ঠান আমাদের কলেজে যে ঐতিহ্য সৃষ্টি করেছে, এবারেও তার ব্যতিক্রম হয়নি। কিন্তু এই অল্পতাকে বহুত্বে পরিণত করাটা যে ছাত্রদের সহানুভূতি এবং সহযোগিতা সাপেক্ষ একথা বারবার বলা হয়েছে। হয়তো অভ্যাসের বশেই, আমি আরেকবার বলছি।

সংখ্যায় অল্প হলেও, আয়োজিত অনুষ্ঠান দুটি সত্যই উচ্চশ্রেণীর হয়েছিলো। প্রথমে কবিগুরুর ঋতু সংগীতের একটি আসরের আয়োজন করা হয়েছিলো। গ্রন্থনার ভার ছিল অধ্যাপক শ্রীদেবীপদ ভট্টাচার্যের 'পরে। নিমন্ত্রিত শিল্পীদের মধ্যে শ্রীশান্তিদেব ঘোষ অনিবার্য কারণে উপস্থিত হতে পারেন নি। সে জন্যে আমরা দুঃখিত। তবে দেবব্রতবিশ্বাস, পূরবী চট্টোপাধ্যায়, অমিত মিত্র এবং তপতী দাসের সুগীত সংগীতে উৎসব সম্পূর্ণ সার্থক হতে পেরেছিলো।

আমাদের দ্বিতীয় এবং শেষ আয়োজন হয়েছিল 'বর্ষামঙ্গল' অনুষ্ঠানের। বিভিন্ন শিল্পী সমাগমে এবং কলেজের ছাত্রছাত্রীদের অংশ গ্রহণে সে অনুষ্ঠান হৃদয়গ্রাহী হয়ে উঠেছিলো। অংশ গ্রহণ করেছিলেন—সুচিত্রা মিত্র, দেবব্রত বিশ্বাস, পূরবী চট্টোপাধ্যায়, আল্‌পনা রায় এবং কলেজের জ্ঞানব্রত ভট্টাচার্য, যশোধরা সেনগুপ্তা, অমিয় বন্দ্যোপাধ্যায়, মঞ্জুলা মুখোপাধ্যায়, হেনা বন্দ্যোপাধ্যায়, অনিন্দিতা গুহ, অলকানন্দা দাশগুপ্তা, নন্দিতা দত্ত, কুণাল বাগচী। সুচিত্রা মিত্র এবং দেবব্রত বিশ্বাসের গান অপূর্ব সুন্দর হয়েছিলো। ছাত্রছাত্রীদের গানও বেশ ভাল হয়েছিল বলে আমাদের ধারণা। সংলাপ রচনায় কৃতিত্ব দেখিয়েছেন কলেজের ছাত্র শিশির দাস। সংলাপ পাঠ করেছিলেন বিখ্যাত অভিনেতা শ্রীশম্ভু মিত্র।

অধ্যাপক দেবীপদ ভট্টাচার্যের মূল্যবান উপদেশ ও নির্দেশ আমাদের কাজকে সুশৃঙ্খল করে তুলেছে। সেজন্য তাঁকে শ্রদ্ধা জানাচ্ছি।

সম্পাদক—অমলেন্দু বন্দ্যোপাধ্যায়

নিয়ম মাফিক কর্মতালিকা পেশ করা শেষ হোল। এবার নিয়মমাফিক ধন্যবাদ দেবার পালা। যারা নানাভাবে আমাদের কাজে সহায়তা করেছেন তাঁদের সবাইকে একযোগে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। নবনির্বাচিত ছাত্রপরিষদের হাতে কার্যভার তুলে দিয়ে এবং নূতন পরিষদের কাজের সর্বাঙ্গীন সার্থকতা কামনা করে আমরা এবার বিদায় নিচ্ছি।

সাধাধণ সম্পাদক—শ্রীজ্যোতির্ময় পালচৌধুরী

এথ্‌লেটিক ক্লাব :

কলেজ পত্রিকার শেষ সংখ্যায় গত হকি সীজনের গোড়া পর্যন্ত এই বিভাগের খবর বেরিয়েছিল। হকি মরশুমের প্রথম ৪।৫টি খেলা দেখে যে আশা হয়েছিল, সেটা বেশীদিন রইল না। তাও আন্তঃকলেজ লীগে আমরা আমাদের গ্রুপে ৪র্থ স্থান অধিকার করি। আন্তঃকলেজ নক-আউট প্রতিযোগিতায় বি. ই. কলেজের বিরুদ্ধে আমাদের ১ম রাউণ্ডের খেলা খুবই ভাল হয়। বি. ই. কলেজের মত দলের বিরুদ্ধে আমরা প্রথমেই একটী গোল করে সারাক্ষণ তাদের "চেপে রেখে দিয়েছিলাম"—শেষ মুহূর্তে খেলাটি ড্র হয়ে গেল। আমরা পুনরনুষ্ঠিত খেলায় হেরে যাই। সেদিন আমাদের অধিনায়ক এবং খেলোয়াড়দের মনোভাব দেখে কষ্ট পেলাম—তারা সকলে যেন 'হারব' এই ঠিক করেই মাঠে নামলেন।...কলেজের পরীক্ষার জন্য হকি সীজন্ যেন কিছুটা হঠাৎ-ই শেষ হয়ে গেল।

এই তো গেল হকির কথা। আমাদের 'বার্ষিক হিসেব নিকেষের সভাটিও' অধ্যক্ষ মহাশয়ের সভাপতিত্বে বিপুল উৎসাহ আর উত্তেজনার মধ্যে অনুষ্ঠিত হয়। বিভিন্ন বিভাগীয় এবং সাধারণ সম্পাদক তাঁদের বাৎসরিক

রিপোর্ট পড়ার পর শ্রীশৈবাল সেন প্রস্তাব করেন যে, 'ভাদুড়ী'-র গত বছরের কৃতিত্বপূর্ণ সেঞ্চুরীর জন্য তাঁকে কলেজ থেকে 'সুভেনির্' হিসেবে একটি নূতন ম্যাচ-ব্যাট দেওয়া হউক। প্রস্তাবটি প্রচুর হাততালি আর টেবিল চাপড়ানির মধ্যে সমস্ত সভা কর্তৃক সমর্থিত এবং গৃহীত হ'ল। ছাত্রী বিভাগের সম্পাদিকা শ্রীনন্দিতা দত্তের ছাত্রীদের খেলার মাঠ 'ঘিরে দেবার' জন্য দাবীও এই সভায় সমর্থিত ও গৃহীত হয়। গত বছরের বাজেটে যে টাকা বেঁচেছে, তা থেকে এ সকল উপরি খরচা হবে এবং উদ্বৃত্ত টাকা আমাদের মাঠ-উন্নয়নে ব্যয় করা হবে;

এই সভাতেই ১৯৫৪-৫৫ সালের জন্য শ্রীপ্রবীর বোস ফুটবল বিভাগের সম্পাদক নির্ব্বাচিত হন। এবারকার ফুটবল সীজন আমাদের কলেজে পূজোর ছুটির বেশ কিছু আগেই শেষ হয়ে গেল। আমাদের দলের এবার অধিনায়ক ছিলেন শ্রীঅসীমকুমার সরকার। আন্তঃকলেজ লীগে আমরা ভাল করতে পারিনি। 'নক্-আউট' প্রতিযোগিতাগুলির মধ্যে হেরম্ব মৈত্র শীল্ডে আমরা নরসিংহ দত্ত কলেজকে ১ম রাউণ্ডে 'রি-প্লে ম্যাচে' ২-০ গোলে হারিয়ে ২য় রাউণ্ডে উঠি; কিন্তু সিটি কলেজের কাছে এই পর্যায়ের খেলায় হেরে যাই। Hardinge Birthday Shield-এ আমরা নিশ্চিত দুর্ভাগ্যবশতঃ মেডিক্যাল কলেজের কাছে হেরে যাই (১-২ গোলে)। ইলিয়ট শীল্ডে এবার প্রত্যেক কলেজকে 'Full booted-team' নাবাতে হয়; এতে আমাদের ভীষণ অসুবিধা হয়েছিল। কেননা আমাদের নিয়মিত খেলোয়াড়দের অনেকের-ই 'বুট' নেই, কলেজ থেকে মাত্র তিন জোড়া বুট এবার দেওয়া হয়। জোড়া তালি দিয়ে আমাদেরও Booted-team হ'ল, কিন্তু সুরেন্দ্রনাথ কলেজের কাছে সে দল (০-২) গোলে হেরে গেল। আশা করছি আসছে বছর কলেজ থেকে প্রত্যেক খেলোয়াড়কে বুট্ দেওয়া হবে এবং বুটের অভাবে আমাদের এ দুরবস্থা আর হবে না।

আন্তঃশ্রেণী প্রতিযোগিতাগুলি যথারীতি তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক হয়। লীগে P. C. চ্যাম্পিয়ান হয়। Principal B. M. Sen Challenge Cup, ২য় বর্ষ তাদের উন্নততর ক্রীড়া-নৈপুণ্যের সাহায্যে ফাইনালে ৪র্থ বর্ষকে হারিয়ে লাভ করে।

তৃতীয় বর্ষও নিজেদের মধ্যে কয়েকটি 'Inter-Departmental' ফুটবল খেলার ব্যবস্থা করে!

এবার ১৫ই আগষ্ট, স্বাধীনতাদিবস উপলক্ষে কলেজের এই বিভাগ একটি ক্রীড়ানুষ্ঠানের আয়োজন করে। ছাত্র-ছাত্রীদের প্রচুর উৎসাহ সত্ত্বেও বৃষ্টির জন্য তাঁদের স্পোর্টস্ বাদ দিতে হ'ল। কিন্তু Festival ফুটবল (Captain's XI Vs. Secretary's XI) ঐদিন বেশ জমেছিল—খেলাটি ড্র হয়।

নূতন ১ম বর্ষ এবং ৩য় বর্ষ কলেজে যোগ দেওয়ার অল্প পরেই নূতন কমিটি, ১৯৫৪-৫৫ সালের জন্য গঠিত হয়। শ্রীননীগোপাল চক্রবর্ত্তী মহাশয়ের সভাপতিত্বে নতুন কমিটির প্রথম সভা হয়। এই সভাতে সাধারণ সম্পাদক এবং বিভিন্নবিভাগীয় সম্পাদক নির্ব্বাচিত হয়। এই সভাতেই আমি নতুন সাধারণ সম্পাদক শ্রীঅসীম কুমার ভট্টাচার্য্যের হাতে আমার সমস্ত কাজের দায়িত্ব তুলে দিলাম।

কলেজের ছাত্রীরাও ছাত্রীবিভাগের সম্পাদিকা নির্ব্বাচনের জন্য ননীগোপাল বাবুর সভাপতিত্বে এক সভায় মিলিত হন। ছাত্রীদের জন্য নির্ব্বচনী সভার প্রয়োজন এথ্লেটিক ক্লাবের ইতিহাসে এই প্রথম। তিন জন প্রার্থীর মধ্যে শ্রীনবনীতা দেব নির্বাচিতা হ'ন। ছাত্রীদের মধ্যে এই উৎসাহ দেখে আশা করা যায় তাঁদের বিভাগের কাজ অন্যান্য বছরের তুলনায় এবার কিছু ভাল হবে।

শ্রীঅসীমকুমারের পরিচালনায় আমি নতুন কমিটির সাফল্য কামনা করি। আমি আবার কৃতজ্ঞতার সঙ্গে তাঁদের সকলের নাম মনে করছি, যাঁদের কাছ থেকে আমি আমার নানা কাজে নানাভাবে সাহায্য পেয়েছি।

সাধারণ সম্পাদক, ক্রীড়া বিভাগ—সুনয় সানাতানি

সমাজ সেবা-বিভাগ

এ বৎসরে আমাদের প্রধান প্রধান কাজ হলো :

১। ১৯৫৪ সালের জানুয়ারী মাসে যাদবপুরে তিনটি কলোনীর (বাপুজীনগর, রামকৃষ্ণপুর ও আনন্দপুর) দুঃস্থ ছেলেমেয়েদের মধ্যে শীতবস্ত্র বিতরণ (উঠেছিল, ১২৭৲ টাকা, ব্যয় হয়েছে ১২৬।০ আনা)

২। ১৯৫৪ সালের প্রথম ভাগে এই কলেজের দুঃস্থ ছাত্রছাত্রীদের জন্য একটি পাঠ্যপুস্তক গ্রন্থালয় (Text-Book Library) প্রতিষ্ঠা।

৩। উত্তর-পূর্ব ভারতের বন্যায় (১৯৫৪) সাহায্য (সংগৃহীত) ২৯৯/০ আনা। "

অন্যান্য কাজ :

এই কলেজের চতুর্থ বার্ষিক বিজ্ঞান (১৯৫৩) শ্রেণীর এক ছাত্রকে বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফি ও অপর একটি পরীক্ষায় অকৃতকার্য্য ছাত্রকে পুনর্ভর্ত্তীর অর্থ যোগান, ৮।৯টি স্কুলের ছাত্রছাত্রীকে পড়াশুনোর জন্য ও ৩টি রোগীকে ঔষধ ও পথ্যের জন্য অর্থ সাহায্য ও বেশ কয়েকজন বৃদ্ধ দুঃস্থ ভদ্রলোক ও বৃদ্ধা ভদ্রমহিলাকে অর্থ সাহায্য করন।

সম্পাদক, সোসাল সার্ভিস লীগ—সঞ্জীবচন্দ্র সরকার

জুনিয়র কমনরুম :

বৎসরান্তে কমনরুমের কার্য্যাবলীর বিবরণ দেওয়ার আগে আমি প্রফেসর মামুদ ও অধ্যক্ষ জে, সি, সেনগুপ্তকে তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আন্তরিক সহানুভূতি ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

গত ২৪শে সেপ্টেম্বর অধ্যাপক শ্রীঅমিয় মজুমদারের সভাপতিত্বে Table Tennis Competitionএর পুরস্কার বিতরণী সভাটি সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। খেলাধুলার সরঞ্জাম সরবরাহে কোন ত্রুটি ঘটেনি। স্বল্প-পরিসর কমনরুমে ইচ্ছা থাকলেও আর নতুন Table আনা সম্ভব হয়নি। ম্যাগাজিন ও খবরের কাগজের সংখ্যা বেড়েই চলেছে।

সেস্‌নের প্রথমদিকে কমনরুমের ভীড়ে প্রাণান্ত হয়ে উঠে, যাতে করে কমনরুমের পরিধি আরও বিস্তৃতি লাভ করে এজন্য কলেজ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি। নতুন সম্পাদক মণ্ডলীর উপর কার্যভার তুলে দিয়ে আর সমসাময়িক ছাত্রছাত্রী বন্ধুদের অভিনন্দন জানিয়ে এবার বিদায় নিচ্ছি।

সম্পাদক—শ্রীপঙ্কজ রায়

অর্থনীতি সেমিনার :

কলেজ ম্যাগাজিনের গত সংখ্যা এবং এই সংখ্যা প্রকাশের মাঝে আমরা বেশ কতগুলি উল্লেখযোগ্য কাজ করেছি। জুলাই মাসের শেষের দিকে আমরা আমেরিকা যুক্তরাষ্ট্রের এক ছাত্র প্রতিনিধি দলকে এক সম্বর্ধনা সভায় আপ্যায়িত করি। এর পরে আমাদের উল্লেখযোগ্য কাজ হোল, অর্থনীতির পুরোণো এবং নতুন ছাত্রদের সম্মেলন। ১৯০৯ সাল থেকে আরম্ভ করে ১৯৫৪ সাল পর্য্যন্ত এই ক'বছরের ছাত্রদের সম্মেলন অনুষ্ঠিত হয় আর্টস্ লাইব্রেরী হলে। সকলের সহানুভূতি ও সক্রিয় সহযোগিতায় অনুষ্ঠানটি সুন্দর ও সার্থক হয়ে ওঠে। সভার প্রারম্ভে শ্রদ্ধেয় অধ্যাপক ঘোষাল তাঁর ভাষণ প্রদান করেন। এর পরে প্রাক্তন ছাত্রদের পক্ষ থেকে অধ্যাপক ডাঃ জে, পি, নিয়োগী ও শ্রীশৈবাল গুপ্ত বক্তৃতা করেন। বর্ত্তমান ছাত্রদের তরফ থেকে শ্রীসুখময় চক্রবর্ত্তী

বক্তৃতা করেন। সভায় প্রেসিডেন্সী কলেজের অর্থনীতির প্রাক্তন ও বর্ত্তমান ছাত্রদের নিয়ে একটি Presideney College Economics Students' Association. গঠনের প্রস্তাব গৃহীত হয়।

এবার আমাদের সেমিনারের উদ্যোগে কয়েকটি আলোচনা সভাও অনুষ্ঠিত হয়। জোতিষের লেখা 'Industrial Finance tn India' এবং শান্তির লেখা 'Problem of Development of Underdev. Countries' দুটি প্রবন্ধ দুদিন প্রচুর উৎসাহ ও উদ্দীপনার মাঝে পঠিত ও আলোচিত হয়। এছাড়া, পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে একদিন মনোজ্ঞ ভাষণ প্রদান করেন সুবিখ্যাত ডাঃ পি, এন, ব্যানার্জ্জি।

সেমিনারের নানা কাজে অনেকের কাছ থেকে সাহায্য পেয়েছি। বিশেষ করে Rc-Unionএর কাজে অধ্যাপক ঘোষালের উৎসাহ, অধ্যাপক মজুমদারের সাহায্য এবং ছাত্রবন্ধুদের সমবেত সহযোগিতা অনুষ্ঠানটিকে সুন্দর ও সার্থক করে তুলেছিল।

সেমিনারের অন্যান্য কাজে আমি অধ্যাপক ঘোষাল, অধ্যাপক ঘোষ, অধ্যাপক ভট্টাচার্য্য এবং অধ্যাপক মজুমদারের কাছ থেকে বহু সাহায্য পেয়েছি। এঁদের সকলকে এবং ছাত্রবন্ধুদের আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। ব্যক্তিগত ভাবে সকলের নামোল্লেখ সম্ভাব্যতার বাইরে তাই তা থেকে বিরত রইলাম।

আশাকরি অর্থনীতি সেমিনারের গৌরব আমরা এই বছর উত্তরোত্তর বাড়িয়ে যেতে সমর্থ হয়েছি।

সম্পাদক—প্রদীপরঞ্জন সর্ব্বাধিকারি

ইতিহাস সেমিনার :

অন্যান্য বছরের সম্পাদকের মতো আমরাও অনেক কিছু করবার আশা নিয়ে কাজ শুরু করেছিলাম। অন্যান্য বছরের মতো এ বছরেও আশা পূর্ণ হয় নি। কেন কাজ মনোমত হল না তার কারণ দেখানোর প্রয়োজন নেই তবে একটা কথা বোধহয় বলা উচিত। ছাত্রবন্ধুদের উৎসাহ যদি আর একটু বেশী থাকতো, আমাদের কাজ তবে নিশ্চয়ই আরও একটু বেশী হ'ত।

বর্ত্তমান চতুর্থ বর্ষের ছাত্রদের মধ্যে লেখকের অভাব আমরা খুব বেশী বোধ করেছি। বিস্ময়ের কথা, দুঃখেরও বটে, সারা বছরে একটা অধিবেশন বসল না।

আবরা কেবল বিদায়সম্বর্ধনার অনুষ্ঠানই করেছি—আর ছেলেদের বই দিয়েছি। সুখের কথা, এবারে সেমিনারে আমরা কিছু নূতন বই পেয়েছি।

আমাদের কলেজের ইতিহাসের অধ্যাপক শ্রীচণ্ডিকাপ্রসাদ বন্দ্যোপাধ্যায় সেণ্ট্রাল ক্যালকাটা কলেজে বদলী হ'য়ে গিয়েছেন। পরিবর্ত্তে এসেছেন শ্রীঅমলেশ ত্রিপাঠী।

আমাদের মাননীয় বিদায়ী অধ্যাপকের বিদায় সম্বর্ধনার ব্যবস্থা করেছি।

পরিশেষে শ্রীযুক্ত সুশোভন সরকারকে তাঁর মূল্যবান উপদেশের জন্য ধন্যবাদ জানাই।

সম্পাদক—শ্রীঅবনী বিশ্বাস

রাজনীতি সেমিনার :

সেমিনারের সম্পাদক হিসাবে যে কার্যভার নিয়েছিলাম তা পালন করার যথাসাধ্য চেষ্টা করেছি। বই দেওয়া নেওয়ার কাজ ছাড়াও এবারে আমাদের বেশ কয়েকটা Seminar-meeting হয়েছে। তারমধ্যে সহপাঠী শ্রীঅমিয় বাগচী-পঠিত—'On Principles of Equality' আর শ্রীঅমল দত্তের 'Liberty and Equality'র নাম উল্লেখ করা যেতে পারে। গত আগষ্ট মাসে আমরা আমাদের বিভাগের সর্বপ্রথম Re-union বিশেষ উদ্দীপনার মধ্যে সম্পন্ন করি। এ ব্যাপারে আমরা প্রাক্তন ছাত্রদের যথেষ্ট উৎসাহ লাভ করি। সহকর্মী

প্রদীপ ছাড়া সহপাঠী শ্রীঅসিত ব্যানার্জী আর রূপেন ব্যানার্জী এ ব্যাপারে যথেষ্ট সাহায্য করে আমাদের উৎসবটিকে সফলতার পথে এগিয়ে নিয়ে যান।

সর্বশেষে প্রোফেসর ঘোষাল এবং প্রোফেসর তাপস মজুমদারকে তাঁদের মূল্যবান উপদেশের জন্য ধন্যবাদ জানিয়ে এইখানেই ইতি করি।

সম্পাদক—শ্রীপ্রণবকুমার চ্যাটার্জী

দর্শন সেমিনার :

রিপোর্ট লিখতে গিয়ে ভাবছি আমাদের কাজে আমরা কতদূর এগিয়েছি। এখনও অনেক কাজ আমাদের যত্ন অপেক্ষা করছে।

সেমিনারে কয়েকটি অতি প্রয়োজনীয় আসবাবপত্রের জন্য আবেদন করেও আজ পর্যন্ত কোন ফল হয় নি।

অন্যান্য বিষয়ের মধ্যে এবার সেমিনারের আধ্যায়নিক কার্যক্রমের দিকে আমরা অনেকখানি এগিয়েছি। গরমের ছুটির পর আমাদের মোট চারটে কার্যক্রম হয়।

প্রথমতঃ, চতুর্থ বার্ষিক শ্রেণীর শ্রীমতী জয়শ্রী সেনগুপ্তা তাঁর "Solipsism of Descartes" প্রবন্ধ পাঠ করেন। এ'র উপর দু'দিন জোর আলোচনা হয়।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বেদান্তবিভাগীয় গবেষণাকারক কৃতী ছাত্র শ্রীসীতানাথ গোস্বামী "Vedanta and Hinduism" সম্বন্ধে এক সুযোগ্য ও সময়োপযোগী ভাষণ দেন। আগ্রহশীল অনেক ছাত্র-ছাত্রী সেদিনকার কার্যক্রমে যোগ দিয়েছিলেন। তারপর শ্রীঅজিত কুমার ভাদুড়ী "Sankara and Spinoza" শীর্ষক প্রবন্ধ পাঠ করেন। শেষ কার্যক্রম হচ্ছে শ্রীমতী সীতা সেনের "Immorality and Suicide" শীর্ষক প্রবন্ধ পাঠ। পূর্বোক্ত সমস্ত কার্যক্রমেই সেমিনারের সভাপতি শ্রদ্ধেয় ডাঃ প্রবাসজীবন চৌধুরী সভাপতির আসন অলঙ্কৃত করেছিলেন। সেমিনারে বইয়ের সংখ্যা বাড়ান হ'য়েছে। বই দেবার কাজ রীতিমত চলেছে। প্রাচীর পত্র বের করবার জন্য উপযুক্ত অর্থ আমাদের সংগ্রহ হ'য়ে গে'ছে। পূজোর ছুটির পরই প্রাচীর পত্র বের হ'বে আমরা আশা করছি।

সম্পাদক—শ্রীচিত্তরঞ্জন ভট্টাচার্য সহঃ সম্পাদক—শ্রীজয়ন্তকুমার ঘোষ

পদার্থবিদ্যা সেমিনার :

প্রেসিডেন্সী কলেজের প্রত্যেকটি বিভাগের সেমিনারে ছাত্রছাত্রীরা নানা জ্ঞাতব্য বিষয় নিয়ে তর্কবিতর্কের আয়োজন করে থাকেন। কিন্তু পদার্থবিদ্যা বিভাগে এ পর্য্যন্ত কোনও রকম সুসমঞ্জস প্রচেষ্টা হয়েছে বলে জানা নেই। তবে আমাদের অব্যবহিত পূর্ববর্ত্তীরা এ ব্যাপারে সচেষ্ট হয়েছিলেন এবং তাঁরাই আমাদের প্রচেষ্টার প্রেরণা যুগিয়েছেন।

আমাদের সেমিনারে আলোচনার ধারাটা একটু অন্য রকমের। সাধারণতঃ কলেজে পাঠ্য কোনও বিষয় নিয়ে এখানে আলোচনা হয় না। পদার্থবিদ্যার বিভিন্ন বিভাগে যে সব কৌতূহলী ও চমকপ্রদ আবিষ্কার ও জ্ঞান সংগৃহীত হয়েছে তাদেরই উপর অত্যন্ত সাধারণ স্তরে আলোচনা হয়ে থাকে যাতে সবারই বোঝবার সুবিধা হয়। এই হিসাবে আমাদের সেমিনার নূতনত্ব দাবী করতে পারে।

"Ionosphere" এর উপর বর্ত্তমান চতুর্থ বার্ষিক শ্রেণীর শ্রীমান উৎপল ব্যানার্জ্জির আলোচনা নিয়েই এবারকার সেমিনার আরম্ভ হয়। এ ছাড়া অসিত গোস্বামী, নিত্যনাথ ইত্যাদি ছাত্রগণ অন্যান্য অনেক বিষয় নিয়ে

বিভিন্ন দিনে আলোচনা করেছেন। বিষয়গুলি হচ্ছে 'Entropy' 'Cosmology', 'Black body radiation' ইত্যাদি। এদের প্রত্যেকের আলোচনাই আমাদের ভাল লেগেছে।

উপসংহারে আর একটি না বললে ভুল হবে। বর্ত্তমান পঞ্চম বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীদিলীপ ভদ্রের কাছে আমরা অনেক বিষয়েই ঋণী। 'কোয়ান্টম পরিমিতিবাদ', 'ষ্ট্যাটিষ্টিকাল থার্মোডাইনামিক্স' ইত্যাদি বিষয় নিয়ে তিনি আলোচনা করেছেন। তাঁর আলোচনাগুলি সত্যিই রসগ্রাহী হয়েছিল। তাঁর ব্যক্তিগত উৎসাহ ও অনুপ্রেরনার জন্য আমরা তাঁর কাছে কৃতজ্ঞ।

যাই হোক আমরা আশা করি আমাদের পরবর্ত্তী ছাত্রবন্ধুগণ আমাদের এই প্রচেষ্টাকেই আরও বৃহত্তর সাফল্যের দিকে নিয়ে যাবেন। সবশেষে যে সব ছাত্রবন্ধুর কাছ থেকে বিভিন্ন বিষয়ে সাহায্য পেয়েছি তাদেরকে জানাই আমাদের আন্তরিক ধন্যবাদ।

সম্পাদক 'পদার্থবিদ্যা সেমিনার'—শ্রীগৌরাঙ্গ চক্রবর্ত্তী

Botany Seminar :

বছরের দ্বিতীয়ার্ধে বিভাগের তেমন কোন উল্লেখযোগ্য কাজের ইতিহাস নেই। Dr. J. N. Mukherjeeর সভাপতিত্বে কিছুদিন আগে Bengal Botanical Societyর যে বার্ষিক অধিবেশন হয়ে গেল আমাদের কলেজে, তাতে বিভাগের ছাত্রছাত্রীরা সক্রিয় অংশ গ্রহণ করে Societyএর তরফ থেকে যথেষ্ট সুনাম পেয়েছে, Society সম্পাদক ডাঃ রায়ের আমন্ত্রণে আমরা সেদিন 'বসু বিজ্ঞান মন্দিরের' বিভিন্ন বিভাগ দেখে এলাম। Cytological এবং Physiological কাজগুলো খুবই ভাল লাগলো। আর তার চাইতে ভাল লাগলো ডাঃ রায়ের মিষ্টি ব্যবহার।

অত্যন্ত দুঃখের সঙ্গেই বলতে হচ্ছে যে Colloquiumএর ব্যাপারে সাধারণ ছাত্রছাত্রীরা অত্যন্ত উদাসীন। এবার Colloquium-সম্পাদক বন্ধুবর কল্যাণ দত্তের তরফ থেকে বিশেষ প্রশংসনীয় সারা পাওয়া গেছে। এবার আলোচনা সভায় নিচের কয়টি বিষয় আলোচিত হয়েছে—

1. "The modern Concept of Gene"—Sri C. R. Das.

2. "The anxin Content of the Crop Plant in relation to the external factors"—Dr. T. Das.

3. "Indian weeds and how to control them"—Sri S. Dutta.

4. "Antagonism and Production of antibiotics"—Sri C. R. Das.

5. "Application of Radio isotopes in the investigation of plant processes"—Sri R. Mukherjee.

6. Chromatography in plant research"—Dr. S. Sen.

উপরোক্ত বিষয়গুলোর মধ্যে ডাঃ তারক দাস এবং ডাঃ শ্যামাপদ সেন-এর বিষয় দুটি অত্যন্ত সহজ, রসাল এবং উচ্চাঙ্গের হয়েছিল। এঁরা দুজনই সদ্য বিদেশ প্রত্যাগত। বলার শ্রম স্বীকারের জন্য এঁদের কাছে আমরা কৃতজ্ঞ।

বলতে অত্যন্ত গর্ব বোধ করছি যে আমাদের প্রাক্তন ছাত্রছাত্রীদের মধ্যে এ বছর সুভাষ দত্ত এবং সুমিত্রা তালুকদার উচ্চশিক্ষা পাবার জন্য সরকারী বৃত্তিতে বিদেশ যাত্রা করেছেন। যাত্রা এঁদের সার্থক হোক, এই কামনাই করি।

সম্পাদক—শ্যামাপদ সাহা

গণিত সেমিনার :

কাজের ভার পেয়েছি বেশীদিন হয়নি, কিন্তু এর মধ্যে বই লেন দেনের ব্যাপারে অনেকটা এগিয়ে গিয়েছি। সেমিনারে প্রয়োজনের তুলনায় বই সংখ্যা অত্যল্প। তাই সেমিনারের সভ্যদের কাছ থেকে অর্থ সাহায্য নিয়ে বইর সংখ্যা বাড়াবার চেষ্টায় আছি। আশা করি তাঁরা এই চেষ্টায় আন্তরিক সাড়া দেবেন, আমরা এর জন্য কর্তৃপক্ষকেও একটু দৃষ্টিপাত করিতে অনুরোধ জানাচ্ছি।

এর মধ্যে আমাদের কয়েকটি অধিবেশন হয়ে গেল। আমাদের শ্রদ্ধেয় অধ্যাপকমণ্ডলী কতকগুলি বিষয়ে সারগর্ভ বক্তৃতা প্রদান করেন।

কিছুদিন হলো অধ্যাপক বীরেন্দ্রনাথ বসু এসেছেন আমাদের বিভাগে সেণ্ট্রাল ক্যালকাটা কলেজ থেকে—আমরা তাঁকে সাদর অভ্যর্থনা জানাচ্ছি।

সেমিনারের কাজে সব সময়ই সহপাঠী ছাত্রছাত্রীদের সহযোগিতা পেয়েছি। আশা করি ভবিষ্যতেও তাদের সহযোগিতা থেকে বঞ্চিত হবো না। আর আমরা কৃতজ্ঞতা জানাই প্রফেসর কামিনীকুমার দে'কে—তাঁর অদম্য প্রচেষ্টায় ও উৎসাহে আমরা উপকৃত হয়েছি।

সবশেষে আমাদের কৃতজ্ঞতা জানাই প্রাক্তন সম্পাদক সুনীল পালকে।

সম্পাদক—সুনীল ভৌমিক

গার্লস কমনরুম :

এবারকার রিপোর্ট দিতে গিয়ে প্রথমেই আনন্দের সঙ্গে জানাতে হচ্ছে যে আমাদের সবচেয়ে বড় অভিযোগ দুর হয়েছে—অর্থাৎ গার্লস কমনরুম বড় করা হয়েছে। এতদিন যা ছিল পরিকল্পনা আজ তা কার্যে পরিণত করার জন্য কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞ। খাবার ও পানীয় যথারীতি পাওয়া যাচ্ছে সেদিক দিয়ে কোন অসুবিধে নেই। তবে কমনরুম আয়তনে বাড়ানোর দরুণ একখানা টেবিল ও খানকয়েক চেয়ারের প্রয়োজন অনুভব করছি। এ দাবীটা আশা করি শীগ্‌গিরই পুরণ হবে। Indoor Gamesএর বন্দোবস্ত আমি করতে পারলাম না, নানারকম অসুবিধের জন্য। আশা করি আমার পরবর্ত্তীজন এ ব্যবস্থাটা করতে পারবেন।

সেক্রেটারী—সুফিয়া চৌধুরী

লন টেনিস :

খেলাটির আভিজাত্য আছে। সবদেশেই এর চলন। আদরও কম না। বন্ধুরা বুঝতে চান না।

গত বছর অনেক চেষ্টা করেও ন'জনের বেশী সদস্য যোগাড় করা সম্ভব হয়নি। ফলে লন টেনিস বিভাগটি বন্ধই থেকে যায়। কমপক্ষে ডজন খানেক সদস্য চাই। এ বছর সওয়া ডজন হয়েছে। খেলা চলার পক্ষে যথেষ্ট। আশা করছি নিয়মিত খেলা হবে। ভাগ্যিস্ আশা Pandoraর বাক্সে বন্দিনী।

যে সব বন্ধুরা এগিয়ে এসেছেন তাঁদের ধন্যবাদ।

সেক্রেটারী—এম. কে. খীশা প্রেসিডেন্সি কলেজ এথলেটিক ক্লাব

ভূজ্ঞান পরিষদ :

আমাদের পরিষদের এ বছরের নূতন কার্য্যের উদ্বোধন হয় ১৫ই আগষ্টের "পরিক্রমা" প্রাচীর পত্রিকার প্রকাশনীর মধ্য দিয়ে। তারপরে ১৮ই আগষ্ট তারিখে, আমরা সকলে একটা প্রাথমিক কার্যকরী সমিতির সভায়

মিলিত হই। সেখানে ১৯৫৪-৫৫ সালের বিভিন্ন বিভাগের কর্ম্মকর্ত্তারা সর্ব্বসম্মতিক্রমে নির্বাচিত হন। এর ঠিক একমাস পরে অর্থাৎ ১৮ই সেপ্টেম্বর তারিখে আমরা আবার একসঙ্গে মিলিত হয়ে বিভিন্ন বিভাগের কার্য্যাবলী সম্বন্ধে আলোচনা করি। পরের উল্লেখযোগ্য অনুষ্ঠান হলো "রঙীন চলচ্চিত্র প্রদর্শনীর" ব্যবস্থা করা। ২৩শে, সেপ্টেম্বর বৈকাল ৪টার সময় আমাদের গত জুন মাসের কাশ্মীর ভ্রমণের উপর সম্পূর্ণ একটি রঙীন চিত্র প্রদর্শিত হয়। প্রদর্শনের সঙ্গে সঙ্গে অধ্যাপক এস, সি, দাসগুপ্ত কাশ্মীরে বিভিন্ন স্থানে আমাদের ছাত্রছাত্রীদের অর্জ্জিত অভিজ্ঞতা বর্ণনা করে যান। এ প্রদর্শনীতে ভূগোল ছাড়াও অন্যান্য অনেক বিভাগের ছাত্রছাত্রীরাও উপস্থিত ছিলেন। এই প্রথম আমরা একটি ছোট ঘর পেয়েছি; সেখানে এবার একটা "পাঠচক্র" খোলার চেষ্টা করছি। একটা আদর্শ ভূজ্ঞান পরিষদে যে সব সামগ্রী থাকা দরকার তার প্রায় সব কিছুই আমাদের আছে। আমাদের পাঠাগারের বইএর সংখ্যাও এবার কিছু বেড়েছে। পরিশেষে একটা কথাই বলব—'কথা নয়—কাজ, ঘোষণা নয়—সাধনা' বাণীটি আমাদের পরিষদের প্রত্যেক সভ্যসভ্যাই বুঝেছেন এবং বুঝিয়ে যাবেন বলেই আমার বিশ্বাস।

সম্পাদক—শ্রীদীপককুমার বসু সহঃ সম্পাদক—শ্রীপ্রসেনজিৎ নাগ





শিল্পী : দেবীপ্রসাদ সেনগুপ্ত—দ্বিতীয় বর্ষ·বিজ্ঞান

PRESIDENCY COLLEGE STUDENT'S UNION COUNCIL
SESSION : 1953—'54



LEFT TO RIGHT—
(*Sitting*) : S. Sen (Drama Secy.); J. Pal Chowdhury (General Secy.); Professor S. Roy; Principal J. C. Sengupta; N. Sengupta (Vice-President); P. Roy (Junior Common Room); S. Sircar (Social Service); A. Dasgupta; S. Banerjee (Debate).
(*Standing*) : S. Sinha; R. Bhattacharjee; R. Das; P. Banerjee; S. Dasgupta; N. Bishnu; A. Chakravarty; S. Saha (Junior Burser); P. Bose.

VOL. XXXVI, NO. 1
FEBRUARY, 1955.

THE PRESIDENCY COLLEGE MAGAZINE

EDITORIAL

Recent tradition is on the side of an editor who instead of making a number of disjointed comments on all manner of things under the sun, takes up a definite theme and tries to analyse it. Accordingly, we shall take up the situation of the student today as the subject for discussion. Few people can possibly doubt its propriety.

I

A somewhat pleasant way of describing the student community, following Prof. Henri Marrou of Sorbonne is to picture it as a small privileged group in society which pursues its own occupation, undistracted by the ever-changing present. It is pleasant to contemplate the picture but the reality is so different. Anybody who has some knowledge of the times we live in can ill afford to take *it seriously*. Yet there are people who hold it up only to dodge the real issues. It is necessary that we see through it.

That we are living in a crisis has by now become some sort of a platitude and if stated in a bare fashion, the proposition may very well be irritating. But it gets more vivid when judged against the critical situation of the student to-day. Surely, this is not an isolated problem. We would be simply deluding ourselves to think that it may be solved quite easily only if the powers that be are kind enough.

As a matter of fact, this is part of a much bigger theme—the general crisis of society which affects us all, students or non-students. But since one cannot possibly write about all things at a time, we choose one from a multiplicity of contradictions which a crisis-ridden society always displays.

The Calcutta University has recently done some survey work on the conditions of living of the undergraduate students in this city. The Report published some time ago has been quite effective. Judged by the press reactions, it appears that a statistical dressing up of some more or less well-known facts has shaken public opinion to a great extent. The statistics are

so telling that our Vice-Chancellor writes, "These conditions are appalling in all conscience."

Since the Report has received a good deal of publicity, for our discussion a somewhat brief statement of the more important points will do. The Report throws some light on the income positions of the students. It points out that 13,000 undergraduates come from families whose per capita income is less than Rs. 30 per month and 14,000 from families with per capita income lying between Rs. 30 and Rs. 50 per month. We are further given the percentage figure of students who have to maintain themselves by whole-time or part-time jobs. For the 3rd year students, the figure is as high as 35·47%. A bare statement of the income position is rather inadequate. The Survey provides us with some more statistics, for example, the per capita floor space available at home and in colleges. Excepting for Missionary and Government Colleges, the figure lies between 6 and 9 sq. ft. For middleclass homes, using the term in a broad sense, the same figure comes to about 24 sq. ft. and that also as part of an over-crowded room.

All this information is certainly helpful in explaining the heavy percentage of failures in our examinations. It also serves us, incidentally, with an answer to the much repeated accusation that the students are rather prone to loiter about the streets. There are at least some among the older generation who are apt to think that the youngmen of today are nearly lost for they are so politics-minded. But in all fairness to the students, one ought to consider the miserable situation in which they are placed today. Add to this, the prospect of getting a job which is so remote as to be hopeless. And now one can safely generalize regarding the politics of the students' movements.

Even if the survey has not provided us with something that we did not know before, it has at least done the service of highlighting the seriousness of the student problem in our country. It not merely makes the utterances of our politicians look so cynical and their promises so unreal, it also forces us to study the problem more closely. To understand the problem thoroughly, it is necessary that we link it up with wider issues of socio-economic importance. And only after we have done this can we hope to suggest any remedies.

Talking about socio-economic aspects, it would be indiscreet to generalize on the basis of our limited experience alone. We ought to compare and contrast the situations prevailing elsewhere. To reach a conclusion, we very badly require some more cases under the microscope.

Here are some facts relating to the situation of the student in France.[1] The average amount of a scholarship in France if available at all comes to

[1] For information relating to France, the following journals may be consulted: (1) Le Semeur: La Situation Estudiante en France, 1951. (2) 'Esprit'—April, 1952. (3) P. Mansell Jones —The Cambridge Journal, 1953.

about £65 per annum whereas the minimal cost of living for a student in Paris would dictate a sum two and a half times the present amount. Moreover, 43% of the students have to maintain themselves by part-time or whole-time jobs. In one provincial University, half the students of the Arts Faculty have to earn their own living, some at places 100 miles distant from the centre. As a result, very few students can afford to be present in classes regularly. It has been estimated that three-fifths of the students of France never appear in the classes. This state of affairs is undoubtedly regrettable but the University authorities feel more relieved than otherwise if the pressure of students seeking attendance in the classes relaxes! In the University of Sorbonne, the premier University of France, the Faculty of Law alone has 2,000 registrations while the class-rooms can provide for only 200.

Residential conditions of the students are still worse. There are about 400 menàges where the students are condemned to live a life which is almost tragic. These premises are extremely unhealthy and besides, the diet is very poor. We need not, therefore, be surprised to find the students topping the list so far as the incidence of diseases is concerned. The percentage figure for tuberculosis for the students is six times as high as the over-all national figure.

This, then, is the predicament of the student living in one of the most advanced countries of world. The picture is, indeed, gloomy. But to dispel the gloom, some may refer it to the wartime damages suffered by the country. This, however, is no explanation but merely a side-tracking of the more vital issues. Our analysis of the conditions in the U.S.A. will amply bear out the above point for no similar apology can possibly be offered in that connection.[2]

Here we shall only consider the problems of conducting higher institutions of learning in the U.S.A. Their problems have grown enormous in recent times. The Colleges and the Universities are so much the poorer today, that the Association of American Colleges warned in 1948 that they are "in desperate straits". The situation went from bad to worse in subsequent years so that at the end of 1950 a sum of $15 billion was required to bring the colleges up to a workable standard.

The cost of attending colleges has also shot up. The New York Times, Nov. 27, 1950, estimates that on average an annual expenditure varying between $877 and $899 is the minimum necessary price for any form of higher education. This is a pretty high figure for the vast majority of the people as the study of a Harvard group of social workers points out. Because of these very inflated costs, most parents are not in a position to send their sons up into Universities and Colleges.

It has been estimated that about one third of the student population must earn in order to pay their own expenses. A committee set up by

[2] For data relating to the U.S.A., see the very brilliant book by Gunther Stein: The World the dollar built."

President Truman reported in December, 1947 that America is "allowing the opportunity for higher education to depend so largely on the individual's economic status".

This, however, does not complete the story of higher education in the United States. The College authorities are in an equally sorry plight. Many academic institutions these days resort to commercial ventures.

The Universities are acquiring the look of business enterprises. This is doubly true. First, it is Big Business that controls the whole show so much so that no appointment may be made in any University to-day unless people like Mr. Gradgrind consent to it. Secondly, the Colleges are doing their best to earn money. About this, 'Business Week' of September 10, 1949 wrote gleefully, "It is certainly an infinitely healthier thing . . . . for Colleges to add to their living by business investment than to rely on outright federal subsidies . . . . as has been urged even by some leading educators." 'Business Week' wrote further, "Much of the college news now belongs more to the business-financial pages than in the educational columns . . . To make ends meet, Universities, either as owners or as sole beneficiaries, have taken over the operation of a wide range of businesses . . . . from airports and buslines to pistonring plants."

We have so far considered only those countries which conform to the basic pattern of a free enterprise economy. There are, of course, individual differences but they are overwhelmingly similar. We may now turn to a country which by doing away with so-called free enterprise has succeeded in planning community's production for community's consumption.

We are talking of the U.S.S.R. Here, indeed, is a situation in striking contrast with all that we have so far seen.[3] In the first place, higher education in the U.S.S.R. is completely subsidized by the State. Students get on average a monthly stipend varying from 220 to 600 roubles, depending on the nature of study and the duration of the course. Those who are better than the average receive 25% in addition to the usual amount of the stipend. These stipends are more than sufficient for students' purposes. A student in a 'higher school' in U.S.S.R. has to pay a monthly tuition fee between 25 and 35 roubles a month. Besides stipends, there are several other amenities which the student can enjoy *e.g.*, health resorts, pleasure trip allowances etc.

II

This very unusual contrast between the two worlds may naturally make us rather curious. We may be interested to know why education is running to rocks in countries where democratic tradition is so deeply cherished. It

[3] Concerning U.S.S.R., see (1) Beatrice King—Russia goes to School; (2) S. and B. Webb—Soviet Communism; (3) I. G. Petrovsky—Higher Education in U.S.S.R.

is, indeed, queer to observe that the 'totalitarian' Russia spends about 7% of its national income on education while the 'democratic' U.S.A. spends only 2%, half the sum the Americans spend in gambling every year. The difference is by no means too slight to be ignored. It appears that in our 'free' world there are far more important things to be looked after, for example, the football polls, the stock exchanges and on top of it all, the preparation for a war. The items are just illustrative. What emerges is the significant fact that the business of educating people is considered to be the least profitable of all businesses. Needless to say, it reveals the attitude of a social milieu that has its interest centred only on the art of acquiring money. Higher education is being given such scant attention in our democracies not only for the all too simple reason that it ranks so low in the value system of our 'rulers'. This neglect is something in the very nature of an unplanned economy resting on private profit calculations. In Max Weber's terminology, it is the difference between private rationality and social rationality that lies at the root of the present maladies. Education is meaningful in our society only if it yields a high rate of return in money terms. The problem here is not to raise the cultural level of the people. Rather it is how to maximise profits. At present, spending on education is too bad an investment to be undertaken in countries such as ours. For a mature economy, there is the problem of demand deficiency that always looms large on the horizon. If peace-time American industries cannot absorb even this very restricted number of graduates, how can we expect the American businessmen to be enthusiastic about extending higher education? The problem in an underdeveloped economy is just the other side of the picture. In one case, it is excess capital that inhibits employment. In the other, it is capital shortage that makes the problem of unemployment so intractable. We may be prone to suppose that where private initiative is lukewarm, the State may step in to fill up the gap. As a matter of fact, there are some people today, notably the welfare state theorists, who would like the police State of the 19th century to blossom into a Father Christmas State in this mid-20th century. Judged critically, there is more of wishful thinking in such a melioristic attitude than an understanding of the real historical processes.

Consider the way our modern States are behaving. In the United States especially, the armaments production has run into astronomical figures and the Federal Government is spending a huge sum on defence expenditure every year. For the fiscal yetar 1950, the defence expenditure alone amounted to 52% of the total budget whereas the combined estimated State outlay on social security, housing, health, education and labour comprised only 8%. As compared with 1939, the military spending has grown by 2200%. Again, the government classification has its own logic. $50 million appropriation for the F.B.I. is included in the category of "Social Welfare, Health and Security'!

In India, the accent of government spending is no different. We are, of course, not living in a war-economy but judging by our limited resources, we are spending an inordinate amount on defence. For the Fiscal Year, 1954-55, the estimated defence expenditure comes to 205·62 crores or 45·6% of the total central budget. The government is at present trying to carry out a 5-year plan for reorganising the economic structure. But it is rather queer to observe that compared with the pre-plan year 1950-51, defence expenditure has increased by 40 crores. Whether all this expenditure is necessary in absolute terms, we cannot possibly examine here. But that education is being neglected cannot be denied. The Planning Commission makes recommendations for restricting higher education only to the most competent few. It considers the raising of the age limit of admission to Universities a very urgently needed reform. But it pays little attention, if any, to the problem of minimising the costs of higher education. No elaborate programme is being envisaged of changing the 'literary' character of the present education so that we may have many more technically competent people. The problem of skill formation is a very important one in development planning. And a planning commission that fails to consider it in some detail is doing much less than what it is expected to do. Since the alternative sources of finance for higher education practically do not exist in our country, the neglect shown by the State is really dangerous. If the objective is to utilise our manpower fully, it is time that the government threw away its characteristic thriftiness with regard to education. For the year 1950-'51, the budgeted expenditure on education amounted to Rs. 1·72 crores out of a total of 343·9 crores—a really insignificant amount. From this, it is rather easy to see that the fact of under-development of the national economy cannot alone explain the striatened finances of the Colleges and Universities.

III

Our task in this editorial was primarily reporting. But any report remains incomplete if it does not end with some suggestion or other. Our discussion has emphasized at least one point, that the student problems and the broad social problems are very closely interwoven. Consequently, it is rather superficial to consider the former apolitically and in abstraction from the prevailing economic conditions.

